# যোগিক ব্যায়াম

প্রথম ভাগ

—আসন—

#### পরিবাদক শ্রীমৎ স্বামী জগদীশ্বরানন্দ প্রণীত



শ্রীরামকৃষ্ণ ধর্মচক্র বেলুড় প্রকাশিকা-সন্নাসিনী গৌরীমা অধাকা, প্রীরামকৃষ্ণ ধর্মচক্র ২১:এ গিরিশ ঘোষ রোড, বেলুড় পোষ্ট -- বেলুড়মঠ, হাওড়া, পশ্চিমবঙ্গ

> প্রথম সংস্করণ--১৩৫৪ দ্বিতীয় দংস্করণ--১৩৫৭ ততীয় সংস্করণ-: ৩৬৩

#### প্রাপ্তিস্থান :—

১। মহেশ লাইবেরী

২। সংস্কৃত পুস্তক ভাণ্ডার

২/১, স্থামাচরণ দে স্ত্রীট,

లు. विधान मुद्रुगी.

কলেজ স্বোয়ার, কলিকাতা-৭৩

কলিকাতা-৬

৩। শ্রীরামকৃষ্ণ বুক স্টল 🕟 ৪। সর্বোদয় বুক স্টল

দক্ষিণেশ্বর কালীবাড়ি, কলিকাতা-৩৫ হাওড়া ফেঁশন (Rly)

१। (म तूक (मोत

১৩. বন্ধিম চ্যাটার্জি স্টাট.

কলিকান্ডা-৭৩

গ্রন্থন- বাধানাথ দক

প্রিণ্টার-শ্রীবিজয়ক্ষঞ্চ সামস্ত

অন্নপূৰ্ণা বাইন্ডিং ওম্বাৰ্কস

বাণীঞী

६३, भीनवृत्त ठळवरडौ लान, कलिकाछा-७ ১८/১, श्रेयत भिनन लान, कलिकाछा-७

#### প্রথম সংস্করণের নিবেদন

১৯৪০ খ্রীষ্টাব্দের শেষ ভাগে আমি যখন হরিদ্বারবাসী ছিলাম ভখন এই পুস্তক রচিত হয়। নানা কারণে এত দিন পুস্তকধানি প্রকাশিত হয় নাই ? যৌগিক ব্যায়াম সম্বন্ধে বাংলা ভাষায় একধানিও পৃথক্ পুস্তক নাই। অথচ আজকাল বঙ্গদেশের বহু স্থানে উক্ত ব্যায়ামের অনুশীলন হইতেছে। সম্ভবতঃ ১৯৬৯ এবং ১৯৪০ খ্রীষ্টাব্দে 'রামধন্ম' পত্রিকায় যৌগিক ব্যায়াম সম্বন্ধে হুইটি সচিত্র প্রবন্ধ লিখিয়াছিলাম। সেই প্রবন্ধদ্বয় পাঠান্তে অনেক পাঠক আমাকে পত্র দ্বারা জিজ্ঞাসা করিতেন, 'বই প্রকাশিত হইল কি না ?' সেই অভাব দ্রীকরণার্থ এই ক্ষুদ্র পুস্তক অসংখ্য ক্ষম্বিধা সত্ত্বেও প্রকাশিত হইল।

প্রায় ত্রিশ বংসরাধিক আমি যৌগিক আসনাদি অভ্যাস করিতেছি। হাইস্কুলে পভিবার সময়ও জনৈক যোগীর নিকট যোগাসনাদি শিক্ষা করিয়াছিলাম। সন্ন্যাসী হইবার পর ঐ সম্বন্ধে সংস্কৃত, বাংলা এবং ইংরাজিতে লিখিত বহু প্রস্কু অধ্যয়ন করিয়াছি। বিশেষতঃ স্বামী কুবলয়ানন্দের 'আসন' এবং 'প্রাণায়াম' এবং জীযোগেল্রের 'Yoga Personal Hygiene' প্রভৃতি ইংরাজী প্রস্কু অবলম্বনে এই পুস্তক প্রশীত। স্বামী কুবলায়নন্দের 'আসন' নামক ইংরাজী পুস্তক এবং 'যোগমীমাংসা' জার্নাল' শীর্ষক ইংরাজী বৈমাসিক পত্রিকা অবলম্বনে কয়েক খানি ইংরাজী ও হিন্দি পুস্তক প্রশীত হইয়াছে। কুবলয়ানন্দ প্রবৃত্তিত যৌগিক ব্যায়াম বিংশ শভান্ধীতে ভারতের বহু স্থানে এবং স্বন্ধ আমেরিকাতেও প্রচারিত হইয়াছে। আমেরিকার ইয়েল বিশ্ববিভালয়ের শরীরচর্চার অধ্যাপক

ভারতে আসিয়া কুবলয়ানক্ষতীর নিকট আসনাদি শিক্ষা করিয়া স্থীয় বিশ্ববিদ্যালয়ে প্রচলন করিয়াছেন। স্থামী কুবলয়ানক্ষের যৌগিক পদ্ধতির সংক্ষিপ্তসার এই পুস্তকে প্রদত্ত হইয়াছে।

এই পুস্তকে যৌগিক ব্যায়ামসমূহের বিবরণ ও ছবি থাকায় সকলেই পুস্তকের সাহায্যে ব্যায়াম অভ্যাস করিতে পারিবেন। এই ব্যায়ামপদ্ধতি পূর্ণাঙ্গ এবং বৈজ্ঞানিক। ইহা নিত্য অভ্যাস করিলে সাস্থ্যরক্ষার জন্ম অন্ম ব্যায়ামের প্রয়োজন নাই। তবে ইহার সঙ্গে অন্মন্য বা ক্রীড়া করিলেও কোন অনিষ্টের আশঙ্কা নাই। সমগ্র পুস্তকটী মনোযোগের সহিত একাধিক বার পাঠাস্তে এই ব্যায়াম চর্চায় ব্রতী হইলে কোন জ্ঞাতব্য অবশিষ্ট থাকিবে না। কোন সংঘ বা প্রতিষ্ঠানের আহ্বানে বর্তমান গ্রন্থকার যৌগিক ব্যায়াম প্রদর্শন এবং এই ব্যায়াম-বিজ্ঞান সম্বন্ধে আলোচনা করিতে প্রস্তুত আছেন। বাংলার বালকবালিকা এবং যুবক্যুবতীগণ এই ব্যায়াম-পদ্ধতি নিয়মিত ভাবে অভ্যাস করিয়া পূর্ণ স্বাস্থ্য এবং দীর্ঘ জীবন লাভ কঙ্কক—স্বীরচরণে এই প্রার্থনা। ইতি—

শ্রীরামক্বন্ধ সঠ বেল্ড্সঠ, হাওড়া শ্রাবণী পূর্ণিসা, ১৩৫৪

### বিষয়-সূচী

বিষয়		পত্ৰান্ধ	বিষয়		পত্ৰাক
আধ্নিক প্রবর্তক	•••	>	উড্ডীয়ান		৬৭
বিশেষত্ব		ء	নোলী	•••	હ્ય
বিধি		२ 8	হুপ্ত বজ্রাসন	•••	۹۶
প্ৰাসন	•••	৩৩	শীর্ধাসন	•••	१७
ভুজস্পান		<b>৬</b> ৮	ময়্রাদন		₽•
শলভাসন	,	82	হলাসন	• • •	৮8
ধহুরাসন		88	পশ্চিমোত্তান আগন	•••	৮৭
কুকুটাসন		86	পদহস্তাসন		وم
গোরকাসন	•••	86	ত্তিকোণাসন	•••	۶۶
<b>সিদ্ধা</b> সন	•••	•	শবাসন		৯২
অর্ধবদ্ধ পদ্মাসন '		৫৩	<b>স্ব</b> স্তিকাসন		۶۹
চকাসন	•••	48	সমাসন	•••	22
স্বাঙ্গাদন	•••	৫৬	কতিপয় স্বাস্থ্যতথ্য	•••	दद
মংশ্রু.সন		৬৽	চুরাশী আদনের তালিকা	• • •	১১৬
যোগমূজা		હર	পরিশিষ্ট	•••	<b>১</b> २७
অধ্যংক্তেক্রাদন		٧8	* * *		

মার্কিন ডাক্তার কেলগের অভিমত—নালীহীন গ্রন্থিবর্গ-দৈহিক উচ্চতা বৃদ্ধি—মায়্-বিজ্ঞান—গ্রাপেণ্ডিসাইটিসের মৌগিক চিকিৎসা—রক্তচাপ বৃদ্ধি ও হ্রাস - শীর্ষাসনে ও সর্বাঙ্গাসনে ও মংক্তাসনে রক্তচাপ পরীক্ষা—ধৌতি—বস্তি

### চিত্র-পরিচিতি

#### প্রকার

১ম	চিত্র – যোগীরাজ মাধবদাস	\$8哨	চিত্র - অর্ধমৎশ্রেক্সাসন
২য়	" — পদ্মাসন	<b>30</b> 可	" – উড্ডীয়ান
ৎয়ু	" — ভূজকাদন	় ১৬শ	" – নৌলী মধাম
8र्थ	" —শলভাদন	) ११४	" —ডান নৌলী
44	" —ধহুরাসন	364	" <del>– হণ্ড</del> বজ্ৰাদন
৬ৡ	"—কুকুটাসন	79 <b>4</b>	" — नौर्यामन
৭ম	" — গোরকাসন	२० म	" —মযুৱাদন
৮ম	" – সিদ্ধাসন	२ऽभ	" —श्वामन
न्य	" — অর্ধবদ্ধ পদ্মাসন	२२ म	" – পশ্চিমোতানআসন
১ <b>৽</b> ম	" – চক্ৰাসন	২৩শ	" —পদহস্তাদন
) > M	" – দ্বাঙ্গাদন	२ 8 व्य	" —ত্তিকোণাদন
১২শ	" —মংস্থাদন	२०भ	" —শবাসন
১৬শ	" – যোগমূজা	২৬ <b>শ</b>	" —স্বস্তিকাদন

২৭শ চিত্র – সমাসন



স্বামী জগদীখরানক মহারাজ




প্রথম চিত্র—যোগীরাজ মাধবদাস






ভূতীয় চিত্র—ভূ**জ**৵াদন



চতুৰ্থ চিত্ৰ**—শ**লভাসন





পঞ্চম চিত্র—ধহুরাদন






শ্রম চিত্র—গোরকাসন






নব্ম চিত্র-অর্ধবন্ধ পদ্মাসন



দশম চিত্র—চক্রাসন



একাদশ চিত্র—সর্বাঙ্গাসন




দাদশ চিত্র—মংস্থাসন



ত্রোদশ চিত্র—যোগমূজা






পঞ্দশ চিত্র—উড্ডীয়ান



সে:ড়শ চিত্র—মধ্যম নেট্র




নপ্ৰদুশ চিহ—ভান নৌলী




অষ্টাদশ চিত্ৰ—স্থ ব্ৰজাসন




উনবিংশ চিত্র—শীধাদন




বি:শ চিত্র—মধ্রাদন



একবিংশ চিত্র—হলাসন




দ্বাবিংশ চিত্র—পশ্চিমোক্রাসন



ত্রাবিংশ চিত্র-পদহস্তাসন




চতুৰ্বিংশ চিত্ৰ – ত্ৰিকোনাসন




পঞ্চবিংশ চিত্র - শ্বাসন









#### তৎ সৎ

## যোগিক ব্যায়াস

### আধুনিক প্রবর্তক

স্থাধীন মহাভারতের অস্তান্ত প্রদেশের ক্যায় বাংলা দেশেও সম্প্রতি যৌগিক ব্যায়ামের অভ্যাস বাড়িয়া যাইতেছে। নানা স্থানে যৌগিক ব্যায়ামের প্রদর্শনী ও শিক্ষাদান এবং তৎসম্বন্ধে বিবিধ প্রবন্ধ ও পৃস্তকের প্রকাশ হইতেছে। সন ১০৫৬ সালের মধ্য ভাগে বাঙ্গালী ব্যায়ামবীর শ্রীশ্রামস্কর গোস্বামী এবং তাঁহার স্বযোগ্য শিশ্র ডাঃ দীনবন্ধ্ প্রামাণিক স্থইডেনের রাজধানী স্টকহোম সহরে আহত লিঙ্গিয়াডে বা আন্তর্জাতিক শরীরচর্চা সম্মেলনে পৃথিবীর চৌষ্টি দেশের প্রতিনিধিরূপে সমবেত পনের হাজার ব্যায়ামবিদের সমক্ষে যৌগিক ব্যায়াম দেখাইয়া ভূয়সী প্রশংসা লাভ করিয়াছেন। বর্তমান যুগে যোগাসনগুলিকে বিজ্ঞানের আলোকে যৌগিক ব্যায়ামরূপে প্রথম প্রবর্তন করেন বোম্বাই নগরের স্বামী ক্বলয়ানক্ষ ও শ্রীযোগেক্স।

উভয়েই বাঙ্গালী হঠবোগী মাধবদাসজীর প্রিয় শিশ্য। স্থতরাং যোগীরাজ মাধবদাসই বর্তমান যুগে যৌগিক ব্যায়ামের প্রথম প্রবর্তক। প্রথম চিত্র তাঁহার বৃদ্ধাবস্থার ছবি। বাংলা দেশে তাঁহার নাম অবিজ্ঞাত হইলেও পশ্চিম ভারতে তাঁহার ভক্তশিশ্রের সংখ্যা অল্প নহে। নর্মদাতীরে মালসার নামক প্রামে তৎপ্রভিত্তিত আশ্রম অক্তাপি বিভ্যমান এবং গুজুরাট ও বোম্বাইয়ের অধিবাসীদের নিকট একটা তীর্থস্থানরূপে পরিগণিত। মহাযোগী মাধবদাস তাঁহার পূর্বাশ্রমের কথা কাহারো নিকট অধিক ব্যক্ত করেন নাই। নদীয়া জেলার অন্তঃপাতী শান্তিপুরের নিকটে কোন প্রামে মুখোপাধ্যায় বংশে তাঁহার জন্ম হয়। বাল্যকালে অধ্যয়নে তাঁহার মৃতীক্ষ মেধা ও গভীর মনোযোগ প্রকটিত হয়। প্রগাঢ় অধ্যবসায় সহায়ে তিনি সংস্কৃত, বাংলা ও ইংরাজিতে অসাধারণ ব্যুৎপত্তি লাভ করেন। ছাত্রজীবন সমাপ্ত হইলে মাতাপিতা প্রিয় পুত্রের বিবাহের ব্যবস্থা করিলেন; কিন্তু বিবাহের নির্দিষ্ট তারিখের কয়েক দিনমাত্র পূর্বেই মেহময়ী জননী লোকান্তরিতা হন এবং অপ্রত্যাশিতভাবে প্রস্তাবিত

ইহার ছই বংসর পরে যখন পুত্রবংসল পিতা পুত্রের দ্বিতায় বার বিবাহের সমস্ত বন্দোবস্ত করিলেন তখন তাঁহার আকন্মিক মৃত্যু হওয়ায় ভবিয়ুৎ যোগীর বিবাহ চিরতরে বন্ধ হইয়া যায়। দিব্যু কর্মের উদ্দেশ্যে তাহাকে চিরকুমার রাখিবার জ্বাই যেন এই ছই আকন্মিক ছর্ঘটনা উপস্থিত হইল। মাত্র বিশ বংসর বয়সে মাতাপিতাকে হারাইয়া প্রিয়পুত্র শোকাকুল হইলেন এবং সংসারে অভিশয় উদাসীন হইয়া পজিলেন। আর্থিক অভাবের, তাজনায় তাহাকে তখদ একটি সরকারী চাকুরী লইতে হয়। কর্মদক্ষতার কলে তিন বংসরের মধ্যেই তিনি স্থনাম অর্জন এবং বিচার বিভাগে উচ্চ পদ লাভ করেন। সেই সময় সহকর্মীদের কুচক্রাস্থে মর্মাহত হইয়া তিনি সংসার ত্যাগের সংকল্প করেন এবং একদিন সকলের অ্লভাতসারে গৃহত্যাগী হন। গৃহত্যাগের পর প্রথমে তিনি প্রীচৈতক্ত সম্প্রদায়ের কোন গুকুর নিকট দীক্ষা

লইয়া ভক্তিমার্গে সাধন করেন; কিন্তু যোগশিক্ষার বাসনা দ্রদয়ে বলবতী থাকায় তরুণ সাধু যোগীগুরুর সন্ধানে ভারতব্যাপী তীর্থবাত্রায় বহির্গত হন।

পূর্বে মণিপুর হইতে পশ্চিমে দারকা এবং দক্ষিণে কুমারিকা হইতে উত্তরে তিবাত পর্যান্ত স্থিনাল মহাভারতের প্রধান প্রধান তীর্থস্থানগুলি তিনি সেই সময় পর্যাটন করেন। তীর্থস্রমণ কালে যে সকল যোগীর সহিত তাঁহার সাক্ষাৎ হয় তাঁহাদের নিকট যোগাশিক্ষা ও যোগসাধনে তিনি ব্রতী হন। এইরূপে দীর্ঘ ত্রিশ বর্ষ যাবৎ তিনি দেবপ্রিয় ভারতভীর্থ এগার বার পদব্রজে পরিস্রমণ করেন। গ্রীষ্টীয় ১৮৫৭ অবে সিপাহী বিজ্ঞাহের অঙ্গ কাল পরে মহাযোগীরূপে তাহার স্থ্যাতি চারিদিকে ছড়াইয়া পড়ে। সেই সময় প্রয়োজনীয় নির্জনতার সন্ধানে তিনি হিমালয়ের নিভ্ত কন্দরে আশ্রয় গ্রহণ করেন। তথন তাঁহার বয়স প্রায় বাট বৎসর। হিমালয়ে বিশ বৎসর কঠোর যোগসাধনার পর তাহাকে করাচীতে এক মঠের অধ্যক্ষরূপে দেখা বায়। উক্ত মঠের সম্প্রদায়ে চার পাঁচ শত সাধু থাকিতেন। তথন মাধ্বদাসজী অণীতিবর্ষ বয়স্ক যোগসিত্ব বিভৃতিমন্তিত মহাপুরুষ।

সেই সময় তাঁহার যোগিক বিভূতির কথা নানা স্থানে প্রচারিত হয়। কচ্ছদেশের এক ধনী ব্যবসায়ীর পূত্র জলে ডুবিরা মরিয়া যায়। যোগীরাজ শোকতপ্ত মাতাপিতার আর্তনাদে দয়ার্ল হইয়া মৃত্যুর বহু ক্ষণ পরে মৃত পূত্রকে পুনর্জীবিত করেন। একটী শৃত্য পাত্র হইতে তিনি বালকবালিকাদিগকে প্রচুর মিষ্টায় বিভরণ করিতেন। মাত্র কয়েক জনের জন্ম প্রস্তুত আহার্য্যের বারা তিনি জিন্ত প্রাষ্টের ন্যায় শত শত লোককে আহার করাইয়াছিলেন। অলোকিক

শক্তির প্রভাবে একবার দৃষ্টিপাত দ্বারা তিনি কোন উন্মাদ রোগীকে প্রকৃতিস্ত করেন। ১৯১৭ খ্রীষ্টাব্দে ফেব্রুয়ারী মাসে বোম্বাইয়ের বিখ্যাত ব্যবসায়ী স্থার বসন্জী ত্রিকমজীর মাধরানস্থিত 'ফরেষ্ট লক্ক' নামক ভবনে মাধবদাসদী শ্রীযোগেন্দ্র প্রভৃতি শিয়াগণ সহিত ছিলেন। তথায় অবস্থানকালে একটা প্রাপু ফটো লইবার সময় তিনি হঠাৎ অদৃশ্য হন। এই ঘটনার পাঁচ মিনিট পূর্বে তিনি উৎসাহী ত্রিকমজীকে ভাহার कটো লইবার প্রচেষ্টা ব্যর্থ হইবে বলিয়া ভবিয়াহাণী করিয়া ছিলেন: কারণ, ভাহার ইচ্ছার বিরুদ্ধে ফটো ভোলার আয়োজন হইয়াছিল। উক্ত ঘটনার কয়েকদিন পরে এক দরিক্র রিক্সাওয়ালা বিষাক্ত সর্পদংশনে মৃতপ্রায় অবস্থায় তাঁহার নিকট আনীত হয়। সর্পদষ্ট স্থানে একবার মাত্র ডান হাত বুলাইয়াই যোগীরাজ সংজ্ঞাহীন মুমুর্ব চেতনা ফিরাইয়া আনেন। ঘণ্টাখানিক পরে সিদ্ধযোগীর সেই হাতে ভীব্র জালা অমুভূত হয়। তিনি সমীপ্স্ত শিশুকে তাঁহার সেই হাতটী জলে ধুইয়া দিতে বলেন। হস্তধোত জলের বর্ণ গাঢ় সবুজ হইতে দেখিয়া শিশ্য আশ্চর্যাহিত হন। অলৌকিক যোগশক্তির বলে মাধবদাসজী সর্পদপ্ত ব্যক্তির দেহ হইতে যে মারাত্মক বিষ টানিয়া লইলেন ভাহাতে জলের রঙ সবুজ হইয়া গেল। শাস্ত্রে ইহাকে যৌগিক বিভৃতি বলে।

গৃহত্যাগের পর প্রায় যাট বংসর বহু স্থল পরিভ্রমণাস্তে তিনি একটী স্থায়ী আশ্রমের আবশ্বকতা অমুভব করিলেন। পর্যাটন-কালে তিনি গুজরাট প্রদেশে নর্মদা নদীর তীরবর্তী মালসার প্রামের আধ মাইল দ্বে অবস্থিত স্থানটীর প্রাকৃতিক সৌন্দর্য্যে মুগ্ধ হইয়াছিলেন। উক্ত স্থানে ১৮৮৫ খ্রীষ্টাব্দে তিনি আশ্রম প্রতিষ্ঠা

করেন। অল্প কালের মধ্যেই নিঃসম্বল যোগীবরের আশ্রমে পর্ণ-কুটীরের পরিবর্তে ইষ্টকালয় নির্মিত হইল। ধনী ও নির্ধন সকলেই তাহার আশ্রমে ধর্মালোক লাভের আশায় আসিতেন। দেশীয় রাজন্যবর্গ ও বিশিষ্ট ব্যক্তিগণের অনেককে আশ্রমে আসিতে দেখা যাইত। তিনি গঠনমূলক সমাজদেবার বিশেষ পক্ষপাতী ছিলেন। সাধুসল্ল্যাসিগণকে বর্তমান যুগের উপযোগী ভাবধারায় অরুপ্রাণিত ও সংববদ্ধ করিবার উদ্দেশ্য ১৯০৯ খ্রীষ্টাব্দে তিনি অধিল ভারত সাধু সম্মেলনের আয়োজন করিয়াছিলেন। বাংলা দেশ ও বাঙ্গালীর সংশ্রব হইতে দীর্ঘ কাল বহু দূরে থাকিলেও মাতৃভাষার প্রতি তাহার প্রগাঢ় অমুরাগ আদৌ হ্রাস পায় নাই। আমেরিকা হইতে প্রত্যাগত মুপ্রসিদ্ধ জৈনশান্ত্রবিৎ পশ্তিত লালন ১৯১৭ খ্রীষ্টাব্দের শেষভাগে একদিন মহাকবি রবীন্দ্রনাথের 'গীতাঞ্চলি' বইখানি লইয়া মাধব-দাসঙ্গীর নিকট আসেন। ভিনি বাংলা জানিলেও কয়েকটী চলিত কথার অর্থ বৃঝিতে না পারিয়া বাঙ্গালী যোগীরাজকে সেইগুলির অর্থ জিজ্ঞাসা করেন। যোগীরাজ 'গীতাঞ্চলি'র কয়েকটী কবিতা পড়িয়া এত মুগ্ধ হন যে, তাহার গুর্ত্তর দেণীয় শিশুকে উক্ত প্রস্থ গুরুরাটী ভাষার **অমুবাদ ক**রিবার **গুরু** ভার দেন। উক্ত শিশু বাং**লা** জানিতেন না। তিনি পণ্ডিত লালনের নিকট বাংলা শিখিয়া গুরুর আদেশ কার্য্যে পরিণত করেন। স্বদেশপ্রেমিক মাধবদাসঙ্গীর উৎসাহে ১৯১৮ খ্রীষ্টাব্দের জানুয়ারী মাসে 'গীতাঞ্চলি'র প্রথম গুজরাটী অমুবাদ প্রকাশিত হয়।

যোগীরাজকে দর্শন ও প্রণাম করিবার জক্ত মালসার আপ্রমে অধিক লোকসমাগম হেডু ভার সাধনভদ্ধনের বিদ্ধ ছইভে লাগিল।

তিনি মালসার হইতে চার মাইল দূরে রনপুরা নামক অন্য এক প্রামে সরিয়া গেলেন। এই ছুই স্থানেই যোগীবরের অবশিষ্ঠ প্রাত্তিশ বংসর অভিবাহিত হয়। মৃষ্টিমেয় শ্বযোগ্য শিশুকে তিনি উক্ত স্থানদয়েই যোগতত্ত্ব শিক্ষা দেন। তিনি অগণিত পুরাতন রোগীকে সরল যৌগিক প্রক্রিয়ার ব্যবস্থা দিয়া রোগমুক্ত করেন। ভক্তদের অমুরোধ এড়াইতে না পারিয়া তিনি কখনো কখনো অল্প কালের জন্স ষ্মস্তত্ত্ব যাইতেন। তিনি সাধারণকে ভক্তিমূলক উপদেশ দিলেও উপযুক্ত শিক্ষার্থীকে গুরুপরম্পরাগত হঠযোগ সাধনে দীক্ষিত করিতেন। তাহার মারাঠী শিশু ডাঃ জে. জি. জবে এবং অশু ఆজরাটী শিশু শ্রীযোগেন্দ্র গুরু আদেশে হঠযোগের বৈজ্ঞানিক অমুশীলনে ও গবেষণায় আত্মনিয়োগ করেন। স্বভরাং যোগীবর মাধবদাসই প্রকৃত পক্ষে আধুনিক যুগে যোগবিজ্ঞানের প্রথম প্রবর্তক; কারণ, তাহারই প্রেরণায় ফলিত যোগের বর্তমান পুনক্রছোধন সম্ভব হইয়াছে। ভক্তান্বরোধে বা কার্য্যব্যপদেশে তিনি বোম্বাই, বরোদা, আমেদাবাদ, স্থুরাট ও ব্রোচ প্রভৃতি স্থানে মাঝে মাঝে যাইলে নির্জনতার অভাবে তথায় অ**ন্ত**রে অম্বন্থি অনুভব করিতেন। *এই* রূপে ১৯২০ এটাব্দের শেষে বোখাই নগরে যাইরা সর্দি ও ম্যালেরিয়া রোগে আক্রান্ত হন। অল্প দিন চিকিৎসার পর তিনি মালসার আশ্রমে ফিরিয়া আদেন এবং যোগবলে বৃঝিতে পারেন যে, তাছার অন্তকাল সমাসন্ন। দেহরকার পূর্ব দিন যোগীরাজ আশ্রমে সমবেত শিশুবর্গকে জানাইলেন যে, পরদিন বেলা তিন ঘটকার সময় তিনি মহাসমাধিতে নিমগ্ন হইবেন। তদমুবায়ী পূর্ব হইতে সকল আয়োজন কর। হইল। মহাসমাধির অব্যবহিত পূর্বে তাহার একটা ফটো

ভোলা হয়। ১৯২১ খ্রীষ্টাব্দে ১০ই ফ্রেব্রুয়ারী বৃহস্পতিৰার পূর্ব-নির্দিষ্ট সময়ে যোগীরাজ মাধবদাস ১২৩ বৎসর বয়সে মহাসমাধিলাভ করেন।

তংশিশ্য ডাঃ জে. জি. শুণে সন্ন্যাস লইয়া স্বামী কুবলয়ানন্দ নামে পরিচিত হন। স্বামী কুবলয়ানন্দ বিজ্ঞানের সাহায্যে যোগাসনের গবেষণা ও পরীকা করিয়া উছার ফলাফল তং-সম্পাদিত ইংরাজী ত্রৈমাসিক 'যোগমীমাংসা জার্নালে' প্রকাশ করিতেন। উক্ত ত্রৈমাসিক পত্রিকা কয়েক বংসর নিয়মিত ভাবে প্রকাশিত এবং স্বদেশে ও বিদেশে প্রশংসিত হইয়াছিল। ভাহার ইংরাজী পৃস্তকদয় 'আসন'ও 'প্রাণায়াম' সাধারণ পাঠকপাঠিকার ষ্মতিশয় উপযোগী। উক্ত গ্রন্থদ্বয় অবলম্বনে এই 'যৌগিক ব্যায়াম' বইখানির প্রথম ও দিতীয় ভাগ রচিত। স্বামী কুবলয়ানন্দের 'আসন' নামক পুস্তকটী হিন্দি, মারাঠী প্রভৃতি ভাষায় অন্দিত এবং তদলম্বনে বহু প্রাস্থ লিখিত হইয়াছে। পাশ্চাত্য শরীরতত্ব ও স্বাস্থ্য-তত্ত্বের আলোকে তিনি যৌগিক ব্যায়ামের যে বৈজ্ঞানিক বিৰরণ দিয়াছেন তাহা নিঃসন্দেহে মৌলিক ও অপূর্ব। আসনাদি অভ্যাস-কালে দেহের মধ্যে মন্তিক ও হাৎপিতের যে সকল সুন্ধ জিয়া হয় তিনি তাহা 'এক্সরে' নামক মাংসভেদী আলোকের সাহায্যে দেখিয়াছেন। এই ভাবে যে আসনসমূহ পূর্ণ স্বাস্থ্য ও দীর্ঘ জীবন লাভের উপযোগী বলিয়া প্রমাণিত হইয়াছে সেইগুলিকেই তিনি যৌগিক ব্যায়ামরূপে অভ্যাস করিবার সরল নির্দেশ দিয়াছেন।

স্থতরাং যৌগিক ব্যায়াম সম্বন্ধে তাহার মতামতই অধুনা বিজ্ঞান-সম্মত ও যুক্তিসঙ্গত। তৎপ্রচারিত যৌগিক ব্যায়াম বোম্বাই, উত্তর- প্রদেশ প্রভৃতি অঞ্চলে ব্যাপকভাবে প্রচলিত। কোন কোন প্রদেশের বছ উচ্চ ইংরাজী বিদ্যালয়ে ও ব্যায়াম প্রতিষ্ঠানে তাহার প্রণালী অমুস্ত এবং সরকার কর্তৃক অমুমোদিত। আমেরিকার ইয়েল বিশ্ব-বিদ্যালয়ের শরীরচর্চার অধ্যাপক তাহার কাছে আসিয়া যৌগিক ব্যায়াম শিক্ষান্তে স্বদেশে ফিরিয়া স্বীয় বিশ্ববিদ্যালয়ে তাহা প্রবর্তিত করিয়াছেন। ভারত সরকারের নিখিল ভারত স্বাস্থ্যানুশীলন সমিভির সভ্যরূপে স্বামী ত্রীকুবলয়ানন্দ মনোনীত হইয়াছেন। যোগীরাজ মাধবদাসের শিশ্ব ত্রীযোগেক্রও যোগবিজ্ঞান সম্বন্ধে ইংরাজীতে কভিপয় পুস্তক লিখিয়াছেন এবং পূর্বে 'যোগ' নামক ইংরাজী প্রিকা প্রকাশ করিতেন।

ষেমন বর্তমান যুগে বাংলা দেশেই ভারতীয় ধর্ম, দর্শন, সাহিত্য সঙ্গীত, শিল্প, বিজ্ঞান, রাষ্ট্রনীতি প্রভৃতির নব জাগরণ হইয়াছে ভেমনি যোগবিজ্ঞার পুনক্রঘোধন বাঙ্গালী হঠযোগী মাধবদাস কর্তৃক আরক্ষ হইল। ইহা বাংলার পক্ষে কম গৌরবের বিষয় নহে। অচিরে অমর মাধবদাসের স্মৃতিরক্ষা বা জীবনী প্রকাশ প্রয়োজন। ফলিত যোগের অমুশীলনার্থ কলিকাতায় কোন সমিতি স্থাপিত হইলে আমি যথাসাধ্য সহযোগিতা করিতে প্রস্তুত আছি। পান্চমবঙ্গ সরকার বা কলিকাতা বিশ্ববিভালয় ইহাতে অপ্রণী হইলেই আমাদের আকাংক্ষা পূর্ণ হইবে।

#### বিশেষত্ব

যৌগিক ব্যায়ামের বিশেষত্ব কি ? এই প্রশ্নের প্রকৃত উত্তর পাইতে হইলে আমাদিগকে ব্যায়ামের উদ্দেশ্য সম্যক্রপে অনুধাবন করিতে হইবে। পাশ্চাত্য ব্যায়ামবিদ্গণ এবং তাহাদের অনুগামী ভারতীয় ব্যায়ামবীরগণের মতে মাংসপেশীর পৃষ্টিসাধনই ব্যায়ামের প্রধান উদ্দেশ্য। এইজন্ম আমেরিকার ম্যাকফেডেন, ইংলণ্ডের স্থাণ্ডোও মূলার এবং মহাভারতের রামমূর্তি, ভীমভবানী, শ্যামাকান্ত, গোবর ও মনতোব রায় প্রভৃতি ব্যায়ামবীরগণের পেশীপৃষ্ট দেহ এত প্রশংসিত। তন, বৈঠক, কুন্তি, মূপ্তর, মৃষ্টিযুদ্ধ, ভাম্বেল ভারোত্তোলন প্রভৃতি উদপ্র ব্যায়াম উক্ত উদ্দেশ্য সাধনে সমর্থ। এই সকল ব্যায়াম এবং ফ্টবল, ভলিবল, ক্রিকেট ও গলফ প্রভৃতি ক্রীড়া শীতপ্রধান দেশের উপযোগী হইলেও গ্রীত্মপ্রধান ভারতবর্ষের সাধারণ নরনারীর পক্ষে অনুপ্রোগী ও অনিষ্টকর।

মাংসপেশী পরিপৃষ্ট হইলেই দেহের পূর্ণ স্বাস্থ্য বা রোগরাহিত্য লাভ হর না। তজ্জন্ত বড় বড় কুন্তিগীর বা পালোয়ান হুদ্রোগে বা উচ্চ রক্তচাপে আক্রান্ত হন। দার্ঘ কাল অভিবিক্ত শ্রমসাধ্য ব্যায়াম অভ্যাসের ফলে শক্তিক্ষয় বৃদ্ধি হওয়ায় তাঁহাদের অনেকে দীর্ঘনীরী হইতে পারেন নাই। যৌগিক ব্যায়ামের মুখ্য উদ্দেশ্ত স্নায়ুমঙলীর পুষ্টিশাধন এবং দেহস্থিত বন্ত্রগুলির স্বাস্থ্যবিধান। স্নায়ুমঙলী দেহবন্ত্রকে চালিত করে এবং মন্তিক হইতে অঙ্গ-প্রত্যক্তে আদেশ বহন করে। ইহাদের দ্বারাই মাংসপেশীর সর্ব ক্রিয়া নির্মন্ত্রিত হয়। কোন অঙ্গের একটি মাত্র স্নায়ু নিজ্ঞিয় হইলেই উক্ত অঙ্গ অচল হইয়া পড়ে। যৌগিক ব্যায়ামের স্নায় অস্ত কোন ব্যায়াম স্নায়্মগুলীকে পরিপুষ্ট করিতে পারে না। স্নায়ুজাল স্বস্থ ও সবল থাকিলে রোগাক্রমণের আশঙ্কা থাকে না। কুন্তি প্রভৃতি উদপ্র ব্যায়ামের দ্বারা অনেক লোকের স্নায়ুজাল বা মন্তিক বা হাংপিও হুর্বল হইয়া পড়ে। দেহের ও মনের শক্তিক্ষয় নিবারণে যৌগিক ব্যায়াম অদিতীয়; কিন্তু অস্তাম্থ বাায়াম প্রণালী অত্যুক্ত বলিয়া শক্তিক্ষয় বৃদ্ধি করে। এইজন্ত যাহারা সমধিক মানসিক পরিশ্রম করেন তাহাদের পক্ষে যৌগিক ব্যায়াম সর্বাপেক্ষা উপযোগী। অস্তান্ত ব্যায়াম পদ্ধতিতে মাত্র কতিপয় অঙ্গপ্রত্যক্ষের ব্যায়াম হয়; কিন্তু যোগাসনের দ্বারাই দেহের সর্বাঙ্গীন ব্যায়াম সম্ভব।

স্বামী কুবলয়ানন্দ তাহার 'আসন' নামক প্রাসিদ্ধ ইংরাজী পুস্তকে বলেন, "যোগাসনের ঘারা সমগ্র শরীরের যান্ত্রিক শক্তি বৃদ্ধি পায় এবং মেরুদণ্ড, মন্তিষ্ক ও ফুসফুসাদি প্রধান প্রধান বন্ধুগুলি সবল হয়।" মানব দেহের সকল বন্ধু তস্তময়। তস্তর (tissue) স্বাস্থ্যরক্ষার জন্ম আবশ্রক প্রথমতঃ প্রয়োজনীয় পুষ্টির নিয়মিত সরবব্রাহ এবং নালীহীন গ্রন্থিসমূহের (এণ্ডোক্রিন গ্র্যাণ্ডের) আভ্যন্তরীণ রস নিঃসরণ দ্বিতীয়তঃ যথাসময়ে মলমুত্রাদি অসার দ্রব্যের অপসারণঃ এবং তৃতীয়তঃ স্বায়ুসংযোগগুলির সভেজ ক্রিয়া। তন্তসমূহের পুষ্টির জন্ম প্রোটিন, ফ্যাট (স্বেহজাতীয় পদার্থ), শর্করা, লবণ এবং অক্সিক্রেন আবশ্রক। এইগুলি রক্তের ঘারা সকল তন্ততে প্রেরিত হয়। প্রথম চারি দ্রব্য ভুক্ত ও পীত খাল্প হইতে এবং পঞ্চমটি

ফুস্ফ্সে প্রবিষ্ট বায়ু হইতে রক্তে গৃহীত হয়। স্বভরাং পরিপাক যন্ত্র ও শ্বাসযন্ত্র স্বস্থ সবল না থাকিলে তন্ত পূষ্ট হয় না। ভ্জেক্তরা পরিপাকের জন্ম পাকস্থলী, ক্ষুদ্রান্ত্র, অগ্ন্যাশয় (pancreas) এবং যক্তর সক্রিয় হয়। এই চারি যন্ত্রই ভলপেটের (pelvis) উপরে অবস্থিত। এই পরিপাকযন্ত্র চভূষ্টয় প্রাকৃতিক বিধানে দিবারাত্রির চবিবশ ঘন্টা স্বভঃক্রিয় মৃত্ব মর্দন পাইতেছে। প্রভাকে প্রশাস ভ্যাগের সময় ভলপেটের সম্মুখস্থ পেশীগুলি সঙ্ক্তিত হইয়া উল্লিখিত যন্ত্রগুলিকে ভিতরের দিকে ও উপরের দিকে ঠেলিয়া দেয়। আবার নিঃশ্বাস গ্রহণের সময় বক্ষঃস্থল ও কৃক্ষির মধ্যবর্তী পেশী (diaphragm) ভলপেটকে নীচের দিকে ও সম্মুখের দিকে চাপ দেয়। এইরূপে নিঃশ্বাস গ্রহণ বা প্রশ্বাস ভ্যাগের সময় প্রভাক মিনিটে চৌন্দ হইতে আঠার বার পরিপাক যন্ত্রগুলি ভলপেটের মাংসপেশীসমূহের দ্বারা মৃত্বভাবে মর্দিত হয়। এই স্বাভাবিক মর্দন ভাহাদের স্বাস্থ্যরক্ষা করে। যাহাদের হন্ধম শক্তি ক্ষীণ ভাহাদের ভলপেটের পেশীগুলি

যাহাদের হজম শাক্ত কাণ তাহাদের তলপেতের পেশাঞ্জাল কঠিন ও হুবল হয়। পরিপাক ক্রিয়া অক্ষুণ্ণ রাখিতে হইলে তলপেতের পেশাগুলিকে সবল ও নমনীয় রাখা দরকার। ইহা একটি সর্বস্বীকৃত বৈজ্ঞানিক সভ্য বে, সম্প্রসারণ ও সঙ্কোচন ঘারা পেশাগুলির কর্মশক্তি ও নমনীয়তা বাড়ে। ভুজ্জাসন, শলভাসন ও ধনুরাসন ঘারা তলপেতের সন্মুখস্থ পেশাগুলি সম্প্রসারিত এবং পশ্চাতের পেশাগুলি সন্ধৃচিত হয়। যোগমুলা, পশ্চিমোন্তান ও হলাসন ঘারা তলপেতের অগ্রবর্তী পেশাগুলি সন্ধৃচিত এবং পশ্চাত্রতী পেশাগুলি প্রসারিত হয়। এই হয় আসন ঘারা তলপেতের সন্মুখস্থ ও পশ্চাত্রতী পেশীগুলি প্রসারিত হয়। এই হয় আসন ঘারা তলপেতের সন্মুখস্থ ও পশ্চাত্রতী পেশীগুলি প্রসারিত হয়। এই হয় আসন ঘারা তলপেতের সন্মুখস্থ

অর্দ্ধনংস্তেক্রাসন প্রভৃতি দ্বারা তলপেটের ছই পাশের পেশীগুলির ব্যায়াম হয়। শলভাসন দ্বারা ডায়াক্রাম (diaphragm) এর প্রচূর ব্যায়াম হয়। যখন আমরা উড্ডীয়ান ও নৌলীর আলোচনা করিব তখন যৌগিক ব্যায়ামের প্রকৃত বিশেষত্ব আরম্ভ বৃঝিতে পারিব। উক্ত আসন ছইটির দ্বারা তলপেটর পেশাগুলির লম্বভাবে ও ছই পার্শ্বে ব্যায়াম হয়। এই ছই আসনের সমকক্ষ ব্যায়াম অন্ত কোন পদ্ধতিতে নাই।

আমরা পূর্বেই বলিয়াছি যে, রক্তদঞালন দ্বারা ভরুদমূহে পুষ্টি বাহিত হয়। হৃৎপিণ্ড, ধমনী (artery), শিরা (vein) ও কৈশিক (capillary) দারা স্বাক্ষে রক্ত স্ঞালিত হয়। ফ্রংপিওই রক্ত সঞ্চালনের প্রধান কেন্দ্র ৷ ইহার সঙ্কোচন ও সম্প্রদারণ দ্বারা সর্বাক্তে রক্ত চালিত হয়। ইহা উৎকৃষ্ট পৈশিক উপাদানে গঠিত। উড্ডীয়ান ও নৌলীর দারা হৃৎপিওকে আরও সবল ও সক্রিয় করা যায়। ভূজকাসন, শলভাসন, ধরুরাসন, স্বাক্সাসন ও হলাসনে ত্বংপিতের পেশীভলির উপর খুব চাপ পড়ে। রক্তসঞ্চালক যন্ত্রসমূহের মধ্যে শিরাগুলি সর্বাপেক্ষা ছুর্বল। অথচ তাহাদিগকে দেহের সমস্ত স্থান হইতে রক্ত সংগ্রহ করিয়া মাধাাকর্ষণ শক্তির বিরুদ্ধে শ্বংপিণ্ডের রক্ত চালাইতে হয়। এই কঠিন কার্য্যের জন্ম শিরাওলি অনেক সময় আরো হুর্বল হইয়া পড়ে। স্বাস্থ্যরকার জন্ম ভাহাদিগকে বহিঃসাহায্যের উপর নির্ভর করিতে হয়। শীর্ষাসন ও সর্বাঙ্গাসন দ্বারা শিরাসমূহ আবশ্বকীয় বিশ্রাম পায়। উক্ত বিশ্রাম কণিক হইলেও ইহা ভাহাদের স্বাস্থ্য বিধানে সমর্থ।

অক্সিজেন তন্ত্রসমূহের অক্ততম পুষ্টিকর পদার্থ। রক্ত-সঞ্চালক প্রণালীর দারা ইহা তন্ত্রসমূহে প্রেরিত হয়। প্রয়োজনীয় প্রোটন, মেহ, শর্করা ও লবণ পরিপাকপ্রণালী হইতে রক্তে গৃহীত হয়; কিন্তু অক্সিজেন শ্বাস্থন্ত দারা রক্তে মিশ্রিত হয়। এইজন্ম ফুস্ফুসের স্বাস্থ্যরক্ষা বিশেষ আবশ্যক। প্রতি তিন মিনিটে শ্রীরের সমস্ত রক্ত ফুস্ফুসের মধ্য দিয়া একবার প্রবাহিত হয়। কারণ, নাড়ীবিজ্ঞানীদের মতে প্রত্যেক মিনিটে স্বস্থ শরীরে সন্তর বা বাহান্তর বার নাড়ীর স্পান্দন হয়। প্রতি নাড়ীস্পান্দনে চার আউন্সাএবং প্রত্যেক মিনিটে সতের বা আঠার পাউও রক্ত ফুস্ফুসের মধ্য দিয়া প্রবাহিত হয়। শরীরের যত ওজন তাহার এক ত্রয়োদশাংশ রক্ত। যে শরীরের ওজন ১৫৬ পাউও তাহাতে ১২ পাউও রক্ত আছে। এই বার পাউও রক্ত ফুস্ফুসের মধ্য দিয়া সঞ্চলিত হইতে মাত্র ভিন মিনিট সময় লাগে। স্থভরংং চকিবশ ঘন্টায় শরীরের সমস্ত রক্ত ৪৮০ বার ফুস্ফুসের মধ্য দিয়া চালিত হয়। অকাতা অক্সের তায় ফুস্ফুদের ব্যায়াম অত্যস্ত আবশ্যক ৷ ফুস্ফুস ৰায়ুকোষসমূহ দারা গঠিত। যদি সকল বায়ুকোষ ক্রিয়াশীল থাকে ভাহা হইলে ফুস্ফুসের পূর্ণ স্থাস্থ্য রক্ষিত হয়। অথচ ফুস্ফুসের মাত্র এক ষষ্ঠাংশ আমরা সাধারণতঃ ব্যবহার করি এবং অবশিষ্ট পঞ্চ ষ্টাংশ অব্যবহৃত থাকে। এই অব্যবহৃত অংশে বীদ্ধাণু সঞ্চিত বা সঞ্চাত হইয়া যক্ষা, হাঁপানী, কাশি প্রভৃতি ছন্চিকিংস্ত ৰ্যাধি উৎপন্ন হয়। শলভাসন এবং ময়ুরাসনে গভীর নিঃশ্বাস প্ৰাহণ দারা যে বায়ু ফুস্ফুসে গৃহীত হয় তাহা অলস বায়ুকোষ-ভুলিকেও সক্রিয় করে।

ৰায়ুকোৰণ্ডলি একবার সক্রিয় হইবার পর বায়ুর চাপ বাড়িলে বা ক্মিলে সেণ্ডলি আর নিজিয় হয় না। শলভাসন ও ময়ুরাসনের মধ্যে প্রভেদ এই যে, প্রথমটিতে ফুস্ফুসে ৰায়্ধারণ অপরিহার্যা এবং দিতীয়টীতে ইচ্ছাধীন। কারণ অভিজ্ঞ ব্যক্তি ৰায়্কুক্তক না করিয়াও ময়ুরাসন করিতে পারেন। প্রভাহ তিন বার হইতে সাত বার শলভাসন করিতে পারেন। প্রভাহ তিন বার হইতে সাত বার শলভাসন করিলে শ্বাসযম্ভের ভল্কসমূহ অতিশয় নমনীয় এবং বায়ুকোষ গুলি (air cells) সক্রিয় থাকে। শ্বাসক্রিয়ার অবাধ গতির জন্ম ধাসনালী পরিক্ষার থাকা দরকার। উক্ত নালী টনসিল ফোলা, পুরাতন সদি প্রভৃতি দারা রুদ্ধ হয়; কিন্তু সর্বাসান, বিপরীত করণীও মৎস্থাসন টনসিল, সদি প্রভৃতি যাবতীয় গলরোগ ও নাসারোগ দ্রীকরণ দারা শ্বাসনালী পরিক্ষার রাখিতে সমর্থ। শ্বতরাং তন্ত্রর স্বাস্থ্যরক্ষার্থ পাঁচ প্রকার আহার্য্য সরবরাহ করিতে বোগাসন সর্বভোভাবে নিপুণ। পূর্বে উক্ত হইয়াছে যে, তন্ত্রর পৃষ্টিসাধন ও স্বাস্থ্যরক্ষার কন্ম নালীহীন প্রশ্বিশুলির আভ্যন্তরীন রস-নিঃসরণ উত্তমরূপে হওয়া দরকার। এখন আমরা উক্ত গ্রন্থি সমূহের আলোচনায় মনোনিবেশ করিব।

মানৰ দেহে ছই প্ৰকার মাংসগ্ৰন্থি (gland) আছে। তন্মধ্যে কভকঙলি নালীহীন (ductless), আর কভকগুলি নালীযুক্ত। লালাআবী গ্রন্থি (salivary gland), ঘর্মবহা গ্রন্থি (sweat gland), অক্রন্রারী গ্রন্থি (lachrimal gland) এবং বরুং (liver) প্রভৃতিকে নালীযুক্ত মাংসগ্রন্থি বলে। লালানিঃসারক গ্রন্থি মুখের মধ্যে অবস্থিত। ইহা হইতে নিঃস্ত লালা খাজের সহিত মুখে মিশ্রিত হইয়া খাজকে পরিপাকের উপযোগী করে। ঘর্ম-নিঃসারক গ্রন্থি দকের নীচে থাকে। আমাদের দেহে যে ঘাম বাহির হয় ভাহা উক্ত প্রন্থিনিঃস্ত রস। অঞ্চলাৰী গ্রন্থি চোখের কোণে থাকে। ইহা

হইতে ক্ষরিত রস অঞ্জ্বপে গড়াইয়া পড়ে। যকুং গ্রন্থি উদরে অবস্থিত। ইহা হইতে নিঃস্ত শিন্তরস ভূক্ত দ্রব্য পরিপাকের সহায়ক। মূত্রাশয় (kidney), প্লীহা (spleen), অণ্ডকোষ (testis) পাইরয়েড, ডিম্বাশ্য় (ovaries), পিটুইটারী ও পিনীয়াল ও আড়িনাল প্রভৃতি গ্রন্থি নালীহান। ইহাদিগকে এণ্ডোক্রিন গ্রন্থি বলে। এই স্কল প্রান্থি হইতে নি:মুভ রুসের নাম হরুমোন (hormone)। হরমোন রক্তের সহিত সাক্ষাৎভাবে মিশ্রিত হইয়া শরীরের সর্বাঙ্গে প্রবাহিত হয়। সকল ইন্দ্রিয় এবং যন্ত্রের পুষ্টি, ক্রিয়া ও স্বাস্থ্য হরমোনের উপব নির্ভর করে। নালীহীন গ্রন্থিমওলীর অধিপতি থাইরয়েড। ইহা গলনালীর হুই পার্ষে অবস্থিত। পিটুইটারী এন্থি আকারে একটা বড় বাদামের মত এবং মস্তিকের মধ্যে চারি পাশে অস্থিনির্মিত কক্ষে থাকে। পশুর শরীর হইতে পিটুইটারীর সম্মুখ অংশ বাদ দিয়া বা নষ্ট করিয়া দেখা গিয়েছে, পশুদেহের আকার ছোট হইয়া যায়। শিশুকালে যদি পিটুইটারী গ্রন্থি অধিক সক্রিয় হয়, তাহা इहेरन प्राट्य हाक् व्याकारत श्रुव वाक्षिया याय। प्र वयस हहेरन অতিশয় দীৰ্ঘকায় বা ধ্বাকৃতি হয়। তথন শিশুকে গরিলা বা দানবের মত বিকৃত দেখায়। পিনীয়াল এস্থির প্রভাবে যুবকদের মুখে দাড়ি গোঁফ উঠে না। পিটুইটারীর ভায় পিনীয়াল এছি মাথায় অবস্থিত। যাহাদের পিটুইটারী এন্থি অধিক বর্ষিত তাহাদের হাত পা অধিক লোমশ হয়। অওকোষ হইতে নিঃম্ভ রস রক্তে মিশ্রত হইয়া পুরুষ-**(महत्क योवनाविक करत्र । भूक्यामरह योन बाध जानिवात भू**र्व অস্ত্রোপচার দ্বারা অওকোষ বাদ দিয়া দেখা গিয়াছে, সেই পুরুষের জননেপ্রিয় ভেমনভাবে পুষ্ট হয় না, তাহার মুখে দাভ়ি গোঁফ দেখা

দেয় না। বিখ্যাত বৈজ্ঞানিক ডাঃ ভরেন হফ (Vren Hoff)
অওকোষবিহীন জন্তুর দেহে অক্ত জন্তুর দেহ হইতে অওকোষ কাটিয়া
আনিয়া লাগাইয়া দেখাইয়াছেন, কি আশ্চর্যা ফল হয়। অওকোষ
শরীরের মধ্যে লাগাইয়া দিবার পর উক্ত পশুর প্রজনন শক্তি ফিরিয়া
আসে। বৃদ্ধ ব্যক্তির দেহে নৃতন অওকোষ লাগাইয়া দিলে পুনরায়
ভাহার যৌবন জাগ্রত হয়।

পিটুইটারীর প্রভাব যাহাদের উপর অল্প থাকে তাহারা সহজেই আত্মবিশ্বাস হারায় ও সামাত ত্বংশে কাতর হয়: যাহাদের উপর পিটুইটারার প্রভাব অধিক ত'হ'রা খব গুঃসাহসী ও আক্রমণকারী হয়। বৈজ্ঞানিকগণের মতে নেপে।লিয়নের উপর পিটুইটারার প্রভাব অত্যধিক ছিল। সেইজত্ম তিনি প্রায়ই মাধার অস্থবে ভূগিতেন এবং মাঝে মাঝে বমন করিয়া মূচ্ছিত হইতেন। তাহার মৃত দেহে অস্ত্রোপচার করিয়া ডাঃ হেনরী দেখিয়াছেন, তিনি পিটুইটারী প্রধান পুরুষ ছিলেন। অন্তিম জীবনে তাহার দেহে পিটুইটারীর অভাব লক্ষিত হইয়াছিল। সেই জত্ম আফ্রাকার দক্ষিণে আটলান্টিক মহাসাগরের সেন্ট হেলেনা দ্বীপে বন্দা-জীবনে তিনি সর্বদা অত্যন্ত অবসন্ধ থাকিতেন এবং পেটে ক্যান্সার হওয়ায় মৃত্যুমূবেণুতিত হন।

মানব শরীরে রক্তের মধ্যে যে ক্যালসিয়াম আছে তাহার অন্তিত্ব মূখ্যতঃ এই নালীহীন প্রান্থিলির উপর নির্ভর করে। থাইরয়েড হইতে নিঃমৃত রসকে থাইরক্সিন বলে। ইহা হইতে ক্ষরিত রস কম বা বেশী হইলে নর দেহের হাজের নানা রূপ বিকৃতি ঘটে এবং ৰাহ্য আকৃতিও পরিবর্তিত হয়। মাধায় টাক পড়া এবং চক্ষ্ কোটরগত ও স্বপ্লাতুর হওয়ার কারণও ইহাই। থাইরেয়েড প্রস্থি নিস্তেজ ও চুৰ্বল হইলে দেহ স্বাস্থ্যহীন ও ব্যাধিমন্দির হয়। এীৰ সাহেৰ রোগভন্ত সম্বন্ধে উাহার ইংরাজী এন্তে লিখিয়াছেন, "থাইরয়েড এছি হইতে রসনিঃসরণের ব্যাঘাত হইলে কোর্চবদ্বতা, চর্মরোগ, স্নায়ৰিক চুর্বলভা, মানসিক অবসাদ, চিম্বা ও ৰাক্যের মন্দগভি, দৈহিক ওছনের হ্রাস এবং চর্বির অঙ্গভা প্রভৃতি রোগ জন্ম। শিশুদেহে থাইরয়েডের ক্রিয়া নিস্তেজ হইলে মানসিক হুর্বলভা, হস্তপদাদি অঙ্গশ্রভাজের স্থুলভা, উদরের মেদবৃদ্ধি দৃষ্টিকীণভা, ৰধিরতাদি অত্মৰ হয়।" এীণ সাহেৰ তাহার উক্ত গ্রন্থে এই সম্বন্ধে আরও বলিয়াছেন, "পশুদেহে উক্ত গ্রন্থিভিলি তুলিয়া ফেলার পর पिथा शिग्राष्ट्र, ভাহাদের পেশী**ও**লি সন্তুচিত ও ছুর্বল হইয়া যায়।" নরদেহে হস্তপদম্পাদির সঙ্কোচন প্রভৃতি দেখা দিলে উহাকে **हि** होनी द्वांश वरण । हि होनी, मृत्री अवर मृद्धांपि द्वांशं अकड़े कांद्रत्व উৎপন্ন হয়। পুষ্টিকর আহারের অভাব, শুক্রতারল্য, কঠিন রোগ, কঠোর পরিশ্রম বা অসংযত জীবন যাপনের ফলে থাইরয়েড এছি ছুর্বল হয়। বাহাদের শরীর হইতে কোন কারণে অস্ত্রোপচার দারা থাইরয়েড গ্রন্থি তুলিয়া ফেলা হইয়াছে তাহাদের অকাল বার্ধক্য খাসে। তাহাদের স্বাস্থ্য চিরতরে ভাঙ্গিয়া যায় এবং তাহারা মৃতবৎ জীবন বাপন করে। স্নায়ুমঙলীস্থ ভন্তসমূহের কোবঙলি থাইরয়েডের तरमरे পतिপूष्ठे रहा। थारेतरहरू अन्धि निरम्ब रहेल क्रुशमान्त्र, শিরংপীড়া, নিজালুডা, সর্দি, কাশি প্রভৃতি অনুধ লাগিয়া থাকে। এম. এম. লিওপল্ড লেভি এবং এইচ-ডি-রবচাইল্ড নামক বৈদেশিক रिक्छानिकशन शरवरण चात्रा धामान कत्रिमारहन रव, बाहेबरम् अहि নিজ্ঞির হইলেই শরীর জরাঞ্জ হয়।

এই জন্ম ইংলতের মূলার এবং আমেরিকার ম্যাকফেডেন প্রভৃতি ব্যায়ামবীরগণ থাইরয়েডকে সঙ্গীব ও সতেজ রাখিবার জন্ম বিবিধ ব্যায়াম উদ্ভাবন করিয়াছেন: কিন্তু তাঁহাদের উদ্ভাবিত ব্যায়াম অপেকা যৌগিক স্বাঙ্গাসন শত গুণে উৎকৃষ্ট, ফলপ্রদ ও স্বাস্থ্যকর। অধীয়ার বিশ্ববিধ্যাত বৈজ্ঞানিক ডাঃ ভরেন হফ্ মনুষ্যাদেহ হইতে নিজিয় নিত্তেজ থাইরয়েড গ্রন্থি অন্ত্রসাহায্যে ভূলিয়া ফেলিয়া তৎপরিবর্ডে বানরের গল-গ্রন্থি বসাইয়া অনেককে পুনর্যোবন দান করিয়াছেন। ভারতের কোন কোন ধনী ব্যক্তি অঞ্চপ্র অর্থবায়ে বিদেশে যাইয়া স্বীয় অকর্মণ্য পাইরয়েডের স্থলে বানরের পাইরয়েড বসাইয়া দীর্ঘ জীবন ও পুনর্যোবন লাভ করিয়াছেন। অবশ্র এই কার্য্য অতিশয় ব্যয়সাধ্য ও বিপজ্জনক। পশুদেহের মাংসগ্রান্থ নরদেহে পাশবিক প্রবৃদ্ধি সৃষ্টি করে। নৈতিকভার দিক দিয়াও ইহা অনিষ্টকর। আর সর্বাঙ্গাসনের এমন অস্তুত শক্তি আছে যে নিয়মিত অভ্যাসের ফলে তুর্বল পাইরয়েড গ্রন্থি সবল, সডেজ ও সক্রিয় হয়। ইহা বৈজ্ঞানিক উপায়ে পরীক্ষিত ও প্রমাণিত। অওকোষে শুক্র জাত হয়। এই অওকোষের সহিত ধাইরয়েডের নিকট সম্বন্ধ আছে। সর্বাঙ্গাসন অভ্যাসের দারা পাইরয়েড সঞ্জীব ও স্থপুষ্ট হইলে স্বপ্রদোষ, তক্রহীনতা প্রভৃতি রোগ আরোগ্য হয়।

সর্বাক্সাসন, মংস্থাসন প্রভৃতি ব্যায়াম দার। থাইরয়েডের স্বাস্থ্য দীর্ঘ কাল অভগ্ন থাকে। শীর্বাসন দারা পিটুইটারী ও পিনীয়াল প্রস্থিদ্যের উত্তম ব্যায়াম হয়। পুরুষদের অওকোষ ও নারীদের ডিম্বাশ্যের (গর্ভকোবের) উত্তম ব্যায়াম সর্বাঙ্গাসন, উড্ডীয়ান ও নৌলীর দারা হয়। প্রীহা নরদেহে বৃহত্তম নালীহীন প্রস্থি।

**(मरह रय मकन दांशकोबां पृष्ठ वा मरकामिक इम्र मिहेशन** প্লীহারসে বিনষ্ট হয়। রক্তের সাদা ও লাল কণিকাওলি প্রধানতঃ প্লীহাতে পুষ্ট হইয়া দেহের নানা অংশে ছড়াইয়া পড়ে। রক্তে (दागविष (toxin) नाम कदिए भीश अविजीय। गामित्रम्। টাইফয়েড, কালাজ্ব প্রভৃতি সংক্রামক রোগে প্রীহা ফুলিয়া উঠে। ইহার কারণ, প্রীহা শরীরে প্রবিষ্ট জীবাণুগুলি টানিয়া নিজ অঙ্গে সংহত রাখে, অন্ত অক্টে যাইতে দেয় না। প্লীহার উপর থাইরয়েডের প্রভাব বিপুল। বৈজ্ঞানিক যন্ত্রের সাহাব্যে দেখা গিয়াছে, সর্বাঙ্গাসনে ছুর্বল প্লীহা সবল হয়। স্বামী কুবলয়ানন্দ সর্বালাসনের দ্বারা যোল বংসর বয়স্ক কোন বালকের জীর্ণ প্লীহা ও পুরাতন ম্যালেরিয়া জর আরোগ্য করিয়াছিলেন। ছয় মাস সর্বাঙ্গাসন করার ফলে উক্ত বালক ম্যালেরিয়া জ্বর ও প্লীহারোগ হইতে চিরতরে মুক্ত হইয়াছিল। সর্বাঙ্গাসন অভ্যাস করিলে এ্যাপেণ্ডিসাইটিস্ এবং যকুতের রোগাদি জ্বনিতে পারে না। কোন ব্যক্তি ৰাল্যকাল হইতে বন্ধ বৎসর যকুৎরোগে ভূগিতেছিলেন। ইহার ফলে তাহার স্বাস্থ্য ভগ্ন ও অকাল বার্ধক্য হইরাছিল। চুই বংসর নিয়মিত ভাবে সর্বাঙ্গাসন অভ্যাসের ফলে তাহার যকুংরোগ সারিয়া যায় এবং তিনি পুনরায় পূর্ণ স্বাস্থ্য লাভ করেন।

পূর্বে উক্ত হইরাছে যে, ভন্তসমূহের স্বাস্থ্যরক্ষার জন্ম শরীরের অসার পদার্থ যথাসময়ে নির্গত হওয়া দরকার। মল, মূত্র, কার্বন ডাইঅক্সাইড, দূষিত কফ, পিত্ত ও বায়ু, ইউরিয়া ও ইউরিক এসিড প্রভৃতি অসার পদার্থ অতিশর বিবাক্ত এবং অতিরিক্ত সময় দেহে থাকিলে নানা বিকার ও ব্যাধি সৃষ্টি করে। কার্বন-

ভাই অক্সাইড খাসবন্ত্ৰ দারা, পিভাদি বুক্ত মল মলদার দিয়া এবং ইউরিয়া (urea) ও ইউরিক এসিড (uric acid) প্রভৃতি মুত্তের সহিত মুত্তধার দিয়া বহির্গত হয়। স্বতরাং দেখা বাইতেছে যে, মলমূত্র নিঃসারক যন্ত্রহর ও শ্বাসযন্ত্র শুস্থ থাকিলে অসার পদাৰ্থ দেহ হইতে ব্ৰাসময়ে ৰাহির হইয়া যায়। কোৰ্চৰদ্বতা হইলে ব্দর্শ ভগন্দরাদি ছ্রারোগ্য ব্যাধি ক্ষয়ে। আমেরিকার কোন হাসপাভালে একবার ২৮৬ জন রোগী স্থচিকিৎসা সত্ত্বেও মারা বায়। ডাক্তারগণ এই সকল মৃতদেহে অস্ত্রোপচার করিয়া দেখিলেন, ভাহাদের মধ্যে ২৫৬ জনের মলভাও পুরাতন্ মলে পরিপূর্ণ। মূত্র বধাকালে নির্গত না হইলেও বাত রোগাদি জলো। একজন পূর্ণবয়ক্ষ ব্যক্তি চব্বিশ ঘণ্টায় প্রায় দেড় সের মূত্র ভ্যাগ করে। মূত্রের পরিমাণ শীভ কালে বাড়ে ও এীম্মকালে কমে। মূত্র নিঃসারক বস্ত্র প্রধানভঃ ছুইটী—বুরুত্বয় ( kidneys ) এবং মূত্রাশয় ( bladder )। বুরুষয় রক্তের অতিরিক্ত **জলী**য়াংশের সহিত অস্থান্ত দূৰিত পদাৰ্থ ছাঁকিয়া আনে এবং মূত্তাশয়ে প্ৰেরণ করে। বুহদন্ত্র ও মলভাঙাদি মলনি:সারক যন্ত্র, স্বাস্যন্ত্র এবং বৃক্ত্য ও মূত্রাশয়াদি মূত্রনি:সারক যন্ত্রের চমৎকার স্বাস্থ্য উজ্জীয়ান ও নৌলী ব্যায়াম অভ্যাসে সংরক্ষিত হয়।

ভদ্ধসমূহের স্বাস্থ্য সায়্মগুলীর স্বস্থতার উপর বহুলাংশে নির্ভর করে। মন্তিক এবং মেরুদওই সায়্মগুলীর প্রধান হুইটি অংশ। এই হুই স্থান হুইতে প্রসারিত সায়ুজাল শরীরের সর্বত্ত পরিব্যাপ্ত। শরীরে এমন একটাও তদ্ধ (tissue) নাই, বাহার সহিত সায়ু (nerve) সংযুক্ত নর। সায়ুসন্ধি শিধিল হুইলেই তদ্ধর কার্য্য ব্যাহত হর।

মলভাণ্ডের সহিত সংযুক্ত স্নায়্ হুর্বল হইলে মলভাণ্ডের তত্ত্ব কার্য্যক্রম থাকে না ও তাহার ফলে কোর্চবদ্ধতা জ্যে। মুখমগুলের একটি স্নায়্ জ্যাড় হইলেই মুখ এক দিকে বাঁকিয়া বায়। শীর্বাসন মন্তিকে প্রচুর রক্তপ্রবাহ জানিয়া এই স্নায়্কেক্সকে স্কুন্ত রাখে। উক্ত আসনে মেকুদণ্ডের স্কুন্তর ব্যায়াম হয়। ভুজ্জাসন, শলভাসন এবং ধর্মাসনাদি ঘারাও মেকুদণ্ডের স্বাস্থ্য স্থাক্ষিত হয়। আমরা পূর্বেই বলিরাছি বে, দেহের সকল বন্ধ তত্ত্বনির্মিত এবং স্নায়্চালিত। স্নায়্জাল ও তত্ত্বসমূহ স্কুন্ত থাকিলে দেহ নীরোগ ও স্বাস্থ্যবান হয়। স্নায়্জাল এবং তত্ত্বসমূহ স্কুন্ত ও সবল রাখিতে যৌগিক ব্যায়াম অদিতীয় ও অভুলনীয়।

কেছ কেছ প্রশ্ন করেন, যৌগিক ব্যায়ামে মাংসপেশীর ব্যায়াম হয় কিনা। এক কথায় ইহার উত্তর এই যে, পেশীর সাধারণ গঠন ও শক্তিলাভ রৌগিক ব্যায়ামে সম্ভব। অসাধারণ পৈশিক পৃষ্টি ও শক্তি সাধন যৌগিক ব্যায়ামে হয় না। নরদেহে পাঁচ শতাধিক পেশী আছে। যৌগিক ব্যায়াম ঘারা ইহাদের সকলের স্বাভাবিক স্বাস্থ্য ও শক্তি লাভ হয়।

পদ্মাসন, সিদ্ধাসন ও স্বন্ধিকাসনাদির দ্বারা শারীরিক ব্যায়াম না হইলেও দেহের ও মনের প্রচুর উপকার হয়। উক্ত আসনসমূহে মেরুদও সরল থাকায় ভলপেটে অধিকতর রক্ত সঞ্চালিত হয়। তজ্জ্ঞ তলপেটের বস্ত্রপ্রলি জচিরে রোগমূক্ত ও পরিপুই হইয়া উঠে। ইহার কলে, দেহে কার্বন-ভাইল্ল্লাইড অল্লমান্ত উৎপন্ন হয়। ভাহার কারণ, এই সকল আসনে গৈশিক ক্রেরা সামান্ত পরিমাণে হয়। সেই হেছু গৈশিক প্রম অতি জলই হইয়া থাকে। অভাত্ত বৌগিক ব্যায়াম এবং ডন, বৈঠকাদি শ্রমসাধ্য ব্যায়াম অথবা জিমনান্তিক, কৃন্তি দাঁড় টানা ও দৌড়ান প্রভৃতি ব্যায়ামে ফুস্ফ্সের কার্য্য অভ্যধিক হয়। তত্ত্বন্ত দেহে কার্বন-ডাই অক্সাইড অধিক পরিমাণে উৎপন্ন হয়। শারীর বিজ্ঞানের একটি পরীক্ষিত সভ্য এই যে, ফুস্ফ্সের কার্য্য কার্বন ডাই অক্সাইড স্প্তির সমানুপাতিক। বভই কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হইবে তভই ফুস্ফ্সের ক্রিয়া বাড়িবে। আর কার্বন ডাই অক্সাইড অল পরিমাণে উৎপন্ন হইকে ফুস্ফ্সের গতি মন্তর হয়। এই জন্ম নিঞ্জিত বা শায়িত অবস্থায় কার্বন ডাই অক্সাইড সামান্ত পরিমাণে উৎপন্ন হয় এবং ভজ্জন্ত ফুস্ফ্সের গতি অচ্ছেন্ত ভাবে সংযুক্ত। ফুস্ফ্সের ক্রিয়ার সহিত ফুস্ফ্সের গতি অচ্ছেন্ত ভাবে সংযুক্ত। ফুস্ফ্সের ক্রিয়া বাঙ্গিলে গ্রুৎপিণ্ডের ক্রিয়াও বাড়ে এবং ফুস্ফ্সের ক্রিয়া মন্তর হইলে গ্রুৎপিণ্ডের ক্রিয়াও বাড়ে এবং ফুস্ফ্সের ক্রিয়া

স্থাবাং পদাসন প্রভৃতি ধ্যানাসন অভ্যাসকালে কার্বন ডাইঅক্সাইড অভ্যপ্ত মাত্রায় উৎপন্ন হয় এবং স্থংপিণ্ড ও ফুসফুস
প্রচুর বিশ্রাম লাভ করে। পদাসন বা সিদ্ধাসনে অন্ততঃ আধ ঘণ্টা
বসিলে নিঃশ্বাস ও প্রশ্বাসের গভি ধীর হয় এবং ক্রংস্পক্ষন কমিয়া
বায়। তখন শ্বাসক্রিয়া প্রধানতঃ তলপেটেই চলে। এই সকল
আসনে দেহের সমস্ত কার্যা বন্ধপ্রায় এবং নিঃশ্বাসগভি মন্থর
হওয়ার স্থনিত্রা অপেকাও অধিক বিশ্রাম লাভ হয়। কোন
ধ্যানাসনে কিছুক্রণ বসিলেই বোঝা বায়, মন্তিক ও মন সম্পূর্ণরূপে
দেহভার হইতে মৃক্ত। মানসিক বিশ্রাম ও সংব্য লাভের জন্ম এই
সকল আসন অভ্যাস অভ্যাবশ্বক।

নেতাজী স্থভাষচন্দ্র আত্মজীবনী বর্ণনাকালে তাঁহার 'ভারভ পথিক' প্রন্থের ৬৮ পৃষ্ঠায় লিখিয়াছেন, "কভকগুলি বোগাসন এবং বিশেষ প্রক্রিয়া ও ধ্যানের সাহায্যে যৌন প্রবৃত্তির সংবম যৌবনে আমার কাছে সহজসাধ্য হয়ে এসেছিল।" স্বাধীন ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিভ জ্বভ্রকাল নেহরু তাঁহার আত্ম-জীবনীভে লিখিয়াছেন যে, কারাগারে অবস্থানকালে বোগাসন অভ্যাসের ছারা তিনি দেহমনে অশেষ উপকৃত হইয়াছিলেন।

এই প্রসঙ্গে, আনন্দবাজার পত্রিকায় ( শনিবার ২ জ্যৈষ্ঠ ১০৮২)
প্রকাশিত নিমু সংবাদ অতীব উৎসাহজনক।

জেনিভা ১৬ মে—আজ বিশ্বস্থাসংস্থার একটি অধিবেশনে ভারতের স্বাস্থাসংস্থা ও পরিবার পরিকল্পনা মন্ত্রী কর্ণ সিং বলেন, বিশ্বস্থাস্থ্য সংস্থা পৃথিবীর লোকের মঙ্গলের জন্ম যোগ ব্যায়ামের বিষয়ে জোর .দিতে পারেন। তিনি ১৪৫ জন প্রতিনিধি সভায় বলেন, যোগ, বিজ্ঞান ও আধ্যাত্মবাদের সমন্বয় সাধন করে।

# বিধি

যৌগিক ব্যায়ামের সঙ্গে অক্যাশ্য ব্যায়াম অভ্যাস অনাবশ্যক বলিলে অভ্যক্তি হয় না। তবে যাহারা অন্তান্ত ব্যায়াম করিতে অভ্যন্ত বা ইচ্ছুক ভাহারা অন্ততঃ বিশ মিনিট ব্যবধানে ভাহা করিছে পারেন। বৌগিক ব্যাদ্বামের আধ ঘন্টা পূর্বে বা পরে অন্ত ব্যায়াম করিলে কোন ক্ষতি নাই। বৌগিক ব্যায়ামের পরে ধীরে ধীরে কিরংকাল পায়চারী করা ভাল। সকাল ৮টা হইভে ১১টা এবং সন্ধ্যা **৫টা হইতে ৮টার মধ্যে থালি পেটে, শাস্ত** মনে, উন্মৃক্ত স্থানে কৌপীন বা ল্যাঙ্গট পরিরা যৌগিক ব্যায়াম করিতে হয়। কৌপীনই ল্যাঙ্গট অপেকা অধিকতর প্রশস্ত। স্বস্থ হাতের পৌনে তিন হাত লম্বা ও আধ হাত চওড়া হই খণ্ড শক্ত পাতলা ( নৃতন ৰা প্রাতন ) কাপতে কৌপীন করা যায়। কোমরের ছই দিকে যে ৰড় মোটা হাড় আছে ভাহার উপরে একখঙ কৌপীন বাঁধিয়া এক পার্দ্বে ( সন্মুখ বা পশ্চাতে নহে ) গাঁট দিতে হয়। অপের 🕫 কৌপীন হই ভাঁজ করিয়া পরিহিত কৌপীনের সন্মুখে আটকাইয়া এবং জননেশ্রিয় উর্বমূধে রাধিয়া পশ্চাতে কৌপীনের সঙ্গে আলগা গাঁট দিতে হয়, যাহাতে মলমূত্ৰ ত্যাগেৰ সময় উহা অনায়াসে খোলা যাইতৈ পারে। যোগশান্ত্র অনুসারে কৌপীনধারী উর্জনিশ্ন হইবে। ইহাই স্বাস্থ্যকর ও বৈজ্ঞানিক প্রণালী। বাহারা বলেন, জননেন্দ্রির নিয়মূণে রাখিরা কৌপীন পরা চলে ভাহারা কৌপীন-কৌশল অবগভ নন। কৌপীন দিবারাত্র পরিয়া থাকা উচিত। এইকত হই জোড়া কৌপীন আৰশ্বক। প্ৰভাহ কৌশীন ধৌভ করিতে হর। বৌগিক ব্যায়ামের সমর কৌপীনের উপর পাতলা জালিয়া পরা যায়। ব্যায়াম কাল ব্যতীত অঞ্চ সমর ল্যাঙ্গট পরিধান অমুচিত। কৌপীন পরিধান দিবারাত্তি আবশুক এইজ্ঞ যে, অওকোষ ও জননেক্রিয় ঝুলিয়া থাকা অনিষ্টকর।

যোগমীমাংসা পত্তিকার মতে সকাল অপেকা সন্ধ্যাই বৌগিক ৰ্যায়াম অভ্যাসের উপযুক্ত সময় ; কারণ, সকালে শরীরে জড়তা থাকায় মাংসপেশীগুলি পূর্ণভাবে নড়াচড়া করিতে পারে না। সন্ধ্যায় সারা দিনের চলাকেরার পরে শরীর বেশ অভ্তা-মুক্ত ও লঘু থাকে। ইহা সভ্য হইলেও আর একটি বিবয় বিবেচনা করিছে इहेरव। जुक ज्ववा भाकञ्चनी इहेरज मनजार याहेरज चारे पर्म ঘণ্টা সময় নেয়। সন্ধ্যায় স্কুল কলেজ অফিসাদি হইতে ফিরিয়া অনেকে প্রচুর জলখাবার খান। ইহার ছুই এক ঘণ্টা পরে ব্যায়াম করা উচিত নয়। সন্ধ্যায় জলখাবার না ধাইলেও সারা দিনের কাজ-কর্মের ফলে দেহ ক্লান্ত থাকে। তৎপরে ব্যায়াম করিলে আরাম অপেকা আয়াসই অধিক হয়। অল আহাৰ্য্য ৰা অধিক পানীয় প্রাহণের দেড় ঘন্টার মধ্যে যৌগিক ব্যায়াম অভ্যাস অনিষ্টকর। আধ ৰাটি পানীয় গ্ৰহণের আধ ঘণ্টা পরে ব্যায়াম করা বাইতে পারে : কিছ গুরু আহারাস্তে সাড়ে চার ঘণ্টার মধ্যে যৌগিক ব্যায়াম করা অমুচিত। খালি বা হাল্কা পেটে ব্যায়াম করিলে সর্বাপেকা অধিক ফল পাওয়া বায়। যৌগিক ব্যায়ামের আৰ বন্টা পরে আহার করা যাইতে পারে। স্বভরাং সন্ধ্যায় ব্যায়াম করিলে জলবোগের পরে বেশী সময় থাকে না; অথচ সকালে ব্যায়াম করিলে নৈশ আহারের অন্ততঃ আট দশ ঘণ্টা পরে ব্যায়াম করা বায়। তথন পাকস্থলী ও

আন্ত্রাদি ভূক্ত দ্রব্যের পরিপাক ও সারাংশ গ্রহণাদি সমাপনান্তে বিশ্রাম করে। অবশ্র, সকালে প্রাভরাশ খাইলে একই অসুবিধা ঘটে। আবার, অভিজ্ঞতা হইতে দেখা গিয়াছে যে, সন্ধ্যা অপেকা সকালে যৌগিক ব্যায়াম করিলে অধিক ফল পাওয়া যায়। পরস্ক সকালে শরীরে জভ্তা থাকে, ইহাও সত্য। এই জল্প সকালে ৮টা হইতে ১১টার মধ্যে ব্যায়াম করিলে উভয় অসুবিধা হইতে রক্ষা পাওয়া যায়। এই সময় ব্যায়াম সমাপনান্তে স্নান করিলে স্কুল কলেজের ছাত্রছাত্রীগণ, অফিস আদালতের কর্মচারীগণ এবং ব্যবসায়ী আদি সর্ব শ্রেণীর লোকের পক্ষে স্থবিধাজনক হইবে। প্র্বাহ্নে যৌগিক ব্যায়াম এবং সায়াক্তে শ্রমণ বা কোন প্রকার খেলাই আমার মতে সর্বশ্রেষ্ঠ ব্যবস্থা।

শ্রদ্ধা ও বিশ্বাসের সহিত যৌগিক ব্যায়াম করিতে হয়। ঘরের
মধ্যে ব্যায়াম করিতে হইলে দরজা জানালা থোলা রাখিবে। আমার
মতে, উন্মৃক্ত বারান্দায়, প্রাক্তনে বা ছাদে আসন করাই শ্রেয়। তবে
ব্যায়ামের সময় খুব ঠাও। হাওয়া গায়ে লাগান উচিত নয়।
আমাদের দেশ প্রীম্মপ্রধান। কাশ্মীরাদি শীতপ্রধান প্রদেশের মত ঠাওা
হাওয়া আমরা পাই না। স্মৃতরাং শীতকালে গেঞ্জী বা ফতুয়া পরিয়া
এবং প্রীম্মকালে খালি গায়ে যৌগিক ব্যায়াম করা বায়। মেজের উপর
একটি কম্বল, মাহর বা সতর্কি বিছাইয়া তাহার উপর একখানি
মোটা কাপড় পাতিয়া আসন করিবে। স্বামী ক্বলয়ানন্দের মডে,
সতর্কতা এবং সাহস অবলম্বনপূর্বক যৌগিক ব্যায়াম অভ্যাস করা
উচিত। সভত মনে রাখিতে হইবে বে, এই ব্যায়াম অভ্যাসে কোন
শ্রার অনিষ্টের আশক্ষা নাই। যৌগিক ব্যায়ামে যদি অনিষ্ট হয়,

তবে পথে চলিতে, বিছানায় শুইতে বা আহার করিতেও বিপদ আছে। এমন ভাবে ব্যায়াম করা উচিত, যাহাতে ব্যায়ামের পরে ক্লান্তিনা আসে। ব্যায়ামান্তেই শরীর ও মন বেন সতেজ ও ক্লান্তিমূক্ত হইয়া উঠে। আবশ্যক হইলে সকালে ও সন্ধ্যায় ব্যায়ামগুলি ভাগ করিয়া করা যাইতে পারে।

অনুস্তা বা অন্ত কারণে কিছুদিন ব্যায়াম বন্ধ রাধিবার পর আবার আরম্ভ করিলে ধীরে ধীরে উহার অভ্যাস বাড়াইতে হয়। কঠিন অম্বথের পরে ব্যায়াম আরম্ভ করিলে ব্যায়ামের পূর্বে একটু বেভান ভাল, অন্তভঃ সপ্তাহ যাবং। আহার সম্বন্ধেও সভর্ক হওয়া আবশ্রক। যে খাল সহজে হন্ধম হয় তাহাই পরিমিত রূপে খাওরা উচিত। প্রত্যেক গ্রাস অন্ন ভাল করিয়া চিবাইলে সহজে জার্ণ হয়। দিবারাত্রির মধ্যে ছুই বার প্রধান আহার বর্ষেষ্ট। সকালে বা বৈকালে লঘু জলখাবার খাওয়া যাইতে পারে। আহারের আধ বা একা ঘন্টা পরে জলপান কর্তব্য। বাহাদের হক্তমশক্তি অব্যাহত আছে তাহার। আহারের সঙ্গেই অল জল পান করিতে পারেন। চা ও কফি বেশী খাওয়া অমুচিত, একেবারে ছাভিয়া দিতে পারিলেই ভাল হয়। যাহারা স্বাস্থ্যকামী, ভাহাদের পক্ষে নির্মল জলই শ্রেষ্ঠ পানীয়। পরিমিত আহারই স্বাস্থ্যরক্ষার উৎকৃষ্ট উপায়। অধিক খাইতে লোভ হইলে মনে মনে বিচার করিবে—মামুষ খাইবার জন্ম বাঁচিয়া থাকে না. বাঁচিয়া থাকিবার জন্মই খায়। বাঁচিয়া থাকিবার পক্ষে পরিমিত আহারই যথেষ্ট। অপরিমিত আহার করিলে অসুস্থতা ও ভক্ষনিত কষ্টভোগ অনিৰাৰ্য্য। আহার 🕏 নিক্রার মত বৌগিক ব্যায়াম নিত্যকর্মরূপে অনুষ্ঠেয়।

बिष्, त्रिशाद्विष्ठे, चाकिर, शांका, ভाँछ, नम्र এवर प्रश्नापि प्रापक ও উত্তেজক দ্ৰব্য আদৌ ধাওয়া উচিত নয়। এই সকল দ্ৰব্য স্বাস্থ্য-রক্ষার কিঞ্চিৎ মাত্রও সহায়ক নয়, বরং স্বাস্থ্যভঙ্গ করে। শীর্বাসন **অভ্যাসের ফলে একটি বৃ**বক নস্ত গ্রহণের কৃঅভ্যাস হইতে মৃক্ত হইয়াছিল। কিছু ফল ও শাক সজী প্রত্যহ খালের অংশীভূত হওয়া উচিত। তেঁতুল ও লকা যত কম খাওয়া যায় তভই ভাল। ভেঁছুলের পরিবর্তে লেবু এবং লঙ্কার পরিবর্তে গোলমরিচ খাইবে। ভাত, জল বা ঘোলের সঙ্গে লেবুর রস খাওয়া উপকারী। উহা কুধাৰৰ্দ্ধক ও রোগনাশক। ভামাক খাওয়াও উচিত নয়। ইহাতে ত্তং পিও ও স্নায়ুমওলী হুৰ্বল হয় এবং কাশি ও অক্তাক্ত গলরোগ জন্ম। ৰালক-ৰালিকারা ও যুবক-যুৰভীগণ ৰীৰ্যধারণ করিতে প্রাণপণ চেষ্টা করিবে। নচেং যে শক্তি যৌগিক ব্যায়াম অভ্যাসের ফলে সঞ্চিত হইবে, ভাহা শুক্রপাতে নষ্ট হইয়া যাইবে। বীর্ষধারণ না করিলে স্বাস্থ্যোদ্ধতি বা শরীর গঠন অসম্ভব। যতই ব্যায়াম কর বা যতই ভাল খাও না কেন, বীর্যধারণ না করিলে স্বান্ত্যলাভের আশা নাই। যৌগিক ব্যাম্বাম, পরিমিত আহার ও বীর্যধারণ-এই তিন উপায় অবলম্বন করিলে পূর্ণ স্বাস্থ্য ও দীর্ঘজীবন লাভ স্থনিশ্চিত।

বালিকা, যুবতী ও বয়স্কা নারীগণ যৌগিক ব্যায়াম অবশ্ব করিবেন। তাহাদিগকে পুরুষদের মত দৈহিক শ্রম অধিক করিছে হয় না। তাহাদিগের পক্ষে মাংসপেশীর পরিপৃষ্টি অপেকা দৈহিক স্থৃতা এবং অন্ধ্রপ্তালের লাবণ্য ও লালিত্য অধিক প্রয়োজন। এইওলি যৌগিক ব্যায়ামে প্রচুর পরিমাণে লাভ হয়। টেনিস্, ব্যাড্মিন্টন, ক্রিকেট, ভাষেল ও ছকি প্রভৃতি ক্রীড়া ভাছাদের দৈহিক কোমলতা ও সোষ্ঠব হ্রাস করে। নারীদের পক্ষে ব্যায়ামের আবশ্তকতা সভ্যতার প্রারম্ভ ছইতে স্বীকৃত। ইতিহাস ও প্রাণাদি ছইতে জানা বায়, প্রাচীন ভারতে নারীগণ বহু ক্রীড়া অভ্যাস করিতেন। আধুনিক নারীদিগের জন্ম যে সকল ব্যায়াম ও ক্রীড়াদির ব্যবস্থা হইয়াছে সেইগুলি অপেক্ষা যৌগিক ব্যায়াম অনেকের মতে প্রেষ্ঠ। দরিক্রা নারীদিগকে জীবিকা অর্জনের জন্ম যথেষ্ট পরিশ্রম করিতে হয়; তাহাদিগের পক্ষে অন্ম ব্যায়াম নিশ্রমাজন। কেবল সম্রান্ত ও মধ্যবিত্ত নারীদিগের জন্ম ব্যায়াম আবশ্রক। নাগরিক জীবনে তাহারা গৃহমধ্যে আবদ্ধ থাকেন। স্বতরাং তাহারা পূর্বাক্তে যৌগিক ব্যায়াম ও সন্ধ্যায় মন্থর শ্রমণ করিবেন। যৌগিক ব্যায়াম অভ্যাস কালে তাহারা সন্তরণ পোষাকের মত কোন ঢিলা পোষাক পরিবেন। ছাত্রীগণ সার্ট ও আন্তিনবিহীন বেনিয়ান পরিতে পারেন।

নারীদেহ পুরুষ দেহ হইতে ভিন্নরূপে গঠিত। নারীগণ কালে জননী হন। পুরুষদের যেমন অওকোষ (testis) আছে দেহের বাহিরে, নারীদের তেমনি ডিম্বাশর (ovaries) থাকে তলপেটের মধ্যে। ডিম্বাশর আকারে অনেকটা ছোট বাদামের মত এবং অওকোষবং সংখ্যার চুইটা। ইহারাই যৌন গ্রন্থি এবং একটি নালীহীন অন্ধঃ প্রাণী গ্রন্থি বা এতোজিন গ্ল্যাও। এই গ্রন্থি নারীদেহের বৈশিষ্ট্য রক্ষা করে। ডিম্বাশর হইতে নিঃস্ত রস রক্তে মিঞ্জিত হইলে নারীদেহে তারুণ্য কুটিরা উঠে। অল্লোপচার ছারা নারীদেহ হইতে ডিম্বাশর ভূলিরা দিরা দেখা গিরাছে যে, সেই নারীর পেটের মাসপেশী সমূহ ভকাইয়া

যায় ও মাসিক ঋতু বন্ধ হয় এবং তিনি গর্ভ ধারণে অসমর্থা হন।
ডিম্বাশয় প্রভৃতি নালীহীন প্রস্থিসমূহকে স্বস্থ ও সবল রাখিতে
উড্ডীয়ান প্রভৃতি যৌগিক ব্যায়াম অদ্বিতীয়। ম্যাকফেডেন বা
মূলারের ব্যায়ামপ্রণালী, ডেলসার্ট বা অন্ত কোন পাশ্চাত্য ব্যায়াম
অপেকা যৌগিক ব্যায়ামই উক্ত লক্ষ্য সাধনে অধিকতর সমর্থ।

ফ্যাট ও প্রোটীন যুক্ত খান্ত (মাংসাদি), লঙ্কা, ভেঁতুল ও বেশী ভাজা জিনিব নারীদের খাওয়া উচিত নয়। চা, কোকো, কফি বা অধিক মশলাও ভাহারা খাইবেন না। ঋতুকালে নারীগণ যৌগিক ব্যায়াম বন্ধ রাখিয়া পূর্ণ বিশ্রাম ও লঘু পথ্য আহার করিবেন। ষ্টার্লিং শরীরতত্ত্ব সম্বন্ধে তাহার ইংরাজী প্রন্থে বলেন যে, প্রত্যেক মাসে ঋতুকালে নারীদেহ থেকে ১০০ হইভে ৩০০ গ্রাম (gramm) রক্ত নির্গত হয়। স্থতরাং এই সময় পূর্ণ বিশ্রাম এবং হ্রমফলাদি লঘু পাচ্য, অথচ পুষ্টিকর আহার বিধেয়। নিঃশ্বাস-প্রশ্বাসের ব্যায়াম করিতেও তাহারা ইতস্ততঃ করিবেন না। গর্ভাবস্থায় যৌগিক ব্যায়াম নিষিদ্ধ। তথন প্রাতে বা সন্ধ্যায় মন্থর ভ্রমণই সর্বাপেক্ষা উপকারী। সম্ভানপ্রস্বের তিন মাস পরে তাহারা আবার যৌগিক ব্যায়াম আর্ড্র করিবেন। বিশেষতঃ ছাত্রীরা, বালিকারা ও তক্ষণীরা কিছু কাল নিয়মিত ভাবে যৌগিক ব্যায়াম করিলে অশেষ প্রকারে উপকৃতা ও বীর্ষধারণে সমর্থা হইবে। ছয় বৎসর হইতে যাট বৎসর वयुत्र भर्यास त्रकन वयुत्रत्व नवनावीत अहे बाग्रात्म अधिकात आहि।

বৌগিক ব্যায়ামের ক্রম ও কাল এইরূপ। প্রথমে পদ্মাসনে এক মিনিট ছইভে পাঁচ মিনিট পর্যাস্ত বসিয়া দেছের রোগরাহিত্য ও পূর্ণ স্বাস্থ্য ও দীর্ঘ জীবনের জন্ত ভাবনা এবং ৫।১০।১৫।২০ বার

নিশ্বাস-প্রশ্বাসের ব্যায়াম করিবে: স্থদীর্ঘ ও ব্যাপক অভিজ্ঞতা হইতে দেখিয়াছি যে, যৌগিক ব্যায়ামের সঙ্গে নিখান প্রখাসের ব্যায়াম করিলে সর্বাপেকা অধিক ফল পাওয়া যায়। প্রাসনের পর ভুক্তসাসন, শলভাসন ও ধনুরাসন—প্রত্যেকটা তিন বার এবং তিন মিনিটের অন্ধিক করিবে। হলাসন তিন বার বা গুই মিনিট। পশ্চিমোতান ছুই তিন বার বা এক মিনিট। ময়ুরাসন আধ বা এক মিনিট। স্বাঙ্গাসন হুই বা ভিন মিনিট ও মৎস্থাসন এক বা দেড় মিনিট। শীর্ষাসন এক মিনিট হইতে ছয় মিনিট, এক বা ছই বারে। যোগমূদ্রা এক মিনিট, এক বা হুই বা ভিন বারে। কুৰুটাসন এক মিনিট। গোরক্ষাসন এক মিনিট হইতে ছুই মিনিট। অর্ধবন্ধ প্রদাসন প্রতিবাবে অধি মিনিট করিয়া এক মিনিট। পদহস্তাসন আধ মিনিট ২ইতে এক মিনিট। অর্ধমৎস্তেজ্ঞাসন প্রতিবারে আধ মিনিট করিয়া এক মিনিট। উড্ডীয়ান পনের বিশ বার ছই তিন মিনিটে। নৌলী (মধ্যম ও বাম ও ডান) তিন্টী, প্রত্যেকটী বহু বারে এক মিনিট করিয়া তিন মিনিট। ত্রিকোণাসন প্রত্যেক পার্শ্বে ছই তিন বার ৷ ব্যায়ামান্তে শবাসনে পাঁচ মিনিট বিশ্রাম। শ্রাসনে চিৎ হইয়া শুইয়া বিশ্রামান্তে ১০।১৫ বার দীর্ঘ নিশ্বাস ধীরে ধীরে গ্রহণ ও ত্যাগ দ্বারা ব্যায়ামের ফল বছগুণে বাড়ে। বিশ্রামান্তে পরে স্নান করিলে শরীর স্থুস্লিম ও শীতল হয়। স্নান না করিলে মুক্ত বাভাসে বসিবে বা বেড়াইবে।

কলিকাভার কোন কোন ব্যায়ামবীরের মতে প্রত্যেক যৌগিক ব্যায়ামের পরে শবাসন করা উচিত। ইহা অনেকের পক্ষে অনিষ্টকর। কারণ, শীর্বাসনের পরে শবাসন করিলে মাধায় যে রক্ত উঠিয়াছিল ভাহা দেরিতে নামে। মাধার রক্ত বেশীক্ষণ থাকিলে মাধা ভারী বোধ হয়। করেকটী কলেজের ছাত্র প্রভ্যেক যৌগিক ব্যায়ামের পর শ্বাসন অভ্যাসের ফলে মাধার ভারবোধ করিত। আমার পরামর্শে উক্ত অভ্যাস ভ্যাগ করার পর হইভেই তাহাদের মাধার ভার আর অনুভূত হইত না। বর্তমান বুগে যৌগিক ব্যায়ামের সর্বশ্রেষ্ঠ বিশেষজ্ঞ স্বামী কুবলয়ানক্ষও প্রভ্যেক ব্যায়ামের পর শ্বাসন করিতে পরামর্শ দেন নাই।

ব্যায়ামের উল্লিখিত ক্রেম পরিবর্তিত হইলেও ক্ষতি নাই। বেদিন সময়াভাব হইবে সেদিন পদ্মাসন, সর্বাঙ্গাসন ও মংস্থাসন ও উড্ডীয়ান ও শেষে শ্বাসন করিলেই চলিবে। সবগুলি ব্যায়াম ছয় দিন করার পর একদিন বিশ্বাম গ্রহণ আবস্তুক। উড্ডীয়ান ও নৌলী সকালে করিলে বেশী ফল পাওয়া যায়! যাহাদের কোষ্ঠবদ্ধতা আছে তাহারা শৌচে যাইবার পূর্বেও উক্ত ব্যায়াম ছটী করিতে পারেন। নৌলী করিবার পূর্বে কোষ্ঠবদ্ধ ব্যক্তি দশ হইতে বিশ আউল ঈষং উষ্ণ জলে প্রত্যেক আউন্সে এক গ্রেণ ভাল লবণ মিশাইয়া খাইলে শীক্ষ মলভ্যাগের বেগ হইবে। কাহারো কাহারো মতে শ্বাসনের পূর্বে যোগমুলা করা উচিত।

যাহাদের কাণ পাকে, চকু ক্ষীণদৃষ্টি এবং দ্বংপিও ছুর্বল তাহার।
শীর্বাসন করিবেন না। পুরাজন (chronic) সর্দি প্রভূতি নাসিকারোগ থাকিলে সর্বাজ্ঞাসন সাবধানে করিতে হয়। প্রীহা বাজিলে
ভূজজ্ঞাসন, শলভাসন ও ধনুরাসন করা উচিত নয়। কোষ্ঠবদ্ধ ব্যক্তি
বোগমূলা ও পশ্চিমোন্তান অন্ন করিবেন। ছাংপিও ছুর্বল থাকিলে
উড্ডীয়ান ও নোলী বাদ দেওয়া উচিত। বাহাদের রক্তচাপ
ভভাবতঃই খুব বেশী বা খুব কম ভাহারা বিশেবজ্ঞের পরামর্শ না
লইরা বৌগিক ব্যারাম করিবেন ন।

### পদাসন

প্রথম যৌগিক ব্যায়ামের নাম পদ্মাসন। ইহা দিবারাজির অধিকাংশ সময় অভ্যাস করা যায়। জিশিখী ব্রাহ্মণ উপনিবদের ৩৯ শ্লোকে আছে।—

> উর্বোক্লপরি বৈ ধতে যদা পাদতলে উভে। পদ্মাসনং ভবেদেতৎ সর্বব্যাধিবিষাপহম্।।

অনুবাদ—বাম উক্লৱ উপর ডান পদতল এবং ডান উক্লর উপর বাম পদতল চিৎ করিয়া রাধিলে মৃক্ত পদাসন হয়। ইহা সর্বিয়াধি ও সর্ববিষ নাশ করে।

এই আসনে পদ্মপত্তের মত চরণদ্বর চিং হইয়া থাকে বলিয়া
সন্তবতঃ ইহার নাম পদ্মাসন। ইহাতে মেরুদণ্ড সরল রেথায় স্থায়
সোজা রাখিতে হইবে। শির (মাথা). গ্রীবা (ঘাড়) ও
মেরুদণ্ড (পীঠ) সোজা থাকিবে। হাত হইটি স্ব স্ব হাঁটুর উপর
চিং বা উপুড় করিয়া রাখিতে হয়। অথবা গোড়ালীদ্বরের উপর
বাম ও ডান হস্ততল পর পর সংযুক্ত ভাবে রাখা যায়। দিতীয় চিত্র
ক্রেইবা। উড্ডীয়ান, যোগমূলা ও নিশ্বাস-প্রশাসের ব্যায়ামাদি এই
স্থাসনে করাই প্রশন্ত। মুক্ত পদ্মাসনে বসিলে গোড়ালীদ্বয় প্রায়
সংযুক্ত হইয়া তলপেটে মূলাধার (লিক্তমূলের কিঞ্চিং উর্বস্থানটি)
স্পর্শ করিবে এবং হাঁটুদ্বয় ভূমি-সংলগ্ধ থাকিবে। গোড়ালীদ্বয়ের
মধ্যে প্রায়্রই তিন ইঞ্চি কাঁক থাকিবে। নিয়্নমিত ও ধৈর্যায়ুক্ত

অভ্যাসের ফলে এই আসনে ক্রমে ক্রমে আধ ঘণ্টা, এক ঘণ্টা, বা চুই তিন ঘণ্টা বসা পাঁচ ছয় মাসের মধ্যে আয়ম্ব হইয়া বায়। বিনি এই আসনে এক কালে তিন ঘণ্টা অনায়াসে বসিতে পারেন তিনি আসন সিদ্ধ হন। তাহার শরীর রোগমূক্ত ও স্বাস্থ্যবান হয়। লেধার ও পড়ার সময় এবং দিবারাত্রিতে যথন বসিবার আবশ্রক হয় তথন পলাসনে উপবেশনই স্বাস্থ্যকর ও শ্রেষ্কর।

মন্তিক সায়ুমণ্ডলীর মূল কেন্দ্র। মেরুদণ্ডেও ছয়টী সায়ুকেন্দ্র অবস্থিত। এই সায়ুকেন্দ্রগুলিও মন্ত্রিকের সহিত সংযুক্ত। মেরুদণ্ডের মধ্যে সদা সৃক্ষ সায়ুব ক্রিয়া চলিতেছে। ছাড় বা পিঠ বাঁকাইয়া বসিলে উক্ত সায়ুক্রিয়াসমূহ ব্যাহত হয়। ইহার ফলে সায়ু মণ্ডলী এবং মন্তিক ক্রান্ত ও হবল হইয়া পড়ে। সেইজন্ম বসিবার সময় হাড় ও পীঠ সোজা রাখা উচিত। পদ্মাদনে বসিলে দেহ সরল ও মন্তিক সভেল থাকে এবং লেখাপড়া ও চিন্তা দীর্ঘ সময় করা যায়। পদ্মাদনে বসিয়া লেখাপড়া করিলে ছাত্রছাত্রীরা অল্লায়াসে পাঠ্যবিষয় আয়ন্ত করিতে পারিবে এবং মন স্থির হইবে। বভদিন মেরুদণ্ড নমনীয় ও অবক্র থাকে ভত দিন শরীর জরাক্রন্ত হয় না। ইহা বক্র বা শক্ত হইলে জরা ও বার্ধক্য উপস্থিত হয়। স্কুতরাং মেরুদণ্ডকে সর্বদা সোজা রাধিবার অভ্যাস করা উচিত। ইহাই দীর্ঘ জীবন বা দীর্ঘ বৌবন লাভের অন্তর্গন শ্রেষ্ঠ উপায়।

ভাক্তারদের মতে শয়নের সময়ও মেক্রদণ্ড সোজা রাখা আবশুক। কোন ভারতীয় হিন্দুকে আমেরিকার কোন ডাক্তার বক্রভাবে ওইয়া ঘুমাইতে দেখিয়া বলিয়াছিলেন, 'আপনি কি অহুস্থ? আপনার আয়ু আর বেশী দিন নাই।' শান্নিড, উপবিষ্ট বা দণ্ডায়মান অবস্থায় মেকদন্তকে বক্ত ভাবে রাখা অধাস্থ্যকর। স্থুভরাং মেকদন্তকে সোজা রাধিবার জন্ম পদ্মাসনে প্রভাহ বভ বার ও বভ ক্ষণ সম্ভব বসা উচিত। প্রথমতঃ এই আসনে পনের বিশ মিনিট বা আধ ঘন্টা বসিলে পা হইটা বিন্ বিন্ করিবে তখন কিছুক্ষণ পা ছড়াইয়া বসিলে বা দাড়াইয়া থাকিলে বিন্ বিন্ ধরা ছাড়িয়া যায় এবং পুনরায় আসনে বসিভে হয়। সানের পূর্বে রোজ হাঁটুভে কয়েক মিনিট সরিষা বা ভিল ভৈল মালিশ করিলে বিন্ বিন্ করা অল্প দিনের মধ্যেই কমিয়া যাইবে এবং শেষে একেবারে বন্ধ হইবে।

রক্ত অপরিষার হইলে বা শরীরে দূষিত পদার্থ জমিলে গ্রন্থিস্থলে আসনবদ্ধ অবস্থায় রক্তসঞ্চালন ভালরপে হয় না। এইদত্য হাতে. পায়ে বা কোমরে ঝিন ঝিন ধরে। কোর্চ-পরিষার না হইলে বা পেটে বায়ু বাড়িলে বা ভূক ক্লব্য অজীৰ্ণ থাকিলে এই ঝিন্ ঝিন্ ধরা অধিক হয়। একাদণী, পূর্ণিমা ও অমাবস্তার রাজিওলিতে এবং প্রয়োজন অনুসারে অস্ত দিন উপবাস করিলে রক্তের জলীয় অংশ ওকাইয়া যায় ও নাড়ী ওক হয়। ইহার ফলে বিন্বিন ধরা আপনা হইভেই বন্ধ হয়। অধ্যয়নকালে ছাত্রছাত্রীগণ পদ্মাসনে ৰসিয়া সামনে একটি টুলের উপর পুস্তকাদি রাধিয়া পঞ্জিলে বা निधिल भरतारयाभ वर्षिण, तृषि मार्किण ७ श्विष्ठभक्ति ममूष इत्र। স্থাকলেকের ক্লাসে বেঞ্চে বা চেয়ারে বসিবার সময় ছাত্রছাত্রীগণ সর্বদা দেকদণ্ড সরল রাখিয়া বসিবে। अकिरम, ট্রামে, বানে, ট্রেনে ৰা সভাসমিভিতে বসিৰার কালে নরনারিপণ কখনও পীঠ বাঁক্টিয়া विज्ञात्व ना, प्रवेषा स्पक्षपं स्थापा दाविद्रा चाजीन वाकित्वन। মেক্লণ্ড সরলভাবে রাধিবার অভ্যাস স্বান্ত হইলে বক্লভাবে বসিভে

আর ভাল লাগিবে না। বেড়াইবার বা চলিবার সময়ও সর্বত্ত উক্ত নিয়ম পালনীয়। পদ্মাসনই উপবেশনের বৈজ্ঞানিক স্বাস্থ্যকর প্রাণালী। চঙীগীতাদি শাস্ত্র বা অন্ত ধর্মগ্রস্থাদি পাঠ এবং পূজাদি এই আসনে বসিয়া করাই প্রশস্ত্য।

খামী ক্ৰলয়ানন্দ বলেন, "দেহের ি মাংশে ফ্লেব্রার নামক সক্ষোচক মাংসপেশীগুলি এই আসনে অভিশয় সন্থচিত ও নিম্পেষিত হয় এবং নিম্নাক্তে অধিকতর রক্ত প্রবাহহেত্ তদংশের স্নায়্গুলি পরিপুষ্ট হয়।" করাসী যোগী এলেইন ড্যানিয়ালু ভাহার 'যোগ' নামক স্থলিখিত ইংরাজি প্রস্থের ৩১ পৃষ্ঠায় বলেন, "এই আসনে স্বয়ুমা নাড়ী স্বভাবতঃ সরলভাবে থাকে এবং নিশ্বাস-প্রশ্বাসের গতি হই নাকে সমান ভাবে চলে। স্বভরাং নিশ্বাস-প্রশ্বাসের ব্যায়ামগুলি এই আসনে করাই কর্তব্য।" শিব সংহিতায় (৩১০৬) আছে, পদ্মাসনে বসিয়া জিহ্বাকে দন্তমূলসমূহে সংলগ্ন রাখিলে সর্বব্যাধি বিনষ্ট হয়। জংগিও, ফুস্কুস্ও পরিপাকযন্ত্রাদির পীড়া, চর্মরোগ, জর প্রভৃতি ব্যাধি ক্রমশঃ প্রাসন অভ্যাসের ফলে সারিয়া বায়। আলস্ত, নিজ্ঞালুতা মানসিক হুর্বলতা ও বিকার প্রাসন অভ্যাসের হারা দ্রীভৃত হয়। পল্মাসন অভ্যাস করিবার পূর্বে ও পরে অধিক জমণ নিবিদ্ধ।

অক্সান্ত যৌগিক ব্যায়াম আরম্ভ করিবার পূর্বে এই আসনে বিসিয়া একাঞা মনে চিন্তা করিবে— আমার শরীর নীরোগ ও আজ্যবান ইট্রভেছে। অনন্তর নাভিদেশে অন্তঃ এক মিনিট মন স্থির করিয়া ভাবিবে বে, উদরাগ্নি প্রজ্ঞালিত হইভেছে। উক্ত ভাবনাগ্র রৌজ্ঞালাস করিলে নিশ্চরই দেহ রোগহীন ও সাস্ত্যসম্পন্ন এবং জঠরাগ্নি বিভিত্ত হবৈ । ব্যাধি প্রথমে মনে প্রবেশ করে, পরে দেহে প্রক্রিণিত

হয়। স্বরাং মন বতই জ্বাব্যাধির চিন্তা হইতে মৃক্ত থাকে তড়ই শরীর স্বস্থ ও সংল হয়। ছই তিন মিনিট উক্ত ভাবনা করিবার পর অন্ততঃ পাঁচ মিনিট নিশাস-প্রশাসের প্রথম ব্যায়াম করিবে। তংপরে অক্যান্ত যৌগিক ব্যায়াম করা উচিত।

কোন কোন যোগশাস্ত্রের মতে প্রাসনই স্বাপেক্ষা শ্রেষ্ঠ, সহজ্ব ও উপকারী আসন। প্রাসন ছই প্রকার—মৃক্ত প্রাসন ও বদ্ধ প্রাসন । মৃক্ত প্রাসন উপরে বিবৃত। গোরক্ষ সংহিতায় (১৷১২). বদ্ধ প্রাসনের এইরূপ বর্ণনা আছে।—

বামোরূপরি দক্ষিণং হি চরণং সংস্থাপ্য বামং তথা
দক্ষোরূপরি চৈব বন্ধন-বিধিং ধৃষা করাভ্যাং দৃচ্ম।
ভৎপৃষ্ঠে জ্বদয়ে নিধায় চিবুকং নাসাগ্রমালোকয়েদ্
এতদ ব্যাধিবিকার-বিনাশকরং পল্লাসনং প্রোচ্যতে ॥

অধুবাদ — বদ্ধ পদ্মাসনে ডান পদ্ডল বাম উক্লতে এবং বাম পদ্ডল ডান উক্লতে গুল্প হয়। পীঠের উপর দিয়া বাম হাত ঘুরাইরা বাম পায়ের অকুষ্ঠ এবং ভদ্ধেপ ডান হাত ঘুরাইয়া ডান পায়ের অকুষ্ঠ ধরিবে। স্থাপয়ে চিবৃক লাগিবে এবং নাসাঞ্জে দৃষ্টি-নিবদ্ধ থাকিবে। এই আসনে সর্বব্যাধি ও সর্ববিকার বিনষ্ট হয়। হাঁট্রেয় ভূমিতে এবং, গোড়ালী ছুইটী ভলপেটে লাগিয়া থাকিবে। গোড়ালী মুরের মধ্যে ছুই ইঞ্চির অধিক ব্যবধান থাকিবে না।

একটি প্রাচীন বিধি অধুসারে মৃক্ত বা বন্ধ পদ্মাসন অন্যাসকালে,
নারীগণ প্রথমে বাম চরণ দক্ষিণ উক্তে স্থাপন করিচুকন। কাহারে।
কাহারো মতে এইরপ চরণ স্থাপন নারীদের প্রকেই স্থানিদার ক্রান্ত্রক্র।
মৃক্ত পদ্মাসনে বসিয়া ছাত্রীরা ও মহিলাধ্ব ক্রোগ্রের, পুরুষার্ক্ত প্র

জপধ্যানাদি করিলে অশেষ উপকার পাইবেন। রেঙ্গুনস্থ রামকৃষ্ণ মিশন সমিতিতে অবস্থান কালে প্রাভন্তমণান্তে আমি যখন পল্লাসনে বসিয়া জপধ্যান করিতাম তখন পলীর যে সকল শিশু আমার সঙ্গে বেড়াইতে যাইত তাহারা আমার পাশে পল্লাসনে চোখ বৃদ্ধিরা বসিয়া থাকিত। কিছুদিন এইভাবে বসিবার ফলে অনেক হুই ও চঞ্চল শিশু শান্ত ও ধীর হইয়া যায় এবং লেখাপড়ার অধিকতর মনোবোগী হয়। পল্লাসন অভ্যাসের ফলে শিশুদের স্বভাব পরিবর্তন দেখিয়া তাহাদের মাতাপিতারা আশ্বর্যাধিত হন।

# ভুজঙ্গাসন

মেক্লণ্ডকে বৌবনযুক্ত করিবার দিকে পাশ্চাত্য ব্যায়ামবিংগণের তীক্ষ দৃষ্টি পজিয়াছে। ব্যায়াম-বিজ্ঞান সম্বন্ধ আধুনিক কোন পুত্তক পজিলেই জানা বায় বে, মেক্লণ্ডকে নমনীয় ও সবল রাখিতে না পারিলে স্বাস্থ্যকলা স্বল্ব-পরাহত। আধুনিক ব্যায়ামবীরগণ ইহা মুক্ত কঠে স্বীকার করিতেছেন। স্নায়্মমুহের মূল্ভলি মেক্লণেও অবস্থিত বলিয়া মাসুবের বৌবন ও জীবন উহার সবলতা ও নমনীয়তার উপর সমাক্ নির্ভ্র করে। মেক্লণেও নিয়মিত রক্তপ্রবাহ না আসিলে সায়্ম্ওলী হুর্বল ও দেহ অরাপ্রস্থা হয়। ভ্রজাসন, দলভাসন ও ধলুরাসন অভ্যাসের হারা মেক্লণেওর উত্তম ব্যায়াম হয় এবং পৃষ্ঠদেশে রক্তসঞ্চালন বাজে। দেহের এই সংশে রক্তপ্রবাহ সাধারণতঃ কিঞ্জিৎ আন্ত হয়।

ভুজক বা দর্প ক্রেছ হইয়া ফণা বিস্তার করিলে দেহের উদ্ধাংশকে যেরূপ শৃত্তে ভূলিয়া ধরে এই আসনে শরীরকে ছন্ত্রেপ বাঁকাইতে হয় বলিয়া ইহার নাম ভূজ্জাসন। এই ভাবে ভূজ্জাসন করিতে হয়। তৃতীয় চিত্র দ্রষ্টব্য। প্রথমে উপুত্ হইয়া ভূমিতে শুইয়া পড়। পদদর সংযুক্ত ও সরল থাকিবে। কপাল ও পেট মাটি ম্পর্শ করিবে। দেহের পেশীগুলি শিথিল রাধ। ক্ষুই ছুইটি ব্কের ছই পাশে বাঁকাইয়া এমন ভাবে ভূমিতে লাগাও, বাহাতে হাতের আঙ্গুলঞ্জলি ছই কাঁধের সমান থাকে। পায়ের গোড়ালী ছইটি উপরের দিকে ফিরাইয়া সোজা কর। নাভিদেশ হইতে পা পর্যান্ত মাটিভে লাগাইয়া রাখ এবং হাতের উপর ভর দিয়া নাভিদেশ ছইতে মন্তক পর্যান্ত ধীরে ধীরে ভোল। দৃষ্টি সম্মুখ দিকে প্রসারিত কর। ইহাতে গলায় বেশ টান পড়িবে, পীঠের আন্তর পেশীগুলি সন্তুচিত হইবে এবং মেরুদণ্ড পশ্চাৎ দিকে বাঁকিবে। প্রথম অভ্যাসের সময় হাতের উপর খুব জোর পড়ে। অনস্তুর আসনে অভান্ত হইলে কোমরের উপরই বেশী কোর পড়িবে এবং ছাভ ছটি শিথিল ভাবে মাটিভে লাগিয়া থাকিবে। হাতের উপর জোর বেশী পড়িলে মেরুদণ্ডের পেশীসমূহ ও ভত্তপ্রলির আবশ্বকীয় ব্যায়াম হয় না। ডিন বার হইতে সাভ বার এই আসন কর। প্রভ্যেক বারে উক্ত আসনে পাঁচ সেকেও হইতে দশ সেকেও থাকিবে। বেমন ধীরে ধীরে মাধা ভূলিবে ভেমনি ধীরে ধীরে মাধা নামাইয়া কপাল ভূমিতে ঠেকাইবে।

এই আসনে মেকুদণ্ডের কাঠিত দূর হয় ও নমনীয়তা বাড়ে এবং রক্তপ্রবাহ মেকুদণ্ডে অধিক পরিমাণে আসিয়া স্নায়ুমূলগুলিকে সভেজ

করে। নাভি ভূমিসংলগ্ন রাধিয়া মাধা, বাড় ও পীঠ পশ্চাৎ দিকে বাঁকাইবার জন্ম মেরুদণ্ডের অথামুখী বক্রতা সংশোধিত হয়। ভলপেটের আভান্তরিক চাপ এই আসনে বেশ বাভে। অধিক পরিশ্রমের জন্য পীঠে ব্যথা হইলে হুই এক বার মাত্র ভুদলাসন করিলে ভাহা দ্রীভূত হয়। মেরুদণ্ডে বত্তিশ কোড়া সায়ুমূল-অবস্থিত। এই সায়ুমুলগুলি ভুজসাসনে সভেজ ও সবল হয়। প্রথম অবস্থায় শ্বাদের গভি স্বাভাবিক থাকিবে। পরে বায়ু কৃত্তক করিয়া আসন অভ্যাস করা যায়। ভুজঙ্গাসন অভ্যাস করিলে ষকৃৎ এবং প্লীছা স্বস্থ ও সবল থাকে এবং কোমরে বাত আশ্রয় করিতে পারে না। ইহাতে কোমরের বাতব্যাধি সারিয়া যার। হলাসনাদির ক্সায় ভুক্সাসনেও থাইরয়েড গ্রন্থিব ব্যায়াম আদৌ হয় না। স্বামী কুবলয়ানন্দ বলেন, "আহারের অব্যবহিত পরে যাহাদের পেটে বায়ু হয় ভাছারা ভুজ্জাসন করিলে অচিরে উপকৃত হইবেন।" আহারের কিয়ৎক্ষণ পরে যাহাদের পেটে বায়ু হয় তাহারা শলভাসন অধিক করিবেন। উভয় অবস্থায় ধনুরাসন করা চলে। কাহারও কাহারও মতে স্থদীর্ঘ অভ্যাসের ফলে ভুলস্থাসনে তিন মিনিট থাকা যায়। ইহাকে স্পাসনও বলে।

### শলভাসন

ভলপেটের আভাস্তবিক চাপ বৃদ্ধি করিতে যৌগিক ব্যায়ামের ক্ষমতা অপরিসীম। তলপেটে এই চাপের অভাব হইলে বৃহদত্ত্ব (colon) এবং মলদার (rectum) স্থ স্থ কর্তব্য পালনে বিমুখ হয়। তখন কোন্তবন্ধতা ও অজীর্ণতাদি রোগ জ্বা। উক্ত চাপ বৃদ্ধি করিতে ভূজসাসন, শলভাসন ও ধন্বরাসনের অসীম শক্তি আছে। এই কার্য্যে ময়্বাসন অদ্বিভীয়। পাশ্চাত্য ব্যায়ামবিংগণ এই চাপ বৃদ্ধির উপযুক্ত ব্যায়াম আবিশারে অসমর্থ হইয়া যৌগিক ব্যায়ামের অনুকরণ করিতেছেন; কিন্তু অনুকরণে যৌগিক ব্যায়ামের অঙ্গহার তাহাদের উন্তাবিত ব্যায়ামগুলি আশানুত্ধপ ফলপ্রদ হইতেছে না।

আমাদের শরীরে ছই প্রকার মাংসপেশী আছে। কভকঙাল অলসমূহকে ভাঁজ ও সন্ধু চিত করে। সেইগুলির নাম সংকোচক পেশী (flexor)। আর যেগুলি অলপ্রভালকে প্রসারিত করে তাহাদের নাম প্রসারক পেশী (extensor)। হাতের বাইসেপ-(bicep) নামক মাংসপেশীগুলিকে ক্লেক্সার এবং ট্রাইসেপ (tricep) নামক মাংসপেশীগুলিকে এল:টুলার বলে। শলভাসনে এই উভর প্রকার মাংসপেশীর উত্তম ব্যায়াম হয়। 'শলভ' শহদের অর্থ পভল্প বা ক্রিং। এই আসনে শলভের মত পশ্চাৎ দিকে পদহর ভূলিরাং ধরিতে হন্ধ বিলিয়া ইহার নাম শলভাসন। চতুর্য চিত্র ক্লেরাঃ।

শলভাসন এই ভাবে করিতে হয়। ভুজঙ্গাসনের মত শরীর সরক রাখিয়া উপুড় হইয়া শোও। হাত ছুইটা মৃষ্টিবন্ধ করিয়া দেহের ছইপাশে সোজাভাবে রাধ। চিবৃক মূধ ও নাক মেজেভে লাগিবে। किश्वा अपू विवृक मार्काए नाशाहरन ७ वरन। माथा भणाद मिरक একটু বাঁকিবে। পুরা নিশ্বাস লইয়া সমগ্র শরীরকে কাঠের মড শক্ত কর এবং বৃক ও মৃষ্টিবয়ের উপর ভর দিয়া পাছটী সংযুক্ত ও সরল রাধিয়া পিছনের দিকে ভোল। ভুক্তসাসনে ধেমন নাভিদেশ হইতে দেহের উর্দ্ধাংশ ভূলিতে ২য়, তেমনি শলভাসনে নাভিদেশ হইতে দেহের নিয়াংশ শৃত্তে ভোলা দরকার। উন্তোলিভ দেহের ভার প্রধানতঃ দৃঢ়বদ্ধ মৃষ্টিবরের উপর পড়ে। লক্ষ্য রাখিতে হইকে বে, পা হটী বেন হাটুর কাছে বাঁকিয়া না বায়। এই আসনে বভক্ষ থাকিবে ততক্ষণ নিশ্বাস ভিতরে আটকাইয়া দেহ শব্দ করিবে। যধন আর নিশ্বাস আটকাইয়া রাখিতে পারিবে না তখন ধীরে ধীরে পা ছটী নামাইয়া মেজেতে লাগাও, পেশীওলি শিথিল কর এবং প্রশাস ত। গ কর। খাসক্রিয়া খাভাবিক হইলে পুনরায় আসনটি অভ্যাস কর। ভিন বার হইতে সাভ বার শলভাগন করা বাইতে পারে। প্রভ্যেক বারে পাঁচ হইতে দশ সেকেণ্ড থাকিভে পার। পা ছুইটি মেকে হইতে কমপকে আধ হাত তুলিতে হয়। অভ্যাস বুদুঢ় হইলে পা হইটিকে মেজে হইতে এক হাতের অধিক উপরে ভোলা বার।

নাসিকা দারা ধীরে ধীরে নিধান টানিতে টানিতে পাছটি শৃক্তে ভূলিতে হয়। যতক্ষণ কট না হয় ততক্ষণ খাস ক্রছ করিয়া পা চুইটি ভূলিয়া রাখ। পরে ধীরে ধীরে প্রশাস ফেলিতে ফেলিতে পা ছুইটি নামাইয়া মেজেতে লাগাও। এইরূপে খাসবায়ুর পুরুক, কুজক ও

রেচকের সহিত খলভাসন করিলে অধিকতর স্থফল পাওয়া বায়। এই আসনে ভিসেরার (viscera) চাপ বৃদ্ধি হওয়ায় ফুসফুস 😉 ক্রৎপিণ্ডের অতিরিক্ত ব্যায়াম হয়। সেইজ্ব বাহাদের ক্রৎপিও ও ফুসফুস্ ছুর্বল ভাহাদের এই ব্যায়াম করা অমুচিত। ইহাতে প্রসারক পেশীগুলি সংকৃচিত ও ভজ্জন্ত রক্তস্নাত হয় এবং সংকোচক পেশীগুলি বি**ঞা**ম লাভ করে। নিংখাস রুদ্ধ থাকার জ্ঞা ফুস্ফুস্ নামিয়া ভিসেবার উপর চাপ দেয়। সেইজ্ম ইহাতে তলপেটের আভাস্থরীক চাপ বাড়ে। স্বামী কুবলয়ানৰ বলেন, শলভাদনে বন্তিদেশ (pelvis) ও তলপেটের স্থন্দর ব্যায়াম হয়। শল্ভাসন কিছুকাল অভ্যাস করিলে পাল্পের প্রুটিয়াস ম্যাক্সিমাস gluteous maximus) নামক প্রসারক পেশী**ও**লির বিশেষ উপকার হয়। কলিকাতার কোন যুবকের পায়ে অন্ত্রোপচার নিমিত গ্লুটিয়াস মাজিমাস পেশীওলি সঙ্কৃতিত হইয়া বায়। তজ্জ্বল সে উক্ত পদ সম্পূর্ণ সোজা করিতে: পারিত না। আমার নির্দেশে কিয়ৎ কাল শলভাসন করার পত্র ভাহার সেই পেশীওলি স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়।

ভারোভোলকগণ শলভাসন অভ্যাস করিলে অধিকতর ভার ভূলিভে সমর্থ ইইবেন। এই আসনে দেহের নিয়াল স্থাচ় ও স্থপুই হর এবং কটিবাত সারিয়া বায়। ঋতুকালে নারীদের এবং মৈথুন ও অপ্রদোষাদির পর পুরুষদের যে 'মাজাব্যাথা' হয় ভাহা এই আসনাভ্যাসে অচিরে আরোগ্য হয়। সায়াটিকা, কোর্চবদ্ধতা ও পায়ের বাত প্রভৃতি ব্যাধি এই আসনে নিরাময় হয় এবং মাজা ও পাছার অভিরিক্ত চর্বি কমে।

শলভাসনে সংধারণভঃ ৰঙ মৃষ্টিবয় চিৎ করিয়া দেহের ছই পাশে

রাখিতে হয়। কাহারও কাহারও মতে হাত মৃষ্টিবদ্ধ না করিয়া চেটোছটি প্রসারিত অবস্থায় জামুর নীচে মাটিতে লাগাইয়া রাখা যায়। দীর্ঘ অভ্যাসের ফলে এই আসনে আধ মিনিট হইতে এক মিনিট থাকা সম্ভব। প্রথম অবস্থায় যাহারা ছই পা এক সলে তুলিতে পারিবে না তাহারা কিছু দিন বাম বা ডান একটি পা তুলিয়া আসন করিবেন। একটি পা যভদূর সম্ভব উপরে তুলিতে হইবে। পরে ইহা নামাইয়া অভ্য পা তোলা দরকার। ইহাকে অর্থ শলভাসন বলে। অল্প কাল অর্থ শলভাসন করিবার পর পূর্ণ শলভাসন করা সহজ্পাধ্য হয়। কোন কোন যৌগিক গ্রন্থে অর্থশলভাসনের উল্লেখ দেখা যায় না। অক্ষম অভ্যাসকারীদের জভ্য ইহা স্থামী কুবলয়ানন্দ কর্তুক আবিদ্ধৃত।

## ধরুরাদন

পাশ্চাতোর ধারণা, এই ব্যায়াম তাহাদের অভিনব আবিকার; কিন্তু উক্ত ধারণা নিভাস্ত আস্ত । এই আসন আবহমান কলে হইতে আমাদের দেশে প্রচলিত। ইহাতে ধর্র মত দেহের উভয় প্রাস্ত পশ্চাৎ দিকে বাঁকাইতে হয় বলিয়া ইহার নাম ধর্বাসন। ত্রিশিখী প্রাক্ষাণ উপনিবদের ৪০ শ্লোকে ধর্বাসনের এইরূপ বর্ণনা আছে।—

পাদাঙ্গুড়ী ভূ পাণিভ্যাং গৃহীদা শ্রবণাবধি। ধনুরাকর্ষকাকৃটং ধনুরাসনমীরিভম্ । অনুবাদ—বাম পদের অকুষ্ঠ বাম হাতে এবং ভান পদের অকুষ্ঠ ভান হাতে ধরিয়া জ্যা সংযুক্ত করার মত পদন্বয়কে কর্ণন্বয় পর্য্যস্ত আকর্ষণ করিলে ধনুরাসন হয়।

ধনুবাসন এইভাবে করিবে। পঞ্চম চিত্র দ্রষ্টব্য। ভ্রুক্সাসন ও
শলভাসন একত্রে করিলে ধনুবাসন হয়। ভ্রুক্সাসন বা শলভাসনের
মত শরীরকে শিথিল করিয়া উপুড় হইয়া শোও। পরে পা ছটী হাঁটুর
কাছে ভাঁজ করিয়া পাছার উপর রাখ এবং হাত ছটী দিয়া পায়ের
অকুষ্ঠ, বা গোড়ালী বা নলী ছটী ধর এবং তলপেট মাত্র মাটিতে
লাগাইয়া অবশিষ্ট দেহকে ধনুর মত পশ্চাৎ দিকে বাঁকাও। শরীর
যেন একপাশে হেলিয়া না যায়। তখন দেহকাও ও উরুদ্ধ ধনুক
এবং হাতপাগুলি ধনুকের জ্যার মত দেখায়। শরীরের ভার কেন্দ্র
হইবে তলপেট। অলক্ষণ এই অবস্থায় থাকিয়া বৃক ও হাঁটু মাটীতে
লাগাও। এইরূপে ছই তিন বার আসনটি অভ্যাস কর। পাঁচ
সেকেও হইতে আরম্ভ করিয়া পরে তিন মিনিটের অধিক এই আসনে
থাকিতে পারা যায়। ইহাতে শ্বাসগতি স্বাভাবিক থাকিবে।

প্রথম অভ্যাসকারীদের হাঁট্বয় পৃথক্ এবং উরুদেশ ভূমিসংলগ্ধ থাকে। অভ্যাস স্থান হইলে হাঁট্বয় ক্রমশঃ নিকটে আনিভে আনিভে শেষে সংযুক্ত হইবে এবং উরুবয় শৃক্তে উঠিবে। যথন হাঁট্বয় সংযুক্ত থাকে তথন অধিকতম ব্যায়াম হয়। ধয়ুরাসনে অবস্থিত হইয়া অপ্রে ও পশ্চাতে, বামে ও ভানে হলিলে পেটের বেমন মর্দন হয় ভেমনিটি বৈহ্যভিক মর্দনেও হয় না। এই আসনে পেটের রেক্টি (Recti) পেশীবয়ের উন্তম ব্যায়াম হয়। মেরুদওকে বেবিনযুক্ত রাখিতে এবং উহার অপ্রমুখী বক্রভাব সংশোধন করিভে ধয়ুরাসন সম্পূর্ণরূপে সমর্থ। মেরুদঙ্গত বভাদিন জনমনীয় ও অবিক্র ভাটিন ভেটিন ক্রেই আর

স্থাসিতে পারে না। পেটের মেদবৃদ্ধি নিবারণে ও স্থুলতা নাশে ইহা স্থান্থিতীয়। ভূক্তসাসনে, শলভাসনে ও ধনুবাসনে বথাক্রমে মেরুদণ্ডের উর্ধ, নিম্ন ও মধ্য স্থাপের উৎকৃত্ত ব্যায়াম হয়।

হাত দিয়া পা না ধরিয়াও ধনুবাসন করা যায়। অভিজ্ঞ ব্যক্তি হাত ছটি সম্পূর্বে পা ছটি পশ্চাতে শুন্তে প্রসারিত করিয়া এই আসন করিতে পারেন। সাধারণতঃ কাঁধের নীচ দিয়া হাত বাড়াইয়া পা ধরিবার বিধিও কোন কোন প্রস্কে দেখা যায়। অবশ্র ইহা অতিশয় কষ্টসাধ্য। তলপেটস্থ বৃহদত্ত্ব, ক্ষুদ্রান্ত্র, প্রীহা ও যকুভাদির দোব এই আসনে নই হয়। ভ্রুক্তাসন, শলভাসন ও ধনুবাসন এবং উড্জীয়ান, নৌলী ও ময়ুবাসন পরিপাক-শক্তি বর্ধনে বিশেষ কার্যকরী। ভূক্ত ক্রব্য জীর্ণ হইলেও উহা হইতে সারাংশ প্রহণ ও সঞ্চয় করিবার শক্তি পরিপাক যন্ত্রগুলিতে সর্বদা বিশ্বমান থাকে না। তলপেটস্থিত যন্ত্রাদির উক্ত শক্তি বর্ধনে ধমুরাসন অতুলনীয়।

# কুকুটাসন

ত্তিশিৰী বাহ্মণ উপনিষদের ৪১ স্লোকে কুক্টাসন এইভাবে ৰণিত আছে।—

পদ্মাসনং স্থসংস্থাপ্য জানুৰ্বোরস্তরে করে।
নিবেশ্য ভূমাৰাভিষ্ঠেদ্ ব্যোমস্থঃ কুকুটাসনম্।।
অধুবাদ — মুক্ত পদ্মাসনে ৰসিয়া বাম জামু বাম উক্লর মধ্যে ও বাম

হাত এবং ডান জামুও ডান উক্লর মধ্যে ডান হাত চুকাইয়া বিস্তৃত চেটো হুটী মেজেতে লাগাও এবং হাত হুইটীর উপর ভর দিয়া পদ্মাসনস্থ দেহ শুন্তে তোল। ইহাই কুকুটাসন। যন্ত চিত্র দেখ।

উক্ত আসনস্থ ব্যক্তিকে কুকুট বা মুনগীর মত দেখায় বলিয়া ইহার নাম কুকুটাসন। অভ্যাসের ফলে ক্ষুই ঘরের উপরেও হাঁটু ঘর ভোলা যায়। ১০৷১৫ সেকেও হইতে এক মিনিটের অধিক কলে এই আসনে থাকা সম্ভব। ছই ভিন বার এই আসন অভ্যাস করিতে পার। প্রথম অবস্থায় কুন্তক করিতে হয়; কিন্তু পরে কুন্তক না করিয়াও এই আসনে থাকা যায়। ইহাতে হাতের বিশেষতঃ কজীর, জাের খুব বাছে। এই আসনে স্বপ্রদােষ বন্ধ হয় এবং ছর্বল পরিপাক বন্ধ সবল হয়। ইহার নিয়মিত অভ্যাস ঘারা স্থ্যা নাড়ীর কন্ধ ঘার মৃক্ত হয় ও উভয় নাকে সমান ভাবে নিশাস চলে। এই আসন করিতে হয় ওবং ভূমিসংলগ্ন হস্তঘ্য সংযুক্ত বা পৃথক্ থাকে।

ত্তি শিখী প্রাহ্মণ উপনিষদের ৪২ শ্লোকে উন্তান কুর্মাসনের বর্ণনা এইরূপ আছে।—

কৃঞ্টাসনবন্ধক্যে দোর্ভ্যাং সংবধ্য কন্ধরম্। শেতে কুর্মবচ্নতান এতদ্ উদ্থান কুর্মকম্।।

অনুবাদ — কুরুটাসনে অবস্থিত হইয়া বাড় ও কাঁধ ছটীকে দৃঢ়ভাবে চাপ দিয়া কুর্মবৎ দেহ ও মূখ উর্জ দিকে ভূলিলে উন্তান কুর্মাসন হয়।

কুরুটাসনে উপকারিতা উন্তান কুর্মাসনে অধিকতর পরিমাণে পাওরা বার। কুর্ম বা কছেপের মত দেহের আকৃতি হর বলিয়া এই আসনের নাম হইয়াছে কুর্মাসন।

## গোরকাসন

অপ্তকোষদ্বরের মধ্যে শুক্র উৎপন্ন হইয়া শুক্রান্থরে যায়।
শুক্রান্থরে সঞ্চিত শুক্র রক্তে মিপ্রিত হইয়া রক্তকে গাচ় ও পুষ্ট
করে। গুঞ্ছারের উপরে লিক্সমুলের সমীপে শুক্রান্থর অবস্থিত।
আমরা যাহা আহার করি তাহার সারাংশ রসে পরিণত হয়।
রস রক্তে, রক্ত মাংসে, মাংস মেদে, মেদ অস্থিতে, অস্থি মজ্জার,
এবং মজ্জা শুক্রে পরিণত হয়। রস, রক্ত, মাংস, মেদ, অস্থি,
মজ্জা ও শুক্র—এই সপ্ত ধাতুতে মানব শরীর গঠিত। শুক্রই দেহের
স্ক্রেতম ও সর্বশ্রেষ্ঠ সারাংশ। পাঁচ ফোঁটা রসে এক ফোঁটা
রক্ত, পাঁচ ফোঁটা রক্তে এক ফোঁটা মাংস, পাঁচ ফোঁটা মাংসে
এক ফোঁটা মেদ, পাঁচ বিন্দু মেদে এক বিন্দু অস্থি, পাঁচ বিন্দু
অস্থিতে এক বিন্দু মজ্জা এবং পাঁচ বিন্দু মজ্জায় এক বিন্দু শুক্র
জন্মে। সেই শুক্র অপ্তকোষদ্বরে উৎপন্ন হইয়া শুক্রান্থরে সঞ্চিত
হয়। নারীদের গর্ভাশয়ের মত পুরুষদের শুক্রান্থর হইটীও আকারে
ডিমের মত।

লিক্সন্ল ও গুরুষারের মধ্যে যে সীবনী আছে তাহা এক গুড় সার্ব সমষ্টি। সীবনীকে আকুল দারা টিপিলে ভত্তস্থ নাড়ীগুছের অন্তিদ্ব অনুভূত হয়। ব্যায়ামের অভাবে এই নাড়ীগুলি নিক্ষিয় ও অলস হইয়া পড়ে। তথন শুক্রাশয়ে সঞ্চিত শুক্র সম্পূর্ণরূপে রক্তে মিশ্রিত হইতে পারে না। এইক্ষ্ণ কামবেগ, লিক্সোধান ও স্বাদোষাদি হয়। গোরক্ষাসনের দারা শুক্রাশরের চারিদিকস্থ সায়ুজাল ও শিরাসমূহের যথার্থ ব্যায়াম হয়। এই ব্যায়ামের ফলে শুক্রাশয়ে শুক্র উপস্থিত হইয়াই রক্তে মিঞ্জিত হয় এবং শুক্রাশয়ৈ থাকিয়া উত্তেজনা সৃষ্টি করিবার অবসর পায় না। গোরক্ষাসনকে ব্রহ্মচর্য্য ব্যায়াম বলে। ইহার নিয়মিত অভ্যাস বীর্য্যধারণের সহায়ক ও স্বপ্রদোষাদি নিবারক। যে সকল বালকবালিকা হস্তমৈথুনাদি কৃত্রিম উপায়ে বীর্যাক্ষয় করে ভাহারা এই আসন দৈনিক অভ্যাস করিলে উক্ত দোব হইতে শীল্প মুক্ত হইবে।

গোরক্ষাসনের অতা নাম মৃক্রাসন। ত্রিশিখী ব্রাহ্মণ উপনিষদের ৪৬ শ্লোকে মৃক্রাসনের এইরূপ বর্ণনা প্রদত্ত।

> সীবনীপার্ষমৃভয়ং গুল্ফাভ্যাং বৃংক্তমেন তু। নিপীড্যাসনমেতচ্চ মৃক্তাসনমূদীরিতম্।

অসুবাদ—মুক্তাসনে ডান ও বাম গোড়ালী দ্বয় যুক্তভাবে অওকোষের নিয়ে সীবনীতে লাগিবে।

গোরক্ষাসন এই ভাবে করিতে হয়। সপ্তম চিত্র দেখ। একটী কম্বল বা নরম বিছানার উপর স্থির ভাবে বস। ভৎপরে পদতল্বয় সংযুক্ত করিয়া উহাদের অঙ্গুর্ভবয়ের অঞাভাগ সম্মূদে রাখ। অনস্তর প্রসারিত হস্তবয় ছই পার্শ্বে ভূমিতে লাগাইয়া ও উহাদের উপর ভর দিয়া সংযুক্ত পদবয় ধীরে ধীরে অওকোবের নীচে টানিয়া আন। পরে সংযুক্ত গোড়ালীবয় মলবারের ছই পার্শ্বেরাথ এবং উহাদের উপর বস। ছই হাঁট্কে ছই হাতে চাপ দিয়া ভূমিতে লাগাও এবং মেরুদেও সোজা রাধিয়া উপবেশন কর। ছই উরুর নীচে ছই পা প্রায়িত এবং সংযুক্ত গোড়ালীবয় সীবনীর উপর বাকিবে। হাঁট্রয় ভূমিতে লাগিলে অনেকের পদব্রের অঞাভাগ

সংযুক্ত থাকে না। প্রথমে একটি হাঁটু মাটীতে লাগিবে, অপরটি হয়ত উঠিয়া থাকিবে। অল্পকাল নিয়মিত অভ্যাসের ফলে উভয় হাঁটুই ভূমি স্পর্শ করে।

প্রথম অবস্থায় হাঁটু ছটি ভূমিতে না লাগিলে হাত দিয়া হাঁটুর উপর বেশী জোরে চাপ দিবে না। এরপ করিলে ব্যথা লাগিতে পারে। গোরক্ষাসন করিলে শুক্রাশয়ের চার দিকে রক্ত-সঞ্চালন র্দ্ধি হওয়ায় শুক্রাশয় সক্রিয় থাকে। প্রথম সপ্তাহে আধ মিনিট, দ্বিতীয় সপ্তাহে এক মিনিট, এবং তৃতীয় চতুর্থ সপ্তাহে ছই মিনিট এই আসনে বসিতে অভ্যাস করিবে। প্রতিদিন একবার বা ছইবার এই আসনে বসিতে অভ্যাস করিবে। প্রতিদিন একবার বা ছইবার এই ব্যায়াম করিতে পার। সকালে ও সন্ধ্যায় এই আসন করা প্রশন্ত। অতি সাবধানে ও শান্তভাবে এই আসন করিতে হয়। ইহাতে বসিবার সময় মেক্রদণ্ড সোজা থাকিলেও শরীর এবং মন্তক সম্মুধ দিকে কিঞ্চিৎ হেলিয়া পড়িবে।

# সিদ্ধাসন

পদ্মাসনের স্থায় সিদ্ধাসনও উপাসনা এবং অধ্যয়নাদির পক্ষে বিশেষ প্রশস্ত। সিদ্ধাসন সিদ্ধ যোগিগণের অতি প্রিয়। এই আসন অভ্যাস করিলে অচিরে যোগসিদ্ধি লাভ হয়। এই জগ্ম ইহার নাম সিদ্ধাসন। কাহারও মতে সিদ্ধাসন আসনসমূহের মধ্যে শ্রেষ্ঠ। গোরক্ষ সংহিতায় (১৷১১) সিদ্ধাসনের এই রূপ বর্ণনা আছে।

(वानिकानकमिल्यु म्माष्टिष्ठः कृषा पृष्टः विकासिः भारतिकामस्योकसम्बद्धाः कृषाः स्वरं विकासिः । স্থাণুঃ সংযমিতে ক্রিয়ো ২চল দৃশা পশ্তন্ ক্রবোরস্করম্ তৈত ভাধাকপাটভেন কনকম্ সিদ্ধাসনম্ প্রোচ্যতে ॥

অনুবাদ—বোনিস্থানে (সীবনীতে) বাম গোড়ালী দৃঢ়ভাবে স্থাপন করিয়া স্থিরভাবে বস। ডান গোড়ালী লিক্সমূলের উপরে মেচ্রদেশে রাখ। চিবৃক বৃকে লাগিবেন দেহ উন্নত থাকিবে, ইন্দ্রিয়গুলি অন্তর্মুখী এবং চক্ষ্বয়ের দৃষ্টি ভ্রামধ্যে নিবদ্ধ হইবে। এই আসনে সিদ্ধির দার উন্মৃক্ত হয়। তেঞাে বৈন্দু উপনিষদে (১৷২৬) আছে, 'ষশ্মিন্ সিদ্ধিং গতাঃ সিদ্ধাঃ তৎ সিদ্ধাসনমূচাতে।' ইহার অর্থ, যাহাতে বসিয়া সাধকগণ সিদ্ধি লাভ করিয়াছিলেন তাহাকে সিদ্ধাসন বলে।

সিদ্ধাসন এই ভাবে করিতে হয়। অষ্টম চিত্র দেখ। পদবয় প্রসারিত করিয়া বস। বাম পদ হাঁটুর কাছে ভাঁজ করিয়া বাম গোড়ালী সীবনীতে দৃঢ়ভাবে লাগাও। জননেন্দ্রিয় ও অওকোষদ্বয় বাম হাতে তুলিয়া ধরিয়া বাম গোড়ালী সীবনীতে ধীরভাবে লাগাইতে হয়। বাম পদতল ডান উক্লভে সংলগ্ন হইবে এবং বাম পদের অঙ্গুঠাদি ডান উক্ল ও হাঁটুর মধ্য দিয়া কিঞ্চিৎ উপরে উঠিবে। গোড়ালীর উপর বসিতে চেষ্টা করিবে না। সীবনীর ছই দিকে যে হাড়গুলি আছে সেইগুলির কঠিন স্পর্শ বাম গোড়ালীতে অনুভ্ত হইবে। বাম উক্ল ও বাম পদের মধ্যবর্তী স্থানে জননেন্দ্রিয় ও কোষদ্বয়কে রাখ। বাম পদের আয় ডান পদ ভাঁজ করিয়া লিক্লমূলের উপরে ডান গোড়ালী স্থাপন করিবে। ডান পদ বাম জানুর উপর প্রসারিত এবং ডান পদের অঙ্গুঠাদি বাম জানু ও বাম পদের মধ্যে রাখিবে। জননেন্দ্রিয় ও কোষদ্বয় ডান গোড়ালীর নিয়েও থাকিতে পারে। মেক্লণও সোজা রাখিবে। এই আসনে জপধ্যান করিবার সময় জ্ঞানমূলা করা উচিত।

উভয় করতল প্রসারিত করিয়া হাঁট্র উপর রাখিয়া তর্জনীয়ন্ন বাঁকাইয়া স্ব স্ব অন্তুঠে লাগাইবে। কোনও কোন পুত্তকে আছে, এই আসনে যৌন শক্তি হ্রাসপ্রাপ্ত হয়। স্বামী ক্ৰলয়ানন্দ ৰলেন, "গবেষণা ও দ্রদর্শিভার আলোকে নিঃসংশয়ে প্রতিপন্ন হইয়াছে যে, এই ধারণা স্বভাস্ত প্রাস্ত্র। এক ঘন্টা পর্যাস্ত্র এই আসনে বসিয়া সকলে প্রাতে বা সন্ধ্যায় বা সানের পরে জপধ্যান বা ধর্মপ্রস্থাদি পাঠ করিতে পারেন।"

পলাসনের মত সিদ্ধাসনেও নারিগণ নিজেদের স্থাবিধা মত বাম পদের পরিবর্তে ডান পদ এবং ডান পদের পরিবর্তে ৰাম পদ ব্যবহার করিবেন। কাহারো মতে পদ্মাসন অপেকা সিদ্ধাসন উপাসনার পক্ষে অধিকতর উপযোগী। বোনিস্থান বন্তিদেশস্থ সায়ুজালের কেন্দ্র। তথায় মূলাধার চক্র অবস্থিত ও কুওলিনী মহাশক্তি তন্মধ্যে বিরাজিত 🖟 ভহুপরি ৰাম গোড়ালী দৃঢ়ভাবে স্থাপিত হওয়ায় সিদ্ধাসন বীর্যধারণের সম্যক্ সহায়ক। সিদ্ধাসনে হাত ছটী সরলভাবে প্রসারিত হইয়। হাঁটুঘয়ে লাগিবে। এই আসনে বসিয়া জ্ঞানমুন্তা করিলে অঙ্গুলীর অঞ্জাগ দিয়া প্রাণবায়ু বহির্গত হইতে পারে না। ইহাতে উপাসনাদি করিলে অচিরে শুরুষা নাড়ীর দার উন্মুক্ত হয় এবং মেরুদৃগু স্বভাবতঃ সরল থাকার প্রস্থা কুওলিনী শক্তি উর্দ্ধগ্রী হর। বোগশাল্রে আছে, প্রাণায়ামাদি সাধন ব্যতীভও কেবল ঘাদশ বংসর কাল নিত্য সিদ্ধাসন অভ্যাস করিলে সাধক সিদ্ধ হন। বিবাহিত নরনারীর পক্ষে এই আসন রোজ এক ঘণ্টার অধিক অভ্যাস অবুচিত। সন্ন্যাসী, ব্ৰহ্মচারী, সাধক ও অবিবাহিত নরনারী সিদ্ধাসনে এক ঘণ্টার অধিক ৰসিছে পারেন। এই আসনে ভিন ঘটা স্থিরভাবে ও আরামে

বসিতে পারিলে আসন-সিদ্ধ হওয়া যায়। প্রাচীন ভারতের মূনিঋষিগণ সকালে ও সন্ধ্যায় সিদ্ধাসনে বসিয়া বেদাদি শাস্ত্র পড়িতেন ও পড়াইতেন এবং যোগসাধনা করিতেন।

# অর্ধ বন্ধ পদ্মাসন

বেলুড় মঠে অবস্থানকালে আমি একৰার সায়াটিকা (পদস্থ সায়ু)
ব্যথায় দীর্ঘকাল কই পাই। ঐ ব্যথা কোমর হইতে পা পর্যান্ত
ছড়াইয়া পড়িত। অনেক আয়ুর্বেলীয়, এলোপ্যাথিক ও হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহারে সম্পূর্ণ আরোগ্য লাভ করিতে পারি নাই।
হোমিওপ্যাথিক ঔষধে সাময়িক উপশম হইলেও কিছু দিন পরে
আবার ব্যথা দেখা দিত। জনৈক সয়্যাসী ওকলাতা আমাকে
অর্থবিদ্ধ পদ্মাসন অভ্যাস করিতে পরামর্শ দিলেন। অর্থকাল এই
অভ্যাসের ফলে আমি সায়াটিকা হইতে সম্যক্ রূপে আরোগ্য লাভ
করিলাম। সায়াটিক স্লায়ু (sciatic nerve) হুর্বল ও পরিশ্রান্ত
হইলে সায়াটিকা হয়। ব্যথার স্থানে খ্ব জোরে চাপ দিলে এবং
স্থের বা আওণের ভাপ লাগাইলে সায়াটিকার ক্ষণিক উপশম হয়।
ইন্ফ্রা রেড রশ্মির স্পর্শে এই সায়য়ুর প্রদাহ কমিয়া যায়।

এই ভাবে অর্থবদ্ধ পদ্মাসন করিতে হয়। নবম চিত্র দেও।
প্রথমে পদদ্ব প্রসারিত কর। পরে ডান পদ্টি ইট্রে কাছে ভাঁজ
করিয়া ডান গোড়ালী বাম উক্লর উপর রাও। ডান হাতে পীঠের
দিক দিয়া ডান পদের অক্ষ্ঠ ধর। বাম হাতে প্রসারিত বাম পদের
অক্ষ্ঠ ধরিয়া নিঃখাস কেলিয়া ও ভলপেট ভিতরে টানিয়া মাধাটী

বাম জামুতে লাগাও। এই ভাবে আধ মিনিট হইতে এক মিনিট থাকিতে পার। ডান হাঁটু মেজেতে না লাগিলে ক্ষতি নাই।

বিপরীত ভাবে এই আসন আবার কর। বাম পদটি হাঁটুর কাছে বাঁকাইয়া ডান উরুর উপর রাখ। পীঠের দিক দিয়া বাম হাতে বাম পদের অঙ্গুষ্ঠ ধর এবং ডান হাতে প্রসারিত ডান পদের অঙ্গুষ্ঠ ধরিয়া নিঃশ্বাস ফেলিয়া ও ডলপেট ভিতরে টানিয়া মাথা ডান জামুর উপরে লাগাও। এই অবস্থায় আধ মিনিট হইতে এক মিনিট থাক। বাম হাঁটু মেজেতে না লাগিলেও চলে। এই আসনে সায়াটিকা প্রভৃতি স্ববিধ কটিবাত সারিয়া যায় এবং ক্ষ্ধার্দ্ধি হয়।

#### চক্রাসন

এই আসনে দেহকে চক্রাকারে বক্র করিতে হয় বলিয়া ইহার নাম চক্রাসন। ভক্রণ বয়সে বখন পেশীসমূহ এবং মেরুদণ্ড নরম ও নমনীয় থাকে তখন এই আসন অভ্যাস করা সহজ। বয়স অধিক হইলে এই আসন করা কষ্টকর। ইহাতে ভূজজাসন, শ্লভাসন ও ধনুরাসনের মিলিত ফল পাওয়া বায়। ইহাতে বালক-বালিকাদের ও ভক্রণ-তরুণীদের হস্ত, পদ ও বক্রের গঠন সুপৃষ্ট ও স্থুনী হয়, এবং জড়ভা ও আলক্ত চলিয়া বায়। ইহাতে মেরুদণ্ডের নমনীয়ভা বৃদ্ধি পায়।

চক্রাসন এই ভাবে করিতে হয়। দশম চিক্র দেখ। পদম্বর পরস্পার সংলগ্ধ করিয়া চিৎ হইয়া শোও। পরে হস্তব্য মাধার ছই পার্শে বিপরীত মুখে রাধিয়া এবং উহাদের উপর ভর দিয়া দেহকে উর্থদিক দিয়া বাঁকাইয়া পশ্চাতে ভূমিতে লাগাও এবং ধীরে ধীরে মাথাটি পায়ের দিকে হাতের সাহায্যে টানিয়া আন। পরে সাধ্যামুসারে পদ্বয় মাথার দিকে ধীরে ধীরে সরাও। এখন দেহটি অর্থবৃত্তাকারে অবস্থিত হইল। অনেকে দাড়াইয়া পিছনের দিক দিয়া ছটী হাত মাটিতে লাগাইয়া চক্রাসন করিতে পারেন; কিন্তু অনভ্যন্ত শিক্ষার্থীর পক্ষে এইরূপ প্রচেষ্টা অনিষ্টকর।

দীর্ঘকাল অভ্যাসের ফলে হস্তদ্বর ও পদদ্বর এত সমীপবর্তী করা বায় বে, দেহটি প্রায় চক্রাকারে পরিণত হয়। পাঁচ সেকেও হইতে দশ বা পনের সেকেও.এই আসনে থাকিয়া আবার হস্তদ্বর সোজা করিয়া চিৎ হইয়া ওইয়া পড়। কিছুক্ষণ বিশ্রামের পর আবার এই আসন অভ্যাস কর। প্রত্যহ সকালে ও সন্ধ্যায় হই বারের বেশী এই আসন করিও না। সতর্কভার সহিত এই আসন না করিলে হাঁটু, কোমর, ঘাড় বা কমুই প্রভৃতি সন্ধিস্থলে ব্যথা লাগিতে পারে।

যাহারা দাঁড়াইয়া চক্রাসন করিতে চায় তাহারা প্রথমে অর্থ-চন্দ্রাসন অভ্যাস করিবে। দণ্ডায়মান অবস্থায় উর্থে হন্তবয় প্রসারিত করিয়া দেহটি পশ্চাং দিকে বাঁকাও। পদবয় পূর্বং ভূমিতে সংলগ্ন থাকিবে এবং উত্তোলিত করতলবর সংযুক্ত হইবে। কোমর, পেট ও বুক সম্মুখ দিকে এবং মাধা হন্তব্যের সহিত পশ্চাং দিকে বাঁকিবে। এখন দেহটী অর্থচন্দ্রবং বক্র হইল। ইহাই অর্থচন্দ্রাসন। ভাল এবং বাম পার্থের দিকেও দেহকে এই ভাবে বাঁকান যায়। হাই ভূলিবার সময় আমরা স্বভাবতঃ দেহকে উক্ত রূপে বাঁকাইয়া থাকি। প্রাভঃকালে শ্যাভাগান্তে করেক বার অর্থচন্দ্রাসন করিলে দেহ-মনের জড়তা বিশ্বিত হয়।

### সর্বাঙ্গাদন

পাইরয়েড নামক নালীহীন গ্রন্থির উপর প্রভাব বিস্তার পূর্বক সমস্ত শরীরকে সবল ও সতেজ করে বলিয়া ইহার নাম স্বাঙ্গাসন। স্ব-সমগ্র এবং অঙ্গ-শরীর। ইহা একটি উৎকৃষ্ট বৌগিক ব্যায়াম। ইহার উপকারিতা অপরিসীম ও অবর্ণনীয়।

সর্বাঙ্গাসন এই ভাবে করিতে হয়। একাদশ চিত্র দেখ। মাথা ও পিঠ ভূমিতে লাগাইয়া চিৎ হইয়া শয়ন কর। পদদ্বয় সংযুক্ত ও সরল রাখিয়া মাটী হইতে তোল এবং কোমরের সহিত সমকোণ কর। করেক সেকেও এই অবস্থায় থাকিয়া পদদ্বয় উপরে তোল। কোমর ও দেহের পশ্চাৎ ভাগ পায়ের সঙ্গে সঙ্গের উঠিবে। এতকণ হত্তদ্বয় শরীরের উভয় পার্শে সরল ভাবে প্রসারিত ছিল। এখন কয়ই ইটী মাটীতে ধীরে ধীরে লাগাইয়া হাত হুটী দারা কোমরের হুই দিক ধর। মাথা, ঘাড়, পিঠের উর্দ্ধাংশ ও কয়ুই পর্যান্ত হত্তদ্বয় ভূমিসংলগ্ন থাকিবে এবং চিবৃক কঠকুপে সংযুক্ত হুইবে। চক্ষ্র দৃষ্টি ভালু বা পায়ের দিকে থাকিবে এবং নিঃখাস-প্রশাস ভাভাবিক বেগে বহিবে। মন গলদেশস্থ থাইরয়েড প্রস্থির উপর

হাত ছটী পিঠে না লাগাইয়া ভূমিতে সমান্তরাল ভাবে পূর্বৎ বাধা যায়। ইহাকে মুক্ত সর্বালাসন এবং প্রথম প্রকারকে বদ্ধ সর্বালাসন বলা বাইতে পারে। কাহারো কাহারো মতে বাম হাত দারা ভান হাতের কজি ধরিয়া কজিবদ্ধ হাত হটীকে পীঠে লাগান বায়; কিন্তু উপরোক্ত বিধিই নিরাপদ ও স্বাভাবিক। বাহারা

স্থুলকায় তাহাদের পক্ষে প্রথমে সর্বাঙ্গাসন করা কট্টকর হইবে।
সেইজন্ম বিপরীত করণী তাহাদের পক্ষে সহজ্ঞসাধ্য, অথচ উপকারী।
বিপরীতকরণীকে অর্জ সর্বাঙ্গাসন বলা হয়। সর্বাঙ্গাসনে দেহ ভূমির সহিত সমকোণে থাকে। আর বিপরীতকরণীতে দেহের পশ্চাং ভাগ এত উপরে উঠিবে না এবং হাত হুটি কোমরে লাগিবে। কোমরের ভার হাতের উপর পড়িবে এবং চিবৃক ও কঠদেশের মধ্যে যথেষ্ট ফাঁক থাকিবে। তখন কর্মই ও কোমর এবং পা হুটী দশুবং সরল দেখাইবে। যোগশাস্ত্রমতে বিপরীত করণীতে ২৪ সেকেশ্র হইতে আরম্ভ করিয়া রোজ কয়েক সেকেশু বাড়াইয়া তিন বন্টা পর্যন্ত থাকা যায়। কিন্তু খামী কুবলয়ানন্দ বলেন, চিল্লিশ মিনিটের অধিক বিপরীতকরণীতে থাকা অমুচিত এবং অক্যান্ত আসনের সহিত অভ্যাস করিলে ছয় মিনিটই যথেষ্ট।" ছয় মাস এই আসন অভ্যাস করিলে বৃদ্ধ দেহেও পুনরায় যৌবন সঞ্চারিত হয়।

সর্বাঙ্গাসনের উপকারিত। অবর্ণনীয়। সর্বাঙ্গাসনে দ্রীপুরুষদের যৌন প্রস্থিত হয়। প্রথম সপ্তাহে এক মিনিট, বিভীয় সপ্তাহে ছই মিনিট এই আসন করিবে। ছই মিনিট হইতে চব্দিশ মিনিট এই ব্যায়াম করা বার। উক্ত চব্দিশ মিনিটের মধ্যে বিশ মিনিট বন্ধ সর্বাঙ্গাসন এবং চার মিনিট মুক্ত সর্বাঙ্গাসন করিবে। অস্থাস্ত আসনের সহিত করিতে হইলে ছয় মিনিট করাই ব্থেপ্ট। তখন একমাত্র বন্ধ সর্বাঙ্গাসন করিবে। খাইরয়েড প্রস্থির নিক্ষিরভাজনিত জরার লক্ষণ এই আসনে বিশ্বিত হয়। অজীর্ণভা, কোষ্ঠাবন্ধতা ও একশিরা (hernia) প্রভৃতি ব্যাধি এই আসনাভ্যাসে সম্যক্ সারিয়া বায়। ইহাতে পুরুষদের অওকোষ এবং নারীদের গর্ভাশরের

ত্বিশতা সহকে আরোগ্য হয়। থাইরয়েড গ্রন্থি হইতে অভিরিক্ত রস নিস্ত হইলে গলগও (goitre) হয়। কেই কেই বলেন, সর্বাঙ্গাসনে গলগও হইবার আশস্বা আছে; কিন্তু এই আশকা অভ্যন্ত অমূলক এবং অজ্ঞভাপ্রস্ত।

রোগ সংক্রমণ, কঠিন ব্যাধি, ঘন ঘন গর্ভস্ঞার ও অভিশয় বীর্যক্ষয় হইলে থাইরয়েড গ্রন্থি ছুর্বল হইয়া পড়ে। ছুর্বল থাইরয়েড সবল করিতে সর্বাজ্ঞাসন অদ্বিতীয়। ইহাতে aorta নামক প্রধান রক্তবহা শিরা বিপরীতমুখা হওয়ায় শরীরের প্রচুর রক্ত গলদেশে আসিয়া থাইরয়েডকে রক্তমাত করে। সর্বাজ্ঞাসন হৃৎপিও হইডে অক্সিজেন-মিশ্রিত বিশুদ্ধ রক্ত নীচে টানিয়া আনিয়া থাইরয়েডকে রক্তমান ঘারা সতেক করে। এই আসন অভ্যাসের সহিত ছুধ, ফল আহার আরম্ভ করিলে চির যৌবন লাভ অসম্ভব নহে। ইহা অভ্যাস পূর্বক যোগিগণ ব্যাধি ও বার্ধক্যের আক্রমণ হইতে স্ব স্থ দেহকে রক্ষা করিয়া শতাধিক বংসর বাঁচিয়া থাকিতেন। সর্বাজ্ঞাসনে দীর্ঘ জীবন ও চির্যৌবন লাভ হয়।

এক এক বাবে ছই এক মিনিট করিয়া ছই তিন বাবে সর্বাঙ্গাসনটা পাঁচ ছয় মিনিট কর। অভ্যাস স্থৃদূদ হইলে একৈবাবে ৩।৪।৫ ৬ মিনিট পর্যান্ত উক্ত আসনে থাকিতে পার। প্রাতঃকালই এই ব্যায়ামের প্রকৃষ্ট সময়। দিনে ছই বার সকালে ও সন্ধায় এই আসন করা বাইতে পারে। বাহাদের প্রাতে মলত্যাগ হয় না তাহারা নিজ্রা-ত্যাগের পর এই আসন করিলে অপান বায়্র ক্লব্রগতি মৃক্ত হইয়া মলভ্যাগের বেগ অবিলয়ে আসিবে। নই যৌবন বা জীবনীশক্তি পুনক্ষার করিতে স্বাক্লাসন স্বপ্রকারে সমর্থ। রক্তে যে রোগবিষ (toxin)

জন্মে ভাহা নষ্ট হয় থাইরয়েড হইতে নিঃস্থত রসে। রোগবিষই দেহে সর্বরোগ সৃষ্টি করে। সর্বাঞ্জাসন অভ্যাস করিলে রক্তস্ত রোগবিষ্ণ নষ্ট হয় এবং দেহ আর ব্যাধিমন্দিরে পরিণ্ত হয় না।

কুষ্ঠরোগ বিশেষক্ষ চিকিৎসক ডাঃ সাজাউস ( Dr. Sajous ) वरमन, थाहेतरम्र ७-तरमत हिकिश्मात दाता कुर्धरताग व्यारतागा हम। পাইরয়েডের রস রক্তে মিশ্রিত হইলে কুর্চ:রাগের জীবাণু পর্যস্ত বিনষ্ট হয়। যোগ-মীমাংসা পত্তিকার ১ম খণ্ডের ১ম সংখ্যায় লিখিত আছে বে, দাক্ষিণাভ্যের কোন যোগী একটী কুষ্ঠরোগীকে সর্বাঙ্গাসন অভ্যাস ঘারা আশাতীত পরিমাণে স্বস্ত করিয়াছিলেন। এক বংসর আসনা-ভ্যাদের ফলে উক্ত রোগীর পায়ের ও হাতের আঙ্গুলের মধ্যে যে পচা ঘা হইয়াছিল তাহা সারিয়া যায় এবং সে আঙ্গুলগুলি অনায়াসে নাজিভে পারে। নর্মদাতীরে উক্ত যোগীর তত্তাবধানে সেই রোগী পাকিত। কিন্ত পথ্যাদির নিয়ম পালন ও আসনাভ্যাস ছাভিয়া দেওয়ায় তাহার রোগ বৃদ্ধি হয় এবং সে কোন কুষ্ঠাপ্রমে যাইয়া এই রোগে আরও ভিন বংসর ভূগিয়া দেহত্যাগ করে। ডাঃ ব্রাইদেকার (Brisacher ), রুম ( Blum ), কিসি ( Kishi ) প্রভৃতি বৈজ্ঞানিকগণের গবেষণার ইছা প্রমাণিত হইয়াছে যে, পাইরয়েড রসের সারাংশ কিঞ্চিত পরিমাণে ছুশ্ধে আছে। যে সকল পশুদেহ হইতে অস্ত্রোপচার ঘারা থাইরয়েড প্রস্থি তুলিয়া ফেলা হইয়াছিল তাহাদিগকে হ্রঞ্ক খাওয়াইলে দেখা যায়, তাহারা দীর্ঘতর কাল বাঁচিয়া থাকে।

সেইজন্মই ছম্মণথ্য কুষ্ঠরোগীর এত প্রয়োজনীয় এবং ছম্ম দারা ভাহাদের ক্ষত থোয়ান হয়। দেহে ছম্ম ইনজেক্সন করিলেও বাভাদি বহু রোগ সারিয়া বায়। স্বাঞ্চাসন অভ্যাসে ছম্ম-চিকিৎসার স্ব কল অধিকতর পরিমাণে পাওয়া যায়। এই আসনে জীর্ণ শীর্ণ অপ্তকোষণ্ড সবল হইয়া উঠে। কোন ত্রিশ বৎসর বয়য় তরুণের অপ্তকোষণ্ডয় অসংযমের ফলে জীর্ণ হয় এবং ইহাদের আকার পূর্বাপেকা ক্রুতর এবং ওজন চার প্রাম (gram) কমিয়া যায়। সেই হেতু য়্বকটির থাইরয়েডও য়র্বল হইয়া পড়ে। বিবিধ চিকিৎসায় ছয় মাসেও তাহার স্বাস্থ্যোয়তির কোন লক্ষণ দেখা গেল না। স্বামী কুবলয়ানন্দের নির্দেশে তিন মাস মাত্র সর্বাল্লাসন করার পর তাহার থাইরয়েড পূর্বাবল্লা প্রাপ্ত হইল এবং আরও তিন মাস পরে তাহার অপ্তকোষ স্বাভাবিক আকৃতি ও ওজন ফিরিয়া পাইল। ডাঃ লোরমাণ্ডা (Dr. Loranda) প্রভৃতি চিকিৎসকদের মতে নারীদের গর্ভাশর জীর্ণ হইলেই মেদবৃদ্ধি হয় এবং প্রক্রনন শক্তি কমিয়া যায়। গুরু ভোজনে অভ্যন্ত এবং ব্যায়ামবিমুখ নারিগণ অনেক সময় এইরূপ স্থলকায় হয়। সর্বাল্লাসনের সহিত লঘু আহার, উপবাস ও ঘর্ম-নির্গমন করিলে স্থলকায় নারীদের মেদ কমে এবং স্বাভাবিক স্বান্ত্য ফিরিয়া আসে।

#### মৎস্থাসন

সর্বাক্ষাসনের পরেই মংস্থাসন করিতে হর। সর্বাক্ষাসনে ঘাড়ের বে কঠিনতা ও আড়াইতা হয় তাহা মংস্থাসনে দ্রীকৃত হয়। মংস্থাসনে ঘাড়টী বিপরীত দিকে বক্র হওরায় ঘাড়ের পেশীসমূহ ও আয়ুগুলির উত্তম ব্যায়াম হয়। ইহাতে শ্বাসবন্ধ (pharynx) সম্পূর্ণরূপে উন্মুক্ত হয় এবং গভীর খাস ক্রত ও অবিরত চলে। ইহাতে স্বাঙ্গাসনের ফল অধিক মাত্রায় পাওয়া যায়।

এই আসনে দৃঢ়ভাবে অবস্থিত হইলে সম্বরণকালে জলের উপর মংস্তবং দীর্ঘকাল ভাসা যায় বলিয়া ইহার নাম মংস্তাসন। এই ভাবে মংস্থাসন করিতে হয়। দ্বাদশ চিত্র দেখ। পলাসনের স্থায় ভান পদ বাম জামুতে এবং বাম পদ ভান জামুতে এমনভাবে রাখ যাহাতে গোডালীদ্বয় পরস্পর সমকোণে থাকিয়া তলপেটে চাপ দেয়। এই অবস্থায় চিৎ হইয়া শোও এবং কমুই ছয়ের উপর ভর দিয়া মাথা, ঘাতৃ ও বুক পশ্চাৎ দিকে বাঁকাইয়া সেতৃর মত কর। এই সেতুর এক দিকে মাথা এবং অগ্ন দিকে পাছা ছটী ভূমিতে সংলগ্ন থাকিবে। ভারপর করুই ছটী ভূমি হইভে ভূলিয়া হাভ ছটী সোজা করিয়া বাম হন্তের ভর্জনী দারা বাম পদাঙ্গুষ্ঠ এবং ডান হন্তের ভর্জনী দ্বারা ডান প্রদাস্থ শৃত্যলবৎ আবদ্ধ কর। ঘাত বিশেষভাবে भक्तार मिरक वाँकिरव **अवर भनाग्न (बर्भ गाँन भन्निरव)** चरनरक ভর্জনী দারা পদাঙ্গুষ্ঠ না ধরিয়া মাথার তিন দিকে হল্ডদয় ভাঁজ করিয়া রাখে। এই ব্যায়াম প্রথম প্রকারে কিছুদিন অভ্যাসের পর দ্বিভীয় প্রকারে করিবে।

মংস্থাসনে মেরুদন্ত বিপরীত দিকে বক্ত হওয়ায় কুসকুস পূর্ণ
নিঃশ্বাস লইবার অবসর পায় এবং গভীর নিঃশ্বাস প্রহণে সমর্থ
হয়। এই আসন ছাভিবার সময় প্রথমে হাতছটি পদবয় হইতে
খ্লিয়া লইয়া কমুইবয় ভ্মিতে সংলগ্ন করিয়া সাবধানে বাড় সোজা
করিতে হয়, নচেং ঘাড়ে ব্যথা লাগিতে পারে। সর্বাঙ্গাসনে বভ
সময় থাকিবে মংস্থাসনে তাহার এক তৃতীয়াংশ বা অর্থেক সময়

থাকিবে। কয়েক বংসর পূর্বে সিংহলে অবস্থানকালে কলম্বো সহরের পার্যন্ত সমুদ্রে স্নান করিতে করিতে বর্তমান লেখক ও অক্স এক সাধু মংস্থাসনে গভীর সমুদ্রের উপর অনেকক্ষণ ভাসিয়া থাকিতেন। সমুদ্রভীরে দাঁড়াইয়া বহু সিংহলী নরনারী বিশ্বিত নয়নে ভাহা দেখিতেন।

# যোগমুদ্রা

কোষ্ঠকাঠিত হেতু মলভাও (colon) ক্রেমে ক্রমে মলপূর্ণ হইয়া
যায়। বহনপ্রের মল বহন করিবার অন্তুত শক্তি আছে। বহু মাসের
সঞ্চিত দ্বিত পদার্থ শুক্ত হইয়া ইহার গাত্রে লাগিয়া থাকে। চাপ
পভিলে রবার নলের মত ইহা বাড়ে। বহুদন্ত্র প্রায় ছয় ফুট দীর্ঘ।
ইহাতে দীর্ঘ কাল মল সঞ্চিত থাকিলে ফল মন্দ হয়। তথন ইহা
জঙ্তা প্রাপ্ত হয় এবং ইহার স্নায়্জাল নিশ্চেষ্ট হইয়া পড়ে এবং
ইহাদের কর্মশক্তি কমিয়া যায়। শুক্ত মলে হন্ত্রগাত্র ছিন্ন হয় ও
ক্ষত জন্মে। যাহারা পুরাতন কোষ্ঠবদ্ধতায় ভোগেন তাহাদের
তলপেটের পৈশিক প্রাচীর ছর্বল হওয়ায় পাকস্থলী ও অন্ত্রাদি
নিম্ন দিকে একটু বুলিয়া পড়ে। শীর্ষাসন সম্প্রেরপে, স্বাঙ্গাসন
আংশিক ভাবে এবং পশ্চিমোন্তান আসন কিঞ্চিৎ পরিমাণে উক্ত
রোগ প্রতিকারে সমর্থ। শীর্ষাসনের পরেই যোগ মৃত্রা এই দোষনাশে
এবং কোষ্ঠকাঠিত দুরীকরণে ও নিবারণে সমর্থ।

যোগমূজা এই ভাবে করিতে হয়। ত্রয়োদশ চিত্র দেখ। পদ্মাসনে বস। ইহার অর্থ, বাম জাধুর উপর ডান পদ এবং ডান

জারুর উপর বাম পদ এমন ভাবে রাখ, যাহাতে ডান গোডালী ভলপেটের পেলভিস ( pelvis ) নামক স্থানে এবং বাম গোড়ালী কিকামের (cecum) উপর চাপ দেয়। এখন হস্তদ্বয় পৃষ্ঠদেশে লইয়া ডান হাতে বাম কজি ধর এবং ধীরে ধীরে শরীর সম্মুধ দিকে নামাইয়া কপাল দ্বারা ভূমিস্পর্শ কর। পাছা উঠিবে না, বা মেরুদণ্ডের উপর আদে চাপ পভিবেনা। কিছু দিন এই ভাবে অভাাসের পর হস্তবয় পূর্চদেশে না রাবিয়া পদতলবয়ের উপর এই ভাবে রাখিবে—বাম করতল ডান পদতলের উপর এবং ডান করতল বাম পদতলের উপর। পদতলদ্বরের উপর করতলদ্বয় উক্ত রূপে বিক্তস্ত হইলে পেলভিদ ও কিকামের উপর অধিকতর চাপ পড়িবে। শরীর নামাইবার সময় প্রশ্বাস ছাড়িতে থাকিবে এবং ভূমি স্পূর্ণাস্তে উঠিবার সময় নিঃশ্বাস গ্রহণ করিবে। ভূমিতে কপাল লাগাইয়া তিন সেকেণ্ড হইতে দশ সেকেণ্ড পর্যন্ত থাকিতে পার। ইহার অধিক সময় থাকিবে না। এই আসন ভিন বার হইতে পাঁচ বার অভ্যাস করিতে পার। অভ্যস্ত হইলে যোগমুদ্রায় হুই তিন মিনিট পর্যাস্ত থাকা যায়। যোগমূদ্রা তলপেটের যন্ত্রগুলিকে স্বস্থ ও সবল রাখে এবং কোষ্ঠবরতা ও শুক্রতারল্যাদি রোগ আরোগ্য করে। পুরাতন কোষ্ঠবরতা থাকিলে যোগমূদ্রায় প্রথমতঃ ভূমিতে কপাল লাগান কষ্টকর হয়। যোগমূজায় মাথা নামাইবার সময় প্রস্থাস क्लिटिं इत्र अवर भाषा जूलियात मगत्र नि.याम लहेटिं इत्र । निःयाम প্রহণ ও প্রশাস ভ্যাগ পুরা মাত্রায় হওয়া আবশ্রক। ইহার ফলে ষোগমুদ্রার স্ফল বিগুণিত হয়। নিঃশাস ব্যায়াম না করিলে যোগমূজার পুরা ফল পাওয়া বায় না।

### অর্থ মৎস্থেন্দ্রাসন

মহাযোগী মংস্তেজ কর্তৃক জাবিদ্ধৃত এই জাসনের জভ্যাস কষ্টকর বলিয়া উহা কিঞ্চিং পরিবর্তিত জাকারে অর্ধমংস্তেজ্রাসন নামে জভিহিত। এই আসনে প্রধানতঃ মেরুদক্তের উত্তম ব্যায়াম হয়।

মেরুদণ্ডের স্বাভাবিক গভি ছয় প্রকার। ইহাকে সম্মুখে ও পশ্চাভে এবং দক্ষিণে ও বামে বক্ত করা বায় এবং বাম ও ডান দিকে মোচড় দেওয়া বায়, এই ছয় প্রকার গতিতে ইহার ব্যায়াম হয়। মেরুদণ্ডের স্বাস্থ্যরক্ষার জন্ম উক্ত ছয় প্রকার ব্যায়াম আৰশ্যক। স্বাক্ষাসন, হলাসন, পশ্চিমোতান ও বোগমুক্রায় মেকুদণ্ডের সম্মুধে বক্ত হওয়ার ব্যায়াম হয়। মৎস্থাসন, ভৃত্তকাদন, শলভাসন ও ধনুবাসনে ইহার পশ্চাৎ দিকে বক্ত হওয়ার ব্যায়াম হয়। অর্থমৎস্রেন্দ্রাসনে উভয় পার্বে বক্র হওয়া ও মোচড় দেওয়ার ব্যায়াম হয়। এই ব্যায়ামে মেক্লণওছ স্নায়্মূলওলিতে বক্তপ্রবাহ বাড়ে এবং বক্ত সেচনে স্নায়্-মৃলগুলি সঞ্জীবিত হয়। অর্ধমৎস্তেক্রাসন সায়বিক শক্তিলাভের অব্যর্থ উপায়। মূলার, ম্যাকফেডেন ও অক্তাক্ত ব্যায়ামবিৎগণ মেরুদণ্ডের বে সকল ব্যায়াম বিধান করিয়াছেন সেওলি বৌগিক<sup>°</sup> ব্যায়ামের ভূলনায় অকিঞ্চিংকর। যৌগিক ব্যায়ামে মেকুদণ্ডের বেমন প্রদারণ, নমন ও মোচত হয় ভেমন অক্ত কোন ব্যায়ামে হয় না। পশ্চিমোভান আসনে মূত্রাশয় ও বরুৎ স্বস্থ থাকে। অর্থমৎস্তেন্দ্রাসন ভলপেটের অন্তর্গাত্ত এবং পৃষ্ঠদেশের আন্তর মাংসপেশীগুলিকে মোচড় দিয়া পশ্চিমোন্তান আসনের ফলসমূহ পরিপূর্ণ করে।

অর্ধমৎস্তেন্দ্রাসন এই ভাবে করিতে হয়। চতুর্দশ চিত্র দেখ। পদত্বয় প্রসারিত কর এবং পরস্পারের সন্ধিকটে রাখ। পরে ডান পদ ভাঁজ করিয়া ডান গোড়ালী সীবনীর উপর দৃঢ়ভাবে লাগাও। পুরুষদের মল্বার ও কোষ্বয়ের মধ্যবর্তী স্থানকে এবং নারীদের মলদার ও যোনিদেশের মধ্যবর্তী স্থানকে সীবনী বলে। উক্ত স্থান আঙ্গুল দিয়া টিপিলে বেশ বোঝা যায়, উহার উভয় পার্শ্বে হুই খানি মোটা শক্ত হাড় আছে এবং হাড়ছয়ের মধ্যবতী অংশটি নরম। এই নরম অংশে ডান গোড়ালী দৃঢ়ভাবে লাগাইতে হইবে। বাম হাতে অওকোষ ভুলিয়া ধরিয়া ডান হাতে ডান গোড়ালী সীবনীতে ( perinium ) লাগান নিরাপদ; নচেৎ অওকোষে আঘাত লাগিতে পারে। ডান গোড়ালী সীবনীতে এইরূপে স্থাপন করিতে হইবে যে, ডান পদতল যেন বাম উক্লদেশে সংলগ্ন হয়। এই আসনে গোড়ালীর উপর বসিবে না : কিন্তু উপরোক্ত প্রকারে বসিতে না পারিলে ডান গোডালী দিয়া মলঘার ও সীবনী চাপিয়া ধরিয়া ডান পায়ের উপর বসিতে বাধ্য হইবে। অনস্তর বাম পদকে ভাঁজ করিয়া ডান উক্লর ডান দিকে ভূমিতে খাড়া ভাবে বসাও। তারপর ডান হাত দিয়া ৰাম হাঁটু ডান বগলে চাপিয়া ধরিয়া, উহার সাহাযো বাম হাঁটু শক্ত করিয়া ধর এবং বাম হাতে পিঠের উপর দিয়া ভান পায়ের গোড়ালী ধরিয়া পিঠ, মাথা ও ঘাড় বাম দিকে খোরাও। বাম হাতে ডান গোড়ালী না ধরিয়া ডান উক্ল ধরিলে মেরুদতের আরও মোচড় হয়। মাথা যত দূর সম্ভব বাম দিকে घुतिरव এবং চিবৃক বাম काँरिश्त সহিত সরল রেখায় খাকিবে। বুক সৰ্বনা উন্নত রাখিতে হইবে।

এই অবস্থায় কয়েক সেকেও থাকিয়া হাত পা ছাড়িয়া দাও।
পরে বাম গোড়ালীয় উপর বসিয়া বিপরীত দিকে এই ব্যায়াম
কর। এই আসন উভয় দিকে ছই বা তিন বার করিতে পার।
প্রত্যেক বার এক মিনিটের অধিক সময় থাকিও না। এই আসন
অভ্যাসকালে মেরুদও অবক্র থাকিবে এবং শ্বাস প্রশ্বাস স্থাভাবিক
গতিতে চলিবে। ইহাতে কোষ্ঠবদ্ধতা, উদরাময়, বর্ধিত প্রীহা প্রভৃতি
আরোগ্য হয় এবং অলস যকৃৎ ও নিজ্ঞিয় মূত্রাশয় সবল হয়। প্রোঢ় বা
বৃদ্ধ বয়সে অনেকের মূত্রাশয়স্থ প্রোষ্ট্রেট(prostrate)গ্রন্থিন্তলি নিজ্ঞিয়
হয়। তখন ক্যাথিটার নামক যন্ত্র হারাকৃত্রিম উপায়ে প্রস্রাব্য করাইতে
হয়। উহাতেও প্রস্রাব না হইলে তলপেটে অস্ত্রোপচার হারা মূত্রাশয়ে
রবার নল বসাইয়া কৃত্রিম মূত্রনালী করা হয়। অর্থমৎস্থেক্রাসন
নিয়মিতভাবে অভ্যাস করিলে বার্ধক্যেও মূত্রাশয়ের কোন রোগ
হয় না। প্রক্রমদের স্থায় নারীদেরত্ব এই আসন করা উচিত।

অর্থমংশ্রেক্রাসন আরও সহজ করিলে বক্রাসন হয়। এই আসনে মেরুদেওকে বক্র করিতে হয় বলিয়া ইহার নাম বক্রাসন। বক্রাসন এই ভাবে করিতে হয়। পদদ্ব প্রসারিত ও সংযুক্ত করিয়া বস। পরে ডান পদ উচু করিয়া তোল এবং উহাকে বাম হাঁটুর কাছে রাখ। এখন মেরুদেওকে কিঞ্চিৎ ডান দিকে বাঁকাইয়া ডান হাত পশ্চাৎ দিকে রাখ। বাম বাহু দারা ডান হাঁটু বেষ্টন করিয়া বাম হস্ত ভূমিতে লাগাও। ডান হাঁটুকে বাম দিকে যত দূর সম্ভব ঠেল এবং মেরুদেও ডান দিকে মোচড় দাও। ডান হাঁটু পূর্ববং যথাস্থানে রাখিয়া বাম বাহু দারা চাপ দিবে। মুখটি ডান দিকে এত দূর ঘোরাও, যেন উহা ডান কাঁধের উপর আসে। ইহাতে ডান

দিকে মেক্সনতের পুরা মোচঙ্গ হয়। ডান হাঁটুর পরিবর্তে বাম হাঁটু দিয়া আরম্ভ করিসে বাম দিকে মেক্সদতের পুরা মোচঙ্গ হয়। উভয় দিকে বক্রাসন তিন মিনিটের বেশী করিও না। অর্ধনংম্যেক্রাসন করিতে যাহাদের কট হয় তাহারা প্রথম বক্রাসন করিবে। বক্রাসন কিছু দিন করিলে পর অর্ধনংম্যেক্রাসন করা সহজ হয়।

### উজ্জীয়ান

ইহাতে ভায়াক্রাম (diaphragm) এবং পঞ্চর উপরে ভূলিয়া ধরা হয় বলিয়া ইহার নাম উড়্ডীয়ান। থোরাক্ষ (thorax) এবং তলপেটের মধ্যে যে পৈশিক প্রাচীর আছে ভাহাকে ভায়াক্রাম বলে। যোগমানগে বৈনাদিকে বিবৃত হইয়াছে যে, উড়্ডীয়ান ও নৌলীর দ্বারা ক্রক রক্তে মিশ্রিত হয় এবং শুক্র শুক্রাশয়ে সঞ্চিত হইয়া আর উত্তেজনা সৃষ্টি করিতে পারে না। এই ব্যায়ামে শরীরের শুক্রধারণশক্তি যথাসম্ভব বৃদ্ধি পায়। স্বাস্থ্যবক্ষার জন্ম ইহা অপরিহার্ষ। উড়্ডীয়ান বা নৌলীর বিশদ বর্ণনা দেওয়া সম্ভব নহে। তলপেটের অস্তরক্ত মাংসপেশীর সংযম (control) কি ভাবে করিতে হয় তাহা বলা বা লেখা অপেক্ষা দেখান সহজ। এইজন্ম এই ব্যায়াম ত্ইটিকাহারও নিকট হইতে শিধিয়া লওয়াই শ্রেয়ম্বর।

উড়্ডীয়ান পদাসনে বসিয়া বা দাঁড়াইয়া করা যায়। দাঁড়াইয়া করিতে হইলে এই ভাবে করিবে। পঞ্চদশ চিত্র দেখ। পা ছটি প্রায় এক ফুট কাঁক করিয়া দাঁড়াও। কোমর বাঁকাইয়া সম্মুখের দিকে একটু ঝুঁকিয়া পড় এবং হত্তবয় স্ব স্ব উক্ল বা হাঁটুর উপর রাখ। নিঃশ্বাস রেচন দ্বারা পেটটি একেবারে শৃ্ত কর এবং 
ডায়াফ্রামটি উপরের দিকে ভূলিয়া ধর। তলপেটের সম্মুধস্থ পেশীগুলি

এবং বক্ষঃস্থল নিঃশ্বাস রেচন দ্বারা সন্ধৃতিত হইবে। নিঃশ্বাস রেচন ঠিক
ভাবে হইলে বাহিরের বায়ুমগুলের চাপে তলপেট ভিতরে চুকিয়া
পড়িবে ও নাভি পিঠের সহিত লাগিবে। ইহাই উড্ডীয়ান। হাত
ছটি উক্লতে বা হাঁটুতে দৃঢ়ভাবে স্থাপিত এবং নিঃশ্বাস বহির্দেশে আবদ্ধ
থাকিবে। যখন নিঃশ্বাস আর বাহিরে আটকান যাইবে না, তখন
গ্রীবা ও স্কন্ধন্ম শিথিল করিয়া ও পাঁজরা নামাইয়া নিঃশ্বাস গ্রহণ
কর। পূর্ব প্রশ্বাস ত্যক্ত ও পূর্ব নিঃশ্বাস গৃহীত হইলে একবার
উড্ডীয়ান হয়। যৌগিক ব্যায়ামের সহিত প্রাণায়ামের কত ঘনিষ্ঠ
সম্বন্ধ তাহা উড্ডীয়ানে বেশ বোঝা যায়।

এই ব্যায়াম দশ বা পনের বার পুনঃপুনঃ অভ্যাস কর। দাঁড়ান অবস্থায় হাত ছটি মাধার পিছনে যুক্তভাবে চাপিয়া ধরিয়াও এই ব্যায়াম করা যায়। পদাসনে বসিয়া উড়্ডীয়ান করা অধিকতর নিরাপদ। যাহাদের হৃৎপিও ছুর্বল তাহাদের পক্ষে পদাসনে উড়্ডীয়ান অভ্যাস কর্তব্য। তখন হাত ছটি দিয়া হাঁট্রয়ে মূহ চাপ দিতে হয়। নিঃখাস না লইয়া ভলপেট ও বুক বার বারু উঠাইলে ও নামাইলে উড়্ডীয়ান আরও উত্তমরূপে হয়। আমী কুবলয়ানন্দ বলেন, "উড়্ডীয়ান তলপেটের উৎকৃষ্ট ব্যায়াম। কোষ্ঠবন্ধতা, অজীর্ণতা এবং যক্তবের পীড়াসমূহ এই ব্যায়ামে সারিয়া যায়। যাহাদের তলপেটের অক্সক, একশিরা প্রভৃতি কঠিন রোগ আছে তাহাদের এই ব্যায়াম করা উচিত নয়।" উড়্ডীয়ানে পাকস্থলীর রেক্টাস্ নামক পেলীর্ম সংযুক্ত ও পৃথক ভাবে স্ঞালিত হয়। ইহাতে

কুদ্রান্ত্রাদি এবং পরিপাক্যন্ত্রের উত্তম ব্যায়াম হয়। বৃহৎ ও কুদ্র অন্ত্রন্থ সন্ধৃতিত হওয়ায় তন্মধ্যস্থ মলাদি স্থানচ্যুত হইয়া মলভাওে প্রেরিত হয়। বৃহদন্ত্র ও মলভাওের গাত্রে অজীর্গ দৃষিত পদার্থ জমা হইলে আমাশয় রোগ জন্মে। এই ব্যায়ামে কোষ্ঠকাঠিক, আমাশয়, অন্ত্রকত, অর্শ, ভগল্পর, এপেন্ডিসাইটিস্, পাথুরী রোগ প্রভৃতি ব্যাধির সন্থাবনা সমুলে বিনপ্ত হয়। প্রাতঃকালে খালি পেটে উড্ডীয়ান করা উচিত।

# নোলী

উড্ডীয়ান উত্তমরূপে আয়ত হইবার পর নৌলী করিতে হয়।
এই ব্যায়াম শিক্ষা করা অপেক্ষাকৃত কঠিন; কিন্তু অধ্যবসায় ও
ধৈর্য্য সহকারে অভ্যাস করিলে ইহা এক সপ্তাহের মধ্যেই শিক্ষা
করা সপ্তব। অবশ্র কাহারো কাহারো দীর্ঘতর সময় লাগে। ইহার
অভ্যাস-কৌশল প্রথমে ব্ঝিয়া লইলে ইহা শিক্ষা করা সহজ!
নৌলী তলপেটের একটী উত্তম ব্যায়াম। ইহাতে তলপেটস্থ রেক্টাস্
(rectus) নামক পেণীবয় সংযুক্ত ও পৃথকভাবে চালিত হয়।
দাঁজাইয়া নৌলী করাই স্থবিধাজনক ও সহজ্পাধ্য।

নৌলী চারি প্রকার—মধ্যম নৌলী, দক্ষিণ নৌলী, বাম নৌলী ও নৌলী ক্রিয়া। বোড়শ ও সপ্তদশ চিত্রদ্বয় দেখ। কোমর বাঁকাইয়া, সম্মুখ দিকে কিঞিং মাথা বাড়াইয়া এবং বাম হাঁটুর উপর বাম হাত ও ডান হাঁটুর উপর ডান হাত রাধিয়া দাড়াও এবং উড্ডীয়ান কর। নিঃশাস রেচন করিয়া তলপেটটি ভিতরের দিকে টানিয়া লও। এই অবস্থায় হাট্ছয়ও খানিকটা বাঁকিয়া থাকে। রেক্টাস্ পেশীছয়কে অক্সান্ত পেশী হইতে পৃথক্ ও সঙ্কৃতিত কর। ইহাতে পেটের ছই ধার নরম ও নীচু থাকিবে এবং মধ্য স্থান শক্ত ও উচু হইবে। মধ্য স্থানেই রেক্টাস্ পেশীছয় সঙ্কৃতিত ও কঠিন হয়। আধ মিনিট উক্ত রূপে থাকিয়া ধীরে ধীরে নিঃখাস গ্রহণ কর। মধ্যম নৌলী পাঁচ ছয় বার করা যায়। ইহার অভ্যাস কষ্টকর বা শ্রমসাধ্য নহে। ইহা অভিশয় স্বাভাবিক ভাবে আয়ত্ত হয়। একবার নিঃখাস ছাজ্য়া এক সঙ্গে কয়েক বার নৌলী মধ্যম করা যাইতে পারে।

নৌলী মধ্যম কিছু দিন করিবার পর ডান ও বাম নৌলী শিক্ষা করিবে। নৌলী মধ্যমে পেটের যে পেশীদ্বয় ফুলিয়া উঠে সেইগুলির নাম রেক্টাস্। সেগুলি স্বভাবতঃ সংযুক্ত থাকে। উক্ত পেশীদ্বয় পৃথক করিয়া চালাইলে ডান ও বাম নৌলী হয়। যথন বাম রেক্টাস্ পেশী সঙ্কৃচিত করিয়া ডান রেক্টাস্ পেশী ফীত করা হয় তথন ডান নৌলী হয়। আবার ডান রেক্টাস্ পেশী ফ্টাত করিয়া বাম রেক্টাস্ পেশী ফীত করিলে বাম নৌলী হয়। নৌলী মধ্যমে উভয় জামুর উপর সমান ভর দিয়া সম্মুধ দিকে ঝুঁকিতে হয়: কিন্তু ডান বা বাম নৌলীর সময় যথাক্রেমে ডান বা বাম দিকে বেশী ঝুঁকিতে হয়। ডান ও বাম নৌলীর পর পর ক্রভতবেগে করিলে নৌলী ক্রিয়া হয়। ডান ও বাম নৌলীর পর পর ক্রভতবেগে করিলে নৌলী ক্রিয়া হয়। ডান ও বাম নৌলী ক্রিয়া রোজ সাত বার করা বায়। স্বাস্থ্যবান ব্যক্তি ইহা রোজ একুশ বার পর্যন্ত করিতে পারেন। নৌলী ক্রিয়ার সময় বাম পদ ও বাম অক্স এবং ডান পদ ও

ভান অঙ্গ যথাক্রেমে উঠিবে ও নামিবে। ইহাতে অভিজ্ঞ হইলে পেটের উপরের দিক হইতে নীচের দিকে ইহা করা যায়। অবস্থ অত্যস্ত কঠিন। বাম ও ভান নৌগী স্বামী কুবলয়ানন্দ কর্তৃক আবিস্কৃত।

স্বামী কুবলয়ানন্দ স্বীয় গুরুর স্মৃতিরকার্থ বাম ও ডান নৌলীর নাম দিয়াছেন মাধবদাস নৌলী। যাহাদের পেটের পেশীগুলি শক্ত তাহাদের নৌলী শিখিতে সময় লাগিবে। কিছু দিন উড্ডীয়ান অভ্যাস করিলে এবং স্নানের পূর্বে তেল মালিশ দারা তলপেটের পেণীগুলিকে নরম ও নমনীয় করিলে নৌলী শিক্ষা সহজ হয়। সকালে খালি পেটে নৌলী অভ্যাস করা উচিত। যাঁহাদের वयम हिम्म वरमद्वत अधिक छाँहाता भावधात तोनी कतिरवन। যাঁহারা ভলপেটে ক্ষতরোগ, হাইডোসিল বা এপেত্রিদাইটিস রোগে বা মন্তকে রক্তের চাপ বৃদ্ধিতে ভূগিতেছেন তাহারা নৌলী করিবেন না। वानक-वानिकाशन किट्मारत भगार्थन ना कतिरन तोनी कतिरव ना। অমুরোগ, অজীর্ণতা ও কোষ্ঠকাঠিক প্রভৃতি অমুধ নৌলী অভ্যাদে সারিয়া যায়। যকৃৎ, প্লীহা, প্যাং ক্রিয়াস ও মূত্রাশয়ের অলসভা এবং নারীদের গর্ভাশয়ের হুর্বলভা, ঋতুকালের যন্ত্রণা নৌলী অভ্যাসে সম্পূর্ণ আবোগ্য হয়। বহুবিধ নারীরোগ নিবারণে ও প্রীকরণে নৌলী ব্যায়াম অতুলনীয়।

### স্থপ্ত বজ্ঞাসন

ৰজ্ঞাসন বীরাসন নামেও প্রচলিত। ইহার একটি প্রকারকে স্থা বজ্ঞাসন বলে। পেল্ভিস্ (pelvis) ইহাতে প্রভাবিত হয়

বিলিয়া ইহার নাম সুপ্ত বজ্ঞাসন। প্রধানতঃ বজ্ঞাসন একটি ধ্যানাসন।
আহারান্তে বজ্ঞাসনে পাঁচ দশ মিনিট বসিলে ভুক্ত দ্রব্য সহজে
পরিপাক হয় এবং কোমরে বা পায়ে বাত হয় না। যাহাদের হাঁটুদ্রয়
শক্ত, তাহারা সাবধানে এই আসন করিবেন।

শুপ্ত বজ্ঞাসন এই ভাবে করিতে হয়। অষ্টাদশ চিত্র দেখ।
পদবয় প্রসারিত রাখিয়া উপবেশন কর। পরে বাম পদ হাঁট্র
কাছে ভাঁজ করিয়া খাড়া করিয়া রাখ। বাম গোড়ালী বাম পাছার
সম্পুথে ভূমিতে লাগিবে এবং বাম হাঁট্ বাম স্কন্ধ পর্যন্ত উন্নত হইবে।
এখন বাম পাছা ভূলিয়া ভন্নিয়ে বাম পদতল রাখ। এইরূপে ভান
পদতল ভান পাছার নিচে রাখ। উভয় পদতলের অপ্রভাগদয় পশ্চাৎ
দেশে একটি অস্টির উপর বিস্তন্ত হইবে। গোড়ালীদয় পাছার হই
পার্শে উর্দ্ধম্বী থাকিবে। গোড়ালীদয়ের মধ্যবর্তী স্থানে পাছা
ছইটি স্থাপন কর। আর এক প্রকারেও বজ্ঞাসন করা যায়। পদলয়ের
অপ্রভাগ ছইটি পরস্পর সম্বন্ধ না রাখিয়া কয়েক ইঞ্চি দ্রে রাখ এবং
পাছা ভূমিতে লাগাও। উক্ত রূপে বসিলে হাঁট্র উপর খ্ব চাপ
পিছিবে। পূর্বোক্ত প্রকারই সহজ্যাধ্য। উভয় প্রকারেই মেরুদশু
সরল ও উন্নত এবং হন্ততলদয় হাঁট্রেয়ের উপর বিস্তন্ত থাকিবে।

বজ্ঞাসনে হই এক মিনিট থাকিয়া এই অবস্থায় চিং হইয়া শোও। শুইবার বা উঠিবার সময় কমুই বা হাতের উপর ভর দিবে; নচেং পায়ে ব্যথা লাগিতে পারে। এখন পৃষ্ঠদেশ ভূমি স্পর্শ করিবে। প্রথম অবস্থায় মেরুদও একটু বাঁকিয়া থাকে। অভ্যাসের ফলে মেরুদওের বক্রতা কমিয়া যায়। তখন ইহা সরলভাবে ভূমিতে সংলগ্ন হয়। এখন মাথা একটু তুলিয়া হস্তত্ত্য কমুই পর্যন্ত পরস্পর

সংযুক্ত করিয়া মাধার নীচে বালিশের মত রাখ এবং চক্ষ্বয় বন্ধ কর। ইহাই স্থা বজাসন। বজাসন কিছু দিন অভ্যাসের পর স্থা বজাসন করিতে হয়। তিন মিনিটের অধিক এই আসনে থাকিও না। স্থা বজাসন হইতে উঠিবার সময় প্রথমে হাত গুইটি খুলিয়া প্রসারিত করিবে। পরে কন্ট্রুয়ের উপর ভর দিয়া উঠিয়া বসিবে এবং শেষে পা গুইটি ছড়াইবে। প্রথমে পদ্বয় খুলিবার চেষ্টা করিলে ব্যাধালাগিবার সম্ভাবনা।কেহ কেহ স্থা বজ্ঞাসনে সম্বন্ধ হস্তদ্ম মাধার বাহিরে রাখিতে পারেন। এই অবস্থায় তলপেটে যথেষ্ট চাপ পড়ে।

শুপ্ত বজ্ঞাসন কোষ্ঠবদ্ধতার অমোঘ ঔষধ। ইহাতে তলপেটের রেক্টাস্ নামক পেশীদ্বয় সম্পূর্ণরূপে প্রসারিত হওয়ায় মলভাও এবং অস্ত্রাদির প্রচ্র ব্যায়াম হয়। পেলভিস্ প্রদেশের যন্ত্রাদির উপর এই আসনে বিপুল প্রভাব পড়ে। পৈশিক কাঠিল থাকিলে উক্ত আসন অভ্যাসে সতর্কতা অবলম্বনীয়।

# শীর্যাসন

এই ব্যায়াম শিক্ষা করা একটু শক্ত মনে হইলেও ইহার উপকারিতা অপরিসীম। স্বাধীন মহাভারতের প্রথম প্রধান মন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরু ব্রিটিশ আমলে কারাগারে বাসকালে এই আসন নিত্য অভ্যাস করিতেন এবং ইহাতে প্রায় অংধ ঘন্টা কাল থাকিতে পারিতেন। ইহার অন্তৃত উপকারিতা তিনি স্বীয় আত্মজীবনীতে মৃক্ত কণ্ঠে স্বীকার করিয়াছেন। এই আসন অভ্যাস করিতে অনেকে ভয় করেন; কিন্তু এই ভয় নিতান্ত অমৃলক। কিছুকাল

পূর্বে আমেরিকার বিখ্যাত ডাঃ সি. ক্লে. মুটার্ট 'নিউইয়র্ক টাইম্স্'
নামক প্রসিদ্ধ সংবাদপত্ত্তে এই ব্যায়ামের স্থফল স্বীয় অভিজ্ঞতার
আলোকে বর্ণনা করিয়াছিলেন। একবার ফিলাডেল্ফিয়া মেডিক্যাল
কলেজে বিশিষ্ট ডাক্তারদের সভায় উক্ত আসন দেখাইয়া তিনি
বলিয়াছিলেন যে, এই ব্যায়াম কোষ্ঠবদ্ধতা,ও অজীর্ণরোগের মহৌষধ।
তিনি স্বয়ং এবং তাঁহার অসংখ্য রোগী এই আসনের দারা উক্ত
দ্বারোগ্য ব্যাধিদ্বয় হইতে সম্পূর্ণরূপে আরোগ্যলাভ করিয়াছেন।

কোন কোন যৌগিক ব্যায়ামে বিশেষ বিশেষ অঙ্গের, আবার কোনটীতে সকল অঙ্গের ব্যায়াম হয়। স্বাঙ্গাসনে ও মৎস্থা-সনে নালীহীন গ্রন্থিলি (এডোক্রিন গ্লাণ্ড সমূহ) সুস্থ ও সঞ্জীবিত হয়। শীর্ষাসনে সমগ্র স্নায়ুমগুলীর এবং প্রধানতঃ মূল স্নায়ুকেন্দ্র মস্তিকের প্রচুর ব্যায়াম হয়। শীর্ষ অথবা মস্তকের উপর দাড়াইতে হয় বলিয়া ইহার নাম শীর্ষাসন। কেন্দ্রীয় টেলিগ্রাফ অফিস হইতে যেমন বহু তার দেশের চারি দিকে বিস্তৃত, তদ্ধেপ মস্তিছ হুইতে শভ শত স্নায়ু মানব শরীরের সর্বত্ত পরিব্যাপ্ত। স্বৃতরাং মন্তিকে রক্ত প্রবাহিত হইলে সমগ্র স্নায়ুমগুলী নব জীবন লাভ করে। মন্তিফ শরীরের সর্বে চ্চ স্থানে অবস্থিত বলিয়া তথায় অতি কণ্টে বক্ত সঞ্চা-লিত হয়; কারণ মাধ্যাকর্ষণশক্তিকে ঠেলিয়া রক্তস্রোত মন্তিকে যাইবার জক্ত উর্দ্ধিগামী হয়। জগতে কোন ব্যায়াম-বিজ্ঞান শীর্ষাসনের মত একটি অত্যাশ্চর্য মন্তিক ব্যায়াম অস্তাবধি আবিকার করিতে পারে নাই। অতীক্ৰীয় দৃষ্টিদম্পন্ন হিন্দুযোগিগণ এই অসাধ্য সাধন করিয়াছেন। প্রীণ সাহেব তাহার "শরীরতম্ব নামক" ইংরাজী প্রম্থে ৫৫০ প্রষ্ঠায় বলিয়াছেন, "মন্তিক্ষের যে কোন অংশে রক্তপ্রবাহের অভাব হইলে সায়্শূল বা সায়বিক ছুর্বলতা উৎপন্ন হয়। মস্তিছে অক্সিজেনের অন্ধতাহেতু অবসাদ, দীর্ঘস্ত্তিতা, অনুৎসাহ প্রভৃতি মানসিক বিকার জন্মে। স্ত্রীলোকদের হিষ্টিরিয়া, উন্মনা ভাব, বিষয়তা প্রভৃতি সায়ুরোগ একই কার্ণে উৎপন্ন হয়।"

ন্ত্রৎপিও মন্তিকের নীচে অবস্থিত হওয়ায় মাধ্যাকর্ষণ শক্তি ঠেলিয়া মস্তিকে রক্তস্রোত বহাইতে উহার অতিরিক্ত পরিশ্রম হয়। আর শীর্ষাসনে মস্তিক ক্রংপিতের নিমুদেশে স্থাপিত হওয়ায় অক্সিকেন-মিশ্রিত বিশুদ্ধ রক্ত অনায়াদে মন্তিদ্ধকে বিধৌত করে। যোগ-মীমাংসা পত্রিকায় (২য় খণ্ডের ১০৬ পৃষ্ঠায়) লিখিত আছে, "পিটুইটারী এবং পিনিয়াল নামক নালীহীন গ্রন্থিয় যথাক্রমে মল্ভিকের নিমে ও উর্দ্ধে অবস্থিত। পিনিয়াল গ্রন্থি ইইতে নিঃস্ত রস প্রধানতঃ জননেক্রিয়াদির এবং পিটুইটারী গ্রন্থির রস বিশেষভাবে অস্থির পুষ্টিদাধন করে; যোড়শ শতাব্দীর ফরাদী দার্শনিক ভেকার্টেদ্ বলিয়াছেন যে, এই পিনিয়াল গ্রন্থিই মনের বাসগৃহ। স্বভরাং পিনিয়াল্ গ্রন্থি স্বপুষ্ট হইলে মানসিক শক্তি বাড়ে। শীর্ষাসনে ব্রহ্মতালুর উপর সমস্ত দেহ-ভার পড়ায় উহার যথেষ্ট ব্যায়াম হয় এবং মস্তিক কিয়ৎকণের জন্ম মাধ্যাকর্ষণমূক্ত হইয়া প্রচুর বিশ্রাম লাভ করে। ইহাতে মলভাও বিপরীত-মুখী হওয়ায় কোষ্ঠবদ্ধতা দূর হয় এবং মন্তিকের রক্তমান দারা চক্ষু ও কর্ণাদির অস্থুখ সারিয়া যায় এবং জিহ্বার লালা-নিঃসরণ শক্তি বৃদ্ধি পাওয়ায় পরিপাক শক্তি বাছে। আহম মুঢ়তা ও শুক্রাভাব প্রতিকারেও শীর্বাসন সম্যক্ সমর্থ। ছাত্র-ছাত্রী. বৈজ্ঞানিক, বক্তা, সাহিত্যিক, রাষ্ট্রভত্ববিৎ, অধ্যাপক ও দার্শনিক প্রভৃতি মানসিক পরিপ্রমরত নর-নারীগণের এই আসন নিত্য অভ্যাস করা উচিত। পুষ্টিকর আহার্য্যের স্থায় ইহা উপকারী ও আবস্থাক।

শীর্ষাসন নিম্নরূপে করিতে হয়। উনবিংশ চিত্র দেখ। ভূমিতে হাঁটু গাড়িয়া বস এবং হুটী হাত ও ক্ষুই ভূমিতে লাগাও। ছই হাতের আকুলগুলি পরস্পরের মধ্যে দৃঢ়ভাবে সম্বন্ধ হইয়া করুইদ্বয়ের সঙ্গে ৬০°—৮০° ডিগ্রী কোণে থাকিবে। ব্রহ্ম-ভালুর কিয়দংশ সম্বন্ধ হস্তবয়ের উপর রাখিয়া এবং বাকী অংশ ভূমিতে লাগাইয়া ভাঁজকরা হাঁটুৰয় সহ কোমরটি উর্ধে তুলিয়া সরলভাবে ধর। হাঁটু ছইটী মাধার কাছে যত টানিয়া আনিবে তত্ই কোমর সামাত্য ঝাঁকিতে উপরে উঠিবে। একট পশ্চাৎ দিকে শরীর হেলিয়া থাকাই নিরাপদ। তালুর পরিবর্তে কপালের উদ্ধাংশ হস্তদ্বয়ের উপর রাখিলে মেরুদও শীল্ল বক্র ও ক্লাস্ত হয়। ডান বাম করুই এবং সংযুক্ত হস্তদ্বয়—এই তিন স্থানের উপর দেহের ভারকেন্দ্র পড়ে। বেশী ঝাঁকি দিয়া উঠিবার চেষ্টা করা উচিত নয়। এইরূপ করিলে ঘাড়ে ব্যথা লাগিতে পারে। পীঠ ও পাছার পেশী**ও**লি সক্**চিত করিয়া দে**ছের ভারকেন্দ্র যতই তালুর উপর রাখা যায় তত্ই শীর্ষাসন করা সহজ হয়। দেহ ভূমির সহিত সমকোণে থাকিবে। অন্তভঃ এক সপ্তাহ এই অভ্যাস করিলে উর্দ্ধ দিকে পদদম প্রসারিত করিবার ক্ষমতা জন্মে। পায়ের উপর দাড়াইলে আমরা যেমন দেহভার আদে বোধ করি না, তেমনি শীর্ষাসনে মাথার উপর দাড়াইলে দেহভার অনুভূত হয় না। কোন কোন নৃতন শিকার্থী অত্যের সাহায্যে বা দেওয়ালে পা ঠেকাইয়া শীর্ষাসন শিক্ষার চেষ্টা করেন। জলে নামিয়া পা ছু জিলেই যেমন সাঁতার শেখা যায় না তেমনি উলিখিত প্রকারে

শীর্ষাসন আয়েত হয় না। অত্য লোকের সাহায্যে বহু সপ্তাহ চেষ্টা করিলেও এই আসন শিক্ষা করা সম্ভব নয়। কাহারো সাহায্য না লইয়াকৌশলটি জানিয়ানিজে চেষ্টাকরিলে অক্স দিনে ইহা শেখা যায়। শীর্ষাসনে তালু-কেন্দ্রের উপর সমগ্র দেহভার পড়িলে মেরুদণ্ডের উত্তম ব্যায়াম হয়। ইহাতে এত আরাম বোধ হয় যে, শীর্বাসনে স্থিতিকালেই ঘুম পায়। আমাদের মেরুদণ্ড বত্তিশটি পুথক অস্থির সমবায়ে গঠিত। শীর্ষাসনে এই অস্থিভালির উপর আরামদায়ক চাপ পড়ে। এইরূপ চাপে মস্তিকের সকল ক্লান্তি দূর হয়। পনের সেকেও হইতে আরম্ভ করিয়া চ্ফিশ মিনিট প্র্যান্ত এই আসনে থাকা যায়। পঞাশ বংসরের অধিক বয়স্ক কোন ব্যক্তি প্রভাহ এই আসনে আধ ঘণ্টা পর্যান্ত থাকিয়া অশেষ উপকার পাইয়াছেন। অক্যাক্ত আসনের সহিত অভ্যাস করিলে শীর্ষাসনে দশ বার মিনিটের বেশী থাকা উচিত নয়। অতি সাবধানে সময় বাড়াইতে হইবে, প্রথম হইতেই অতিক্রিক্ত অভ্যাস করা উচিত নয়। দেহভার বুকের পাঁব্দরার উপর পড়িবে না, মেরুদণ্ডের উপর পড়িবে।

যাহাদের কাণে ব্যথা বা পুঁজ হয় তাহাদের শীর্ষাসন করা অমুচিত।
অমুখের সময় এবং আরোগ্যের কিছুকাল পর পর্যান্ত ইহা বন্ধ
রাখা দরকার। যাহাদের চকু বা দ্রংপিও ত্র্বল তাহারা এই আসন
করিবে না। শীর্ষাসন অভ্যাসকালে যাহাদের বৃক ধড়ফড় করে
তাহাদের পক্ষে ইহার অভ্যাস অমুচিত। যাহাদের রক্তচাপ
স্কারতঃ ১৫০ এর অধিক এবং ১০০ এর কম তাহারা বিশেষজ্ঞের
পরামর্শ ব্যতীত এই আসন করিবে না। পুরাতন মাধাধরায় বা
সর্দিতে শীর্ষাসন উপকারী নহে; কিন্ত নৃতন স্পিতে ইহা আও

ফলপ্রদ। কোষ্ঠ-পরিকারের পূর্বে এই আসন না করাই ভাল। কোন শ্রমসাধ্য ব্যায়ামের অন্ততঃ বিশ মিনিট পরে শীর্ষাসন করিবে। এই আসনে পরিপাক যন্ত্রাদির স্থুন্দর ব্যায়াম হয়। সাধারণ স্বাস্থ্য এবং জীবনী শক্তি ক্ষুধ্র রাখিতে এই আসন অদ্বিতীয়।

সায়্কেলগুলির স্বাস্থ্য সংরক্ষণে শীর্ষাসন সম্যক্ সমর্থ। স্নায়্কাল স্থলি হইলে উন্তমাভাব, মাথায় ভার ও চাপ বোধ, সামান্য শ্রেমে ক্লান্তি, অবসাদ, অনিদ্রা, স্মৃতিশক্তির হ্রাস, ক্ষ্ধামান্দ্য ও কোন্ঠ-কাঠিতাদি রোগ জন্মে। শীর্ষাসন স্নায়্কেল্রসমূহের স্বাস্থ্যরকার দ্বারা এই সকল রোগ আরোগ্য করে। অঙ্গীর্ণভাহেতু কাশি, শ্লেমাবৃদ্ধি প্রভৃতি রোগ হইলে শীর্ষাসনে সহজে দ্রীভৃত হয়। যকৃৎ ও প্লীহার স্বাস্থ্য শীর্ষাসন দ্বারা স্বর্কিত হয়। কোন কোন প্রকার হাঁপানীও এই আসনে সারিয়া যায়।

মলভাও ও মুব্রাশয়ের মধ্যস্থলে শুক্রাশয় অবস্থিত। রাত্তির শেষে উভয় স্থানে মলমূত্র সঞ্চিত হইলে কোষ্ঠবদ্ধ ব্যক্তির স্থপ্প দোষাদি হয়; কারণ মলমূত্রের উত্তাপ শুক্রাশয়কে উত্তপ্ত ও উত্তেজিত করে। শীর্ষাসনে কোষ্ঠবদ্ধতা ও স্থপ্পদোষাদি আরোগ্য হয়। এই আসন একশিরার আমোঘ ঔষধ! একশিরার প্রথম ও বর্ষিত অবস্থাতেও ইহা উপকারী। শীর্ষাসন বৃক্ষাসন নামেও অভিহিত।

শীর্ষাসনে অবস্থানকালে উর্ধে প্রসারিত পদবয় নামাইয়া পদ্মাসন করা যায়। ইহাকে উত্থিতোর্ধ পদ্মাসন বলে। এই আসন করিতে হইলে প্রথমে প্রসারিত ডান পদ নামাইয়া এবং ভাঁচ্চ করিয়া বাম জান্ত লাগাইতে হয়। পরে বাম পদ উক্ত রূপে নামাইয়া পদ্মাসনে আবন্ধ করিতে হয়। এই সময় সম্মুধ দিকে কুঁকি রাধা ভাল। পিছনের দিকে ঝ্ঁকি থাকিলে পড়িয়া বাইবার সম্ভাবনা। সম্ম্থ দিকে ঝ্ঁকি থাকিলে পদ্বয়ের পশ্চাঘতী পেনীসমূহ ঘারা আসম পতন হইতে রক্ষা পাওয়া সম্ভব। পদ্মাসন-বদ্ধ পদ্বয় নামাইয়া তলপেটে, এমন কি বগলেও লাগান যায়। এই অবস্থায় তলপেটের পেনীগুলি সম্কৃতিত এবং পৃষ্ঠদেশের পেনীগুলি প্রসারিত হয়। শীর্ষাসন হইতে নামিবার সময় পদ্বয় ভাঁজ করিয়া ধীরে ধীরে ব্কে লাগাও এবং পরে পদ্বয় ভ্মিতে স্থাপন কর। উঠিবার বা নামিবার সময় বিশেষ সত্র্কতা অবলম্বন আবশ্রক। অসাবধানতায় পত্তন ও আঘাত অবশ্রভাবী।

ফরাসী যোগী এলেইন ডানিয়েলু তাঁহার 'যোগ' নামক ইংরাজী প্রস্থে লিখিয়াছেন, "শীর্ষাসনে স্কল্প প্রাণবায়ু মূলাধার দিয়া প্রথমে বহির্গত হইবার চেষ্টা করে; কিন্তু ফিরিয়া আদিয়া উহা রক্তপ্রোতের সহিত মন্তিছের দিকে চালিত হয়। ইহার ঘারা চিরস্থপ্ত প্রাণশক্তি জাপ্রত হয়।" প্রথমতঃ এই আসনে হই এক মিনিট থাকা উচিত, ক্রেমে এক ঘণ্টা পর্যান্ত থাকা চলে। স্বাস্থ্যের জন্ম ইহার অধিক অভ্যাস অনাবশ্যক। বায়ু, পিত্ত ও কফের বৈষম্যহেতু যে সকল অসুথ হয় শীর্ষাসন তাহা হইতে রক্ষা করিতে পারে। এই আসনে তিন ঘণ্টা পর্যান্ত থাকা যায়। শীর্ষাসন দীর্ঘ সময় অভ্যাস করিবার কালে প্রচ্র পরিমাণে হধ, ঘি বা ফল খাওয়া আবশ্যক। প্রাতঃকালে খালি পেটে এই আসন অভ্যাস করিতে হয়। প্র্বাহ্নে একাধিক বার এই আসন করিতে নাই। শীর্ষাসন করিবার অব্যবহিত পরে হাত পা ধোয়া বা ঠাওা জলে স্নান করা বা উন্মুক্ত বাতাসে বেজান উচিত নয়। মলমূল ত্যাগের পূর্বে স্নানান্তে বা প্রাণায়ামের

পর এই আসন করিবে না। অত্যাত্ত আসনের পরে ইহা অভ্যাস করা চলে। যাহাদের মাধা গরম বা চক্ষু লাল বা ফুস্ফুস্ রোগাক্রাস্ত ব। হৃৎপিও হুবল ভাহাদের এই আসন করিতে নাই। শীর্ষাসন করিবার সময় মাধা গরম বোধ হইলে ভৎকণাৎ উহা বন্ধ করিয়া বিশ্রাম করিবে; কিন্তু কোন ঔষধ খাইবে না। তখন ঔষধ সেবনে হৃৎপিতের ক্রিয়া মন্থর ও রক্ত-সঞ্চালন হ্রাস হয়। বিশ্রাম করিলে মস্তিক্রের উত্তাপ সম্বর কমিয়া যাইবে। বয়স্ক বৃদ্ধ ব্যক্তি নিয়মিত ভাবে এক বৎসর শীর্ষাসন করিলে ভাহার মাধার খেত কেশ্ওলি আবার কাল হইবে ও যৌবন ফিরিয়া আসিবে। অকাল বার্দ্ধক্য বিনাশে শীর্ষাসন ও সর্বাক্লাসন সর্বশ্রেষ্ঠ।

### ময়ুরাসন

পশ্চিমোন্তান আসনে, ভুদ্ধাসনে, শলভাসনে ও ধনুরাসনে তলপেটের আভ্যন্তরীন চাপ স্ট হয়। উক্ত চাপ স্কনে ময়ুরাসনের শক্তি অসীম। শরীরতত্ব বিজ্ঞানের মতে মানব শন্ধীর মধ্যাংশ (thorax) ও তলপেট এই চুই অংশে বিভক্ত। উক্ত অংশহয়ের মধ্যে যে পেশীময় প্রাচীর বিজ্ঞমান তাহাকে ভায়াক্রাম (diaphragm) বলে। ইহার উপরে হৃৎপিও ও ফুস্কুস্ এবং নিয়ে পরিপাক ও উৎস্ক্নাদির বস্তুভলি অবস্থিত। তলপেটে পাকস্থলী, কিড্নী, মুত্রাশয় (রাভার), কুলাজ্র, বকুৎ, সীহা, কোলন ও রেক্টাম প্রভৃতি বস্ত্র আছে। এই বস্তুভলি উপরে, নীচে ও পাশাপাশি সংযুক্ত

ভাবে বিশ্বমান। ইহারা মেদেন্টারী (mesentery) দ্বারা আরুত; কিস্তু ভলপেটের গাত্তে অচলভাবে সংবদ্ধ নহে। ইহাদের স্বাস্থ্য পারম্পরিক চাপ এবং মেরুদগুন্ত স্বায়ুসমূহের ক্রিয়ার উপর নির্ভর করে।

ভলপেটের উর্নদেশে অবস্থিত যন্ত্রনিচয় আবার ডায়াক্রামের সঙ্গে সংযুক্ত। ভায়াফ্রাম ভলপেটস্থ যন্ত্রাদির উপর নিরস্তর চাপ দিভেছে। প্রত্যেক মিনিটে এই পেশীময় প্রাচীর বহুবার উঠিতেছে ও নামিতেছে। নিঃশ্বাস গ্রহণকালে উহা নামিয়া তলপেটস্ত যন্ত্রাদির উপর চাপ দেয় এবং প্রশ্বাস ত্যাগের সময় উহা উপরে উঠিয়া বায়। মেসে-কীরিওলি তলপেটস্থ যন্ত্রসমূহকে মাধ্যাকর্ষণের টান হইতে রক্ষা করিতেছে: কিন্তু মেসেন্টারিঞ্জির সেই শক্তি সীমাবদ্ধ। তলপেটের কোন যন্ত্র রূপ্ন বা নিয়মিত মলনির্গমনের অভাব হইলে মলভাও (colon) ভারী হইয়া তলপেটের গাত্র ও ডায়াফ্রাম হইতে ঝুলিয়া পভে এবং ডায়াফ্রাম আর উহাদের উপর আবশ্রকীয় চাপ দিতে পারে না। তথন কোষ্ঠবদ্ধতা, অমুরোগ, যকুতের জঙ্গা, মূত্রাশয়ের অলসতা প্রভৃতি রোগ জন্মে। ভিসেরাকে (viscera) স্বস্থানে স্থাপিত এবং ডায়াফ্রামের সহিত সংযুক্ত রাখিতে স্বাঙ্গাসন ও শীর্ষাসন সমর্থ। যোগমুদ্রাও পশ্চিমোতান আসনেরও এই ক্ষমতা প্রচুর পরিমাণে আছে। ময়ুরাসন উক্ত চাপ উৎপাদনে অদ্বিভীয়।

ময়্বাসন এইভাবে করিতে হয়। বিংশ চিত্র দেখ। ইহাতে
ময়্ব-পুছের স্থায় পদবয় পশ্চাৎ দিকে প্রসারিত ও ভূমির সহিত
সমাস্তরাল রাখিতে হয় বলিয়া ইহার নাম ময়্বাসন। ভূমিতে হাঁট্
গাড়িয়া গোড়ালীবয়ের উপর বস। কজীবয় একত্রে বা পরস্পারের
সমীপে রাখিয়া করতলবয় মেকেতে এমন ভাবে স্থাপন কর, বাহাতে

আঙ্গুলগুলি পশ্চাৎ দিকে বিস্তৃত হয়। এইরপ করিলে করতলন্বয় ও আঙ্গুলগুলি ময়্রের পদ ও থাবার মত হইবে। এখন কমুইন্বয় সংযুক্ত ভাবে নাভির হই পার্থে লাগাও। পরে গভীর নিঃশ্বাস লইয়া এবং তলপেটের মাংসপেশীগুলি শক্ত করিয়া সম্মুখ দিকে ঝ্রিয়া পড়। এখন পদন্বয় পশ্চাতে বক্ত ভাবেই থাকুক। পরে মাথাটি সম্মুখস্থ ভূমিতে ঠেকাইয়া, নিঃশ্বাস বন্ধ করিয়া, তলপেটের পেশীগুলি পূর্ববং শক্ত রাখিয়া ও একটির পর অত্য পদ পশ্চাতে প্রসারিত করিয়া উভয় পদ সংযুক্ত রাখ এবং মাথাটি ভূমি হইতে তোল। দেহভার কমুইন্বয়ের সম্মুখে ও পশ্চাতে সমানভাবে বিভক্ত হইবে। শরীরটি সরল ও ভূমির সহিত সমানভাবে বিভক্ত হইবে। শরীরটি সরল ও ভূমির সহিত সমানভাবে এইরপ বর্ণনা আছে।—

অবইভ্য ধরাং সমাক্ তলাভ্যাং হস্তয়োর্ঘরি:।
কুর্পরৌ নাভিপার্থে তু স্থাপয়িতা ময়ুরবং ।
সমুন্ধতশিরপাদৌ ময়ুবাসনমিষ্যতে ॥

অনুবাদ — করতলবয় সমাক্ভাবে ভূমিতে পাশাপাশি স্থাপন করিয়া এবং কমুই বয় নাভির হই পার্ধে লাগাইয়া ময়্রের মত মস্তক ও পদব্য সমূত্রত করিলে ময়্রাসন হয়।

প্রথম শিক্ষার্থীদের পক্ষে মাথা যেখানে ভূমিতে লাগে সেখানে একটি ছোট বালিশ বা গদি রাখা নিরাপদ। তাহাতে পড়িয়া গেলেও নাকে বা মুখে আঘাত লাগিবে না। পদদ্ম প্রসারণের সময় খুব সাবধান হইবে; নচেৎ এক পাশে পড়িয়া যাইবার সম্ভাবনা। প্রথম চেষ্টা বিফল হইলেও নিক্রংসাহ হইবার কারণ নাই। অদম্য অধ্যবসায় সাফল্যের স্থপথ। একবার কৃতকার্য না

হইলে দশ বার চেষ্টা কর। সম্মুধ দিকে মাথাটি যত বাড়াইবে ততই পদবয় পশ্চাতে যাইবে ও উপরে উঠিবে এবং করুই দ্বয়ের উপর ভারকেন্দ্র পড়িবে। তলপেটের পেশীগুলি শক্ত না করিলে এই আসন অভ্যাস অসম্ভব। হই কজি ও করুইতে বেশ জোর পড়িবে। ইহাতে হস্তবয় ভূমির সহিত ঠিক সমকোণে থাকে না; সম্মুধ দিকে একটু ঝুকিয়া পড়ে। শির সমৃন্নত এবং চিবৃক উত্তোলিত হইলে পদবয় সহকে শৃংস্থ উঠে। প্রথম শিক্ষার্থীদের পক্ষে নিঃশ্বাস বন্ধ রাধাই উচিত। এই আসনে প্রচুর পৈশিক শক্তির প্রয়োজন হয়। নিঃশ্বাস নিক্ষম হইলে সেই শক্তি পাওয়া যায়। কিয়ৎকাল উক্ত আসন অভ্যাসের ফলে নিঃশ্বাস বন্ধ করিতে হয় না। তখন আসনবন্ধ অবস্থায় নিঃশ্বাসের গতি স্বাভাবিক থাকে।

ময়্বাসনে দেহ যখন সরল রেখাবং ভূমির সহিত সমাস্তরাল থাকে তখন মলদারের পেশীওলি সস্কৃতিত হয়। ইহার ফলে তলপেটের আভাস্তরীণ চাপ বৃদ্ধি প্রাপ্ত হয়। তলপেটের প্রধান রক্তবাহী শিরাটি আংশিকভাবে রুদ্ধ হওয়ায় পাকস্থলী, যকুৎ, প্লীহা এবং এদ্রিনাল প্রাস্থিতলিতে রক্তপ্রবাহ বাড়ে। সেইজ্ব এইগুলি সবল ও সভেজ হয়। কজি হইতে কমুই পর্যান্ত সকল পেশীই এই ব্যায়ামে দৃঢ় ও পুষ্ট হয় এবং তলপেটের সহনশীলতা ক্রমশঃ বাড়িয়া যায়। তলপেট স্থুল হইলে এই অংশে রক্তপ্রবাহ ব্যাহত হয়। ইহার ফলে অগ্রিমান্দ্যাদি রোগ জ্বেম। ময়্বাসন নিয়মিত অভ্যাস করিলে তলপেটের স্থুলতা কমিবে ও হজম শক্তি বাড়িবে। ময়্বাসনে অভ্যক্ত হইলে পদলম্ব ফাঁক করিয়া হাঁটু পর্যান্ত উদ্বৈ প্রসারিত করা যায়। তথন কোমর ও মাথা পায়ের সজে সজে পশ্চাৎ দিকে বাঁকে।

কেবলমাত্র ভলপেট যুক্ত কন্ইন্নের উপর বিশ্বস্ত থাকে এবং মন্তক ও পদন্বয় ধনুকের মত উপরের দিকে বাঁকিয়া যায়। ইহা অভ্যাস করা অভ্যন্ত কঠিন। কেহ কেহ হাত ছইটী সোজাভাবে ভূমিতে লাগাইয়া ও মাথা নীচু করিয়া এবং দেহটি সরলভাবে উথেব বিস্তৃত রাখিয়া ময়্ববং হাতের উপর হাঁটিতে পারেন। ইহাতে শীর্ষাসনের আংশিক ফল পাওয়া যায়। ময়্রাসনে পাঁচ সেকেণ্ড হইতে এক মিনিট পর্যন্ত থাকা চলে। ব্যায়ামটি ২০০ বার হইতে ৫৬ বার পর্যন্ত অভ্যাস কর। প্রবাদ আছে, এই আসন অভ্যাসকারীর শরীরে সাপের বিষ বা কোন বিষাক্ত পদার্থ প্রবিষ্ট হইলেও অনিষ্টকর ক্রিয়া করিতে পারে না।

#### হলাসন

হল বা লাঙ্গলের মত দেহকে এই আসনে বক্র করিতে হয় বলেয়া ইহার নান হলাসন। হলাসন এই ভাবে করিতে হয়। একবিংশ চিত্র দেখা সর্বাঙ্গাসনের মত চিং হইয়া শোও এবং হয়য়য় দেহের ছই পার্শ্বে ভূমির উপর লয়া করিয়া রাখ। করতলয়য় নিয়মুখী থাকিবে। পরে পদয়য় সংযুক্ত করিয়া তোল। কোমর হইতে পদয়য় ভূমির সহিত ত্রিশ ডিগ্রী কোণে রাখ। কয়েক সেকেও এই অবস্থায় থাকিয়া পদয়য় আয়ও ত্রিশ ডিগ্রী উপরে তোল এবং এই অবস্থায় কয়েক সেকেও থাক। আবার পদয়য় আরো ত্রিশ ডিগ্রী ভূলিয়া ভূমির সহিত সমকোণে রাখ। ইহাকে অর্ধ হলাসন বলে। ইহাতে তলপেটের পেশীসমূহ পরিপুষ্ট এবং কোর্চ-

কাঠিত দ্রীভূত হয়। যাহাদের পীঠের পেশী শক্ত ও অনমনীয় ভাহারা কিছু দিন অর্ধ হলাসন করিবার পর পূর্ণ হলাসন অভ্যাস করিবে।

व्यर्थ इलामन इहेर्छ पूर्व इलामरन निम्नतः १ व्हमनः याहरव। উত্তোলিত পদন্ব মাধার পশ্চংতে নামাইয়া পদাঙ্গুলিসমূহ ভূমিতে লাগাও। নিঃস্বাস ফেলিয়া ও তলপেট ভিতরে টানিয়া লইলে সহজে পদদয় উক্ত প্রকারে ভূমিতে লাগিবে। স্কন্দ এবং পৃষ্ঠের উর্বাংশ ভূমিতে সংলগ্ন হইবে ও হাঁটুবয় মস্তক স্পর্শ করিবে। হস্তবয় পূর্ববৎ প্রসারিত থাকিবে: কিন্তু উহাদের উপর কোন প্রকার জোর পাছবে না। ইহাই হলাসনের প্রাথমিক অবস্থান। অতঃপর পদবয় মস্তক হইতে এত দূরে টান, যাহাতে উরুর নিম্নভাগ মাধার সমীপবর্তী হয়। ইহা দিতীয় অবস্থান। পদদয় মাধা হইতে আবো দূরে সরাইলে উক্লর উর্বাংশ মাথার উপরে আসিবে: কিন্তু মাথায় লাগিবে না। ইহা তৃতীয় অবস্থান। হলাসনের অন্তিম অবস্থানে পদন্বয় মাথা হইতে বতদুর সম্ভব দূরে সরিয়া যায়। তখন তলপেট প্রায় মাধার উপরে আসে এবং প্রসারিত হস্তবয় গুটাইয়া আনিয়া মাধার কাছে আড়াআড়ি ভাবে সংবন্ধ রাখিতে হয়। ধীরে ধীরে উল্লিখিড অবস্থান চতুষ্টয় আয়ত্ত করিতে হয়।

এক দিন চারি প্রকার অবস্থান অভ্যাস না করিয়া রোজ এক একটি চেষ্টা করা ভাল। প্রত্যেক অবস্থানে ছুই ভিন সেকেও মাত্র থাকিবে। চতুর্থ অবস্থানে চিবৃক বৃকে লাগিয়া যায় এবং থাইরয়েড প্রস্থির উপর চাপ পড়ে। সেই জন্ম থাইরয়েডের স্বাস্থারক্ষণে হলাসনের স্থান স্বাক্ষাসনের পরেই। চতুর্থ অবস্থানে আধ মিনিট পর্যন্ত থাকিতে পার। হলাসনটি পাঁচ ছয় বার পুনঃ পুনঃ অভ্যাস কর এবং এই পাঁচ ছয় বারে চার মিনিটের অধিক থাকিও না। শীর্ষাসনে যেমন হস্তদ্বয়ের অঙ্গুলীসমূহ পরস্পর সম্বদ্ধ হয়, হলাসনের চতুর্থ অবস্থানে হস্তাঙ্গুলিসমূহ সেইভাবে দূচবদ্ধ করিয়া মাধায় লাগাইতে স্থামী কুবলয়ানন্দ পরামর্শ দেন; কিন্তু এইরূপ অঙ্গুলি-বদ্ধ (finger lock) না করিলেও চলে। হলাসন হইতে সহক অবস্থায় ফিরিয়া আসিবার সময়ে প্রথমে সম্বদ্ধ হস্তদ্ম খুলিয়া পূর্ববং প্রসারিত কর এবং পরে পদদ্ম মাধার নিকটে টানিয়া আনিয়া পূর্বাবস্থায় লইয়া যাও। প্রথম হইতে চতুর্থ অবস্থায় ধীরে ধীরে আসিতে হয়। তাড়াতাড়ি করিলে ব্যথা লাগিবার সম্ভাবনা থাকে।

হলাসনে মেরুদণ্ড নমনীয় থাকে এবং মেরুদণ্ডস্থ স্নায়্মুলগুলি সবল হয়। হলাসনের স্থায় ভুজ্জাসনে, ধনুবাসনে, পশ্চিমোতান আসনে এবং যোগমুক্রায় মেরুদণ্ডকে সন্মুখে বা পশ্চাতে বাঁকাইতে হয়। এই সকল আসনে মেরুদণ্ড বাঁকাইবার সময় বিশেষ সতর্কতাও ধৈর্য্য অবলম্বনীয়। যদি আমরা মনে রাখি যে, মেরুদণ্ডের নমনীয়তার উপর সর্বথা যৌবন নির্ভর্ন করে এবং জরা-বার্ধক্য আসিলে মেরুদণ্ড কঠিন ও অনমনীয় হইয়া যায় তাহা হইলে হলাসনের উপকারিতা সহক্ষে ব্ঝিতে পারিব। স্নায়্ ছ্র্বল এবং তলপেটের পেশীগুলি নিস্তেজ হইলে যে অজ্ঞার্ণতাও কোঠবন্ধতা জন্মে তাহা হলাসনে সারিয়া যায়। বর্ধিত প্লীহা ও যকুৎ এবং বহুমুত্র রোগ সারাইতে হলাসন সম্যক্ষ সমর্থ। এই আসন অভ্যাসের ঠিক পরেই ক্লান্তির অবসাদজনিত যে বিশ্রাম অমুভূত হয় তাহা অভিশয় আরামদায়ক।

### পশ্চিমোত্তান আসন

পশ্চিমোতান আসনকে পশ্চিমতান আসন বা উগ্রাসনও বলে।
শিবসংহিতায় (৩।১১১-১১৩) পশ্চিমোতান আসনের এইরূপ বর্ণনা
আছে।—

প্রাসার্য্য চরণদ্বন্থং পরস্পরঞ্চ সংষ্তম্।
স্থপাণিভ্যাং দৃঢ়ং ধৃষা জান্পরি শিরো অসেৎ।।
আসনোগ্রমিদং প্রোক্তং ভবেদনিলদীপনম্।
দেহাবসানহরণং পশ্চিমোন্তান সংজ্ঞকম্॥
য এতদাসনং শ্রেষ্ঠং প্রত্যহং সাধয়েৎ স্থীঃ।
বায়ুঃ পশ্চিমমার্গেন ভস্ত সঞ্চরতি গ্রুবম্॥
গোপনীয়ং প্রযুদ্ধেন ন দেয়ং যস্ত কস্তাচিং।
যেন শীল্রং মক্রংসিক্রিউবেদ হৃঃখৌবনাশিনী॥

অমুবাদ—চরণদ্ব সংযুক্তভাবে প্রসারিত করিয়া স্বীয় হন্তদ্বর
দারা ধরিলে এবং ভালুদ্বয়ের উপর মন্তক বিশুল্ড করিলে উগ্রাসন
হয়। ইহা প্রাণবায়ু উদ্দীপক ও মৃত্যুনাশক। ইহাকে পশ্চিমোন্তান
আসন বলে। যে সাধক প্রভাহ এই শ্রেষ্ঠ আসন অভ্যাস করেন
ভাহার প্রাণবায়ু পশ্চাৎ দার দিয়া নিশ্চয়ই প্রবাহিত হয়। এই
আসন গোপনীয় রাধিবে এবং বাহাকে ভাহাকে ইহা শিধাইবে না।
ইহার দারা শীজ মক্রৎসিদ্ধি ও হু:খনাশ হয়।

পশ্চিম অর্থে পশ্চাৎ এবং ভান বা উন্তান অর্থে প্রসারণ।

এই আসনে শরীরের পশ্চাদ্ভাগস্থ পেশীগুলির ব্যায়াম হয় বলিয়া ইহার নাম পশ্চিমোন্তান। পশ্চিমোন্তান আসন নিম্নরূপে করিতে হয়। দ্বাবিংশ চিত্র দেখ। পদন্বয় প্রসারিত করিয়া উপবেশন কর এবং পরে চিং হইয়া শুইয়া পড়। হস্তদ্বর মাধার পিছনে ভূমির উপর প্রসারিত রাখ। নিঃশ্বাস গ্রহণপূর্বক শরীর ও হাত ভূলিয়া উঠ। পদন্বর পূর্ববং সংযুক্ত ও ভূমিস্পৃত্ত থাকিবে, হাঁটুর কাছে বাঁকিবে না বা হঁটু ভূমি ছাভিয়া উঠিবে না। এখন নিঃশ্বাস ফেলিয়া তলপেটটি ভিতরের দিকে টানিয়া কোলে মস্তক অবনত কর। প্রসারিত বাম হস্তের ভর্জনী ও মধ্যমা অঙ্গুলীন্বয় দিয়া বাম পদের বৃদ্ধাঙ্গুলী এবং ডান হস্তের ভর্জনী ও মধ্যমা অঙ্গুলীন্বয় দিয়া বাম পদের বৃদ্ধাঙ্গুলী থর। এখন দেহটি কোমরের কাছে ভূঁজে করা হইল। স্কন্দর্য় এবং পদন্বয়ের মধ্যে দূর্ছ হস্তদ্বয়ের দৈর্ঘ্য অপেক্ষা অনেক কম বলিয়া হস্তদ্বয় কমুইয়ের কাছে বাঁকিবে এবং সম্ভবতঃ ভূমিতে লাগিবে।

জরা, বার্ধক্য বা অধিক শ্রামে পেশীসমূহ কঠিন হইলে পদবয়
সোজা রাখিয়া মেরুদণ্ড হাঁট্ পর্যন্ত বক্র করা কটকর। অনেকে
হাত দিয়া পদাস্কৃঠ ধরিতেই পারে না। তাহারা হঁট্ বা তদগ্রবর্তী
স্থান ধরিয়া পশ্চিমোতান আসন করিবে। মৃত্ বা উপ্রাকৃতিনি
দেওয়া উচিত নয়। অল্প দিন আসন করিলেই মেরুদণ্ডের নমনীয়ভা
বাজিবে। ধৈর্য ও অধ্যবসায় থাকিলে সকল বাধা নিশ্চয়ই অভিক্রাম্ভ
হয়। যথাসময়ে নিয়মিতভাবে আসনটি কিছু দিন অভ্যাস করিলেই
আশাফ্রপ ফল পাওয়া বায়। পনের সেকেও হইতে আরম্ভ করিয়া
অল্প অল্প বাড়াইয়া এক মিনিট পর্যন্ত এই আসন অভ্যাস কর।
প্রথমে ভিন বারে এক মিনিট পর্যন্ত এই আসন অভ্যাস কর।

থাকিতে পার। তিন মিনিটের অধিক এই আসন করিও না। প্রত্যেক বারে এক মিনিট করিলে ভিন বারে ভিন মিনিট হইবে। পশ্চিমোতান আসন একটি প্রদারণ ব্যায়াম। ইহাতে দেহের পশ্চাংবর্তী প্রায় সকল পেশী এবং বিশেষতঃ হাঁটুদ্বয়ের পশ্চাংদেশস্থ পেশীওলির উত্তম ব্যায়াম হয়। এই আসনে তলপেটের সম্মুধস্থ পে গীগুলি অতিশয় সন্ধৃতিত হয়। পশ্চিমোন্তানের আধ্যাত্মিক উপকারিতা অপরিসীম। দীর্ঘকাল এই আসন অভ্যাস করিলে অনাহত ধানি শোনা যায়। আধ্যাত্মিক উন্নতির জন্ম এই আসন রোজ এক ঘন্টার অধিক করা আবশ্যক। তলপেটের গৈশিক ও সায়বিক শক্তি সমৃদ্ধ করিয়া পশ্চিমোতান অজীর্ণতা ও কোষ্ঠবদ্ধতা আরোগ্য করে। ইহাতে ধাতুদৌর্বল্য ও সায়াটীকা (sciatica) সারিয়া যায়। একবারে দীর্ঘ সময় এই আসন করিলে কোষ্ঠবদ্ধতা না কমিয়া বাড়িতে পারে। দৈহিক বা আত্মিক উন্নতির জন্ম এই আসন দীর্ঘকাল করিতে হইলে অভ্যাসকালে কয়েকবার উড্ডীয়ান করা দরকার। স্বভাবতঃ কোষ্ঠবদ্ধ ব্যক্তি প্রত্যহ তিন মিনিটের বেণী পশ্চিমোন্তানাসন করিবে না।

#### পদহস্তাসন

পদহস্তাসনকে দণ্ডায়মান পশ্চিমোন্তান আসন বলা যাইতে পারে। ইহার কারণ, দাঁড়াইয়া পশ্চিমোন্তান আসন করিলেই পদহস্তাসন হয়। যাহাদের পিঠ শক্ত এবং পেট মোটা ভাহাদের পক্ষে এই ব্যায়াম করা প্রথমে কষ্টকর। প্রভাকে যৌগিক আসনেই মেকুনণ্ডের কোন না কোন প্রকার ব্যায়াম হয়। কোন কোন আসনে মেরুদণ্ডের কিয়দংশ এবং অক্যান্ত আসনে মেরুদণ্ডের সর্বাংশের উৎকৃষ্ট ব্যায়াম হয়। পদহস্তাসনেও মেরুদণ্ডের সম্প্রদারণ হেভু উহার উত্তম ব্যায়াম হয়। ঘাড় হইতে পা পর্যন্ত শরীরের পশ্চাদ্ভাগস্থ সকল মাংস-পেশীই এই আসনে ব্যায়াম লাভ করে।

পদহস্তাসন নিম্নরূপে করিতে হয়। এয়োবিংশ চিত্র দেখ। হাভ ছইটি ছই পাশে বৃলাইয়া সোজাভাবে দাঁড়াও। গোড়ালী সংযুক্ত এবং পায়ের পাতা ছটি বিযুক্ত রাখ। হস্তবয় উর্থে তুলিয়া, শরীরের মাংসপেশীসমূহ শিথিল রাখিয়া এবং নিঃখাস ছাড়য়া সম্মুখ দিকে মাথা নামাও। তৎপরে পদাস্কৃতিবয় যথাক্রমে ছই হাতে ধরিয়া মাথা ক্রোড়ে লাগাও। হাঁটুবয় সোজা ও শক্ত থাকিবে, আদৌ বাঁকিবে না। তিন হইতে দশ সেকেও এই আসনে থাকিয়া পূর্ববৎ সোজাভাবে দাঁড়াও এবং পাঁচ ছয় বার বাায়ামটি অভাাস কর। যাহাদের পেট মোটা তাহারা সাধারণতঃ দাঁড়াইয়া পায়ের আঙ্গুল ধরিতে পারে না; কিন্তু উড্ডীয়ান অভ্যাস বারা পেট সহজ্ব অবস্থা প্রাপ্ত হইলে পদহস্তাসন করা যায়

এই ব্যায়ামে পীঠের কঠিনতা ও ক্লান্তি দ্ব করে এবং নেরুদণ্ডকে নমনীয় রাখে। তলপেট সন্ধোচনের দাবা এই আসন পাকস্থলী, বকুং, মুঝাশয় প্রভৃতিকে পুষ্ট করিয়া কোষ্ঠবন্ধতা ও অজীর্বতা নিবারণ এবং ক্ষ্মা বৃদ্ধি করে। স্থপুষ্ট নিভম্ব দেহের সৌন্দর্য্যবর্ধক। পদহস্তাসনে নিভম্ব স্থপুষ্ট ও বলিষ্ঠ হয়। পুরুষদের মত নারীদেরও এই ব্যায়াম নিভ্য করা উচিত। মাখা নামাইবার সময় প্রশাস ভ্যাগ এবং উঠিবার সময় নিংশাস প্রহণ করিলে পদহস্তাসনে

অধিকতর সুফল পাওয়া যায়। এইরূপে আসন ও প্রাণায়াম সংযুক্ত ভাবে অভ্যাস করিলে দেহ-মনের স্বাস্থ্য সম্যক্ সুরক্ষিত হয়। হস্তবয় উর্জে উত্তোলিত করিয়া পশ্চাৎদিকের শরীর ধনুর মত বাঁকাইলে পদহস্তাসনের সুফল অধিক পরিমাণে পাওয়া যায়। এইরূপে দক্ষিণে এবং বামে শরীর বক্ত করা যায়। পদহস্তাসনের পূর্বে বা পরে গোড়ালীবয় ত্লিয়া ছই পায়ের আঙ্গুলের উপর দাড়াইয়া হস্তবয় উর্জে তুলিলে উচ্চতা বাড়ে ও ধর্বতা কমে।

### <u> তিকোণাদন</u>

মেক্রনণ্ডের পৃষ্টিসাধন সম্পূর্ণ করিবার জন্ম যে পার্যমুখী ব্যায়াম আবশ্যক তাহা ত্রিকোণাসনে উত্তমরূপে সম্পন্ন হয়। ত্রিকোণাসনক এইভাবে করিবে। চতৃবিংশ চিত্র দেখ। এই আসনে শরীর ত্রিকোণ বা ত্রিভ্রের মত আকৃতি বিশিষ্ট দেখায় বলিয়া ইহার নাম ত্রিকোণাসন। পদবয় হই বা আড়াই ফুট ফাঁক করিয়া দাঁড়াও। হন্তবয় কাঁখের সহিত সরলভাবে রাখিয়া এবং ভূমির সহিত সমান্তরাল করিয়া উভয় দিকে প্রসারিত কর। পদবয় সরল থাকিবে; হাঁটুর কাছে বাঁকিবে না। এখন প্রসারিত বাম হন্ত বাম দিকে সোজাভাবে নামাইয়া বাম পদের অঙ্গুলি স্পর্শ কর। ডান হাত উর্দ্ধে সরলভাবে বাম হাতের সহিত এক সরল রেখায় রাখ। তোমার দৃষ্টি ডান হন্তের

বাঙ্গালোরের ঐত্বন্ধরমের 'Yogic Physical Culture' নামক ইংরাজী
পুস্তকে ত্রিকোণাসন ও পদহস্তাসনের বিস্তৃত বিবরণ ও আলোচনা প্রদন্ত ।

অভিমূখে এবং মুখ ও ঘাড় ডান কাঁথের দিকে ঝুঁকিয়া পঞ্বে।

এই ভাবে পাঁচ হইতে দশ সেকেও থাকিয়া আবার পূর্ববৎ দোজা হইয়া দাঁড়াও। এখন উভয় দিকে হস্তদ্বয় প্রসারিত করিয়া ডান দিকে ডান হাত<sup>্</sup>নামাইয়া ডান পদের অঙ্গুলি স্পর্শ কর। বাম হাত শুন্তে প্রসারিত হইয়া ডান হাতের সহিত এক সরল রেখায় থাকিবে। তোমার দৃষ্টি বাম হাতের দিকে এবং ঘাড় ও মুখ বাম কাঁখের দিকে ঝুঁকিবে। এই অবস্থায় পাঁচ হইতে দশ সেকেণ্ড পাকিয়া পুনরায় পুর্ববৎ সোজা হইয়া দাড়াও। তিন বার হইতে ছয় বার এই ব্যায়াম পুনঃ পুনঃ অভ্যাস কর। ত্রিকোণাসনে মেরুদও উভয় পার্ষে নমিত হয় বলিয়া পার্ষবর্তী পেশীগুলির প্রচুর ব্যায়াম হয় এবং ভজ্জ্জ্ঞ মেরুদওড় স্নায়্ঞ্জি সম্যক্রক্তসাত হয়। এই আসনের দারা মেরুদ্ত নমনীয় থাকে এবং চির যৌবন লাভ করে। একটি বিষয়ে বিশেষ লক্ষ্য রাখিতে হইবে যে, পদদ্বয় ও হস্ত⊭য় যেন সর্বদা সরল থাকে। সমস্ত হস্তপদ সরল থাকিলেই আলোচ্য ব্যায়ামের উদ্দেশ্য সিদ্ধ হয়। কটিদেশের বাতব্যথাও ইহার অভ্যাসে ক্রমশঃ কমিয়া যায়।

#### শবাসন

ব্যায়াম ও বিশ্রাম শরীরের পক্ষে সমানভাবে প্রয়োজন। ব্যায়াম ব্যতীত প্রকৃত বিশ্রাম লাভ হয় না; আবার বিশ্রাম ব্যতীত ব্যায়ামের পূর্ণ ফল পাওয়া যায় না। কর্মময় জীবনে মনকে ও শরীরকে উপযুক্ত বিশ্রাম প্রদান কর্তব্য। মন হইতে ছন্টিস্তা, দায়িদ্ধ, বিবাদ

ও উদ্বেগ দূর করিলে মনের আসল বিশ্রাম হয়। আমেরিকার প্রসিদ্ধ মনস্তত্ত্বিৎ অধ্যাপক উইলিয়ম জেম্দ তাঁহার 'Talks tɔ Teachers' নামক গ্রন্থে বিশ্রাম বাণীর (Gospel of Relaxation) অজ্জ প্রশংসা করিয়াছেন। স্বামী বিবেকানন্দের নিকট বিশ্রাম-রহস্ত তিনি শিক্ষা করিয়া উহার অভ্যাসে অশেষ উপকার পাইয়া-ছিলেন। মনকে প্রত্যহ প্রকৃত বিশ্রাম না দিলে অনিজা, সায়বিক হুর্বলতা, উন্মাদ ও রক্তের চাপবৃদ্ধি প্রভৃতি রোগ জন্মে। শরীরকেও ব্যায়ামাস্তে বিশ্রাম দেওয়া একাস্ত কর্তব্য। মাংসপেশীর সংযম-প্রণালীর আবিছারক মিঃ ম্যাক্সিক ( Maxic ) বলেন যে, মাংস-পেশীর পুষ্টির জন্ম উহার সঙ্কোচন ( contraction ) এবং শৈধিল্য (relaxation) উভয়ই আবশ্বক। প্রভ্যেক যৌগিক ব্যায়ামে কতকগুলি মাংসপেশীর সঙ্কোচন এবং অন্ত কতকগুলির শৈথিলা হয়। এইরূপে সকল যৌগিক ব্যায়ামের দ্বারা শ্রীরস্থিত মাংস-পেশীসমূহের সর্বপ্রকার পরিপুষ্টি হয় : কিন্তু একমাত্র শ্বাসনে সকল মাংশেশীর যুগপৎ বিশ্রাম সম্ভব। শবের অর্থ মৃত দেহ। এই ব্যায়ামে শবের মত নিম্পন্দভাবে শুইয়া বিশ্রাম করিতে হয় বলিয়া ইহার নাম শবাসন। এই আদনে সকল মাংসপেশীর সঙ্কোচন-জুনিভ ক্লান্তি দুর হয়।

শবাসন সহজ হইলেও অভ্যাস করা একটু শক্ত। ইহা এই ভাবে করিতে হয়। পঞ্চবিংণ চিত্র দেখ। সমতল ভূমিতে নরম বিছানায় চিং হইয়া পিঠের উপর শয়ন কর। হাত ছটি শরীরের ছই পাশে সোজা ভাবে থাকিবে। পদন্বয় প্রসারিত কর ও সরল ভাবে রাখ। গোড়ালীব্য় সংযুক্ত থাকিকে; কিন্তু পায়ের পাতা

হুটি ও আঙ্গুলগুলি হুই দিকে একটু হেলিয়া পজিবে। হাঁটু, কোমর, কাঁধ, ঘাড় প্রভৃতি সন্ধিস্থল শিথিল হইয়াছে—এইরূপ ভাব। মুখ উদ্ধ দিকে, দৃষ্টি শৃত্যে ও চক্ষু অর্ধনিমীলিত থাকিবে এবং নিঃশ্বাস স্বাভাবিক ও মন্থর গতিতে চলিবে। জাগ্রৎকালে আমরা যখন শুইয়া বিশ্রাম করি তথনও আমাদের পেশীগুলি কিঞ্চিৎ স্ফুটিত থাকে। শ্বাসনে এই সামাশ্য সঙ্কোচনও দুর করিয়া সকল মাংসপেশীকে সম্পূর্ণ শিথিল করিতে হইবে। এক একটি অঙ্গের পেশীগুলিকে ক্রেমে শিধিল করা দরকার। প্রথমে বক্ষঃস্থল, পরে ভলপেট, ভংপরে হস্তদ্বয় বা পদত্বয় এবং সর্বশেষে মন্তিফ শিধিল করিবার চেষ্টা কর। উক্ত ক্রেমের অনুদরণ অপরিহার্য্য নহে। যে অঙ্গটি সহজে শিথিল করিতে পার সেটি অপ্রে করিবে। যখন যে অঙ্গ শিথিল করিবে তখন ভাবিবে দেই অক্লের সমস্ত পেশী ও স্নায়ু শিথিল হইয়া পূর্ণ বিশ্রাম লাভ করিতেছে। কিঞ্চিৎ অভ্যাসের ফলে সকল অঙ্গের শৈথিল্য যুগপৎ সম্ভব হয় ৷ কেছ কেছ শবাসনে চক্ষু বন্ধ করিয়া থাকিতে পরামর্শ দেন। কাহারও মতে শবাসনে উপুড় হইয়া শুইয়া ভূমিতে কাণ লাগাইয়া শরীর শিথিল করিতে হয়। আমার মতে চিৎ হইয়া শবাসন করাই সহজ ও অধিকতর উপকারক। শবাসনে অবস্থান-कारल মনে মনে ওঁকার উচ্চারণ করিলে অধিক বিশ্রাম লাভ হয়। ওঁকার উচ্চারণে শরীরে এমন এক ছন্দ সৃষ্টি হয় যাহার দ্বারা দেহের প্রভ্যেক জীবকোষ, প্রভ্যেক রক্তকণিকা এবং প্রভ্যেক অনু পর্য্যস্ত বিশ্রাম পায়। নরদেহে সাভাইশ লক্ষ কোটি জীবকোষ বিস্তমান। শ্বাসনে থাকিয়া শ্বাসগতি নিয়মিত করিলে অপমৃত জীবকোবঙলি পर्यस मधीव शहेबा छेर्छ ।

শ্বাসনে পাঁচ হইতে দশ্বা পনের মিনিট থাকিতে পার। সকল যৌগিক ব্যায়ামের অন্তে একবার মাত্র শ্বাসন করিতে হয়। ইহার পরে আর কোন ব্যায়াম করিতে নাই। কাহারো মতে যে আসন যতক্ষণ ও যতবার করা যায় শবাসন ততক্ষণ ও তত্ত্বার করিতে হয়। এই মত স্বপোল-কল্লিভ এবং একান্ত বিভান্তকর ও অনাবশ্রক। এইরূপ করিলে রুধা কালবায় ব্যভীত অন্য উপকার হয় না। শ্বাসনে বিশ্রাম উপভোগকালে যদি নিজা আসিয়া যায় তারা উল্লম। নিজা আসিলে বুঝিবে যে, প্রকৃত বিশ্রাম হইয়াছে। কেহ কেহ শ্বাসনের অভ্যাস অনাবশ্রক মনে করেন। এই ধারণা অভ্যস্ত ভ্রাস্ত। শবাসন ব্যতীত যৌগিক ব্যায়াম সমূহের সম্পূর্ণ ফল পাওয়া যায় না। স্নায়্-মওলীর প্রকৃত বিশ্রাম না হইলে দৃষ্টিকীণতা, স্তৎপিতের ছুর্বলতা, বধিরতা প্রভৃতি রোগ জন্মে। স্বামী কুবলয়ানন্দ বলেন, 'বাছাদের রক্তচাপ বাজিয়াছে বা স্নায়ুদৌর্বল্য হইয়াছে ভাহারা শ্বাসনে অভিশয় উপকৃত হইবেন। পৈশিক ও স্নায়বিক ক্লান্তি দুরীকরণে শবাসন অদ্বিতীয়।" কাহারে কাহারও মতে ঘাভের নীচে একটি পাতলা বালিশ বাখিলে শ্বাসনে অধিকত্ব বিশ্রাম ভয়।

শবাসনের পূর্ণ ফল লাভ করিতে হইলে শ্বাসগতি সুমন্থর ও
নিয়মিত করা আবস্তক। শবাসনে থাকিয়া নিঃশ্বাস ও প্রশ্বাস
গতির উপর মন স্থির কর। শ্বাসগতি মন্থর করার ইহাই শ্রেষ্ঠ পথ।
শ্বাসে সময়ের দৈর্ঘ্য বা বায়ুর পরিমাণের দিকে লক্ষ্য রাধিও না।
এইভাবে প্রথমে ছই তিন মিনিট থাক। কয়েক দিন পরে এইভাবে
দশ মিনিট থাকিতে পার। ছই সপ্তাহ উপ্ত রূপে অভ্যাস করিলে
বোঝা বায় যে, আমাদের নিঃশ্বাস বা প্রশ্বাস কত অসমান এবং

ছন্দোহীন। অসমান ও অনিয়মিত নিঃশাসপ্রশাসের ফলে দেহ রুগা ও অনুস্থ হয়। শুতরাং স্বাস্থ্যরক্ষার জন্ম নিঃশ্বাস এবং প্রশ্বাস সমান ও শুদীর্ঘ হওয়া অভিশয় আবশ্রক। ক্ষুদ্রতর নিঃশ্বাসকে দীর্ঘতর এবং দীর্ঘতর প্রশ্বাসকে ক্ষুদ্রতর করিলে নিঃশ্বাস ও প্রশ্বাসের গতি সমান হয়। রোজ পনের মিনিট এইরূপে অভ্যাস করিলে মাস শ্বানেকের মধ্যে শ্বাসগতি নিয়মিত ও ছন্দোবদ্ধ হইবে। পরে নিঃশ্বাস ও প্রশ্বাস উভয়কে গভীরতর ও দীর্ঘতর করিবার চেষ্টা করিবে। এইরূপে করিবার সময় শ্বাসগতি সরল ও মন্থর ভাবে চলিবে। উক্তভাবে দশ মিনিট অভ্যাস করিলে স্বায়্মগুলী সভেজ্ব ও সবল হইবে। শ্বাসনে এইরূপে নিঃশ্বাস-প্রশ্বাসের ব্যায়াম রোজ ছই তিন বার করা যায়। শ্বদীর্ঘ অভিজ্ঞতা ও বছদশিতার আলোকে আমি দেখিয়াছি যে, যৌগিক ব্যায়ামের সঙ্গে নিঃশ্বাস ও প্রশ্বাসের ব্যায়াম সংযুক্ত হইলে আশাতীত ও আশ্বর্যাজনক শ্বফল পাওয়া যায়।

পরীক্ষার্থী ছাত্র ছাত্রীগণের পক্ষে শবাসন বিশেষ উপকারী। মার্কিন মণীরী উইলিয়ম জেমস্ ভাহাদের জগুই বলেন, "পরীক্ষার সময় এক আউন্স ভাল স্নায়বিক সবলতা পরীক্ষার পূর্বে অনেক পাউপ্ত উদ্বিগ্ন অধ্যয়নের সমান। যদি তুমি সভাই ভোমার সাধ্যমত পরীক্ষায় ভাল ফল করিতে চাও তবে পরীক্ষার পূর্ব দিন পাঠ্য গ্রন্থ ছুঁভিয়া ফেলিয়া হাসি মুখে খেল, নিশ্চিম্ব মনে তুমাও এবং স্নায়্মগুলীকে শিধিল কর।" শবাসনে স্নায়ুর এবং পেশীর উত্তম শৈধিলা হয়।

ভূজজাসন, শলভাসন, ধনুরাসন, সর্বাঙ্গাসন, মংস্থাসন, শীর্বাসন, ময়ুরাসন, হলাসন, পশ্চিমোতান আসন, উড্ডীয়ান, নৌলী, যোগমুজা,

অর্থনংস্তেক্সাসন, গোরক্ষাসন, অর্থবদ্ধ পদ্মাসন, পদহস্তাসন, ত্তিকোণাসন ও শ্বাসন —এই আঠারটী আসন উক্ত ক্রেমে রোজ অভ্যাসের চেষ্টা করিবে।

### স্বস্থিকাসন

এই আসনে পদ্বয় গোড়ালীর উপরে প্রায় সমকোণে বিশ্বস্ত হয় বলিয়া ইহার নাম স্বস্তিকাসন। আর্যাগণ কর্তৃক স্বস্তিক পরম শুভ চিহ্নরূপে ব্যবস্থাত হইত। ত্রিশিখী ব্রাহ্মণ উপনিষদের ৩৫ শ্লেকে স্বস্তিকাসন সংক্ষেপে বিবৃত।—

> বর্ণ্যতে স্বস্তিকং পাদতলয়োক্সভয়োরপি। পূর্বোত্তরে জামুনি ছে কুষাসনমূদীরিতম্॥

অনুবাদ — উভয় পদতল, জানু ও উরুর মধাস্থানে সমাক প্রকারে রক্ষা করিয়া দেহ সোজা রাখিয়া উপবেশন করিলেই সর্ব পাপ নাশক স্বস্থিকাসন হয়।

স্বস্থিকাসন নিয়ারপে করিবে। বড়বিংশ চিত্র দেখ। পদ্বয় প্রসারিত করিয়া বস। তৎপরে একটা পদ, ধর ডানটা ইাট্র কাছে ভাজ করিয়া ডান পদতল বাম জালুমুলে লাগাও। সিন্ধাসনের সহিত স্বস্থিকাসনের প্রভেদ এই খানে। এখন বাম পদ ইাট্র কাছে ভাঁজ করিয়া ডান জালুমূলে এমন ভাবে স্থাপন কর, যাহাতে সীবনীর বাম পার্শ্বে ডান গুল্ফ এবং ডান পার্শ্বে বামগুল্ফ এবং ডান পার্শ্বে বামগুল্ফ এবং ডান পদাক্ষ্ঠ তাম উক্ল ও জালুর মধ্যে প্রবিষ্ট হয় এবং বাম পদাক্ষ্ঠ ডান উক্ল ও জালুর মধ্যে প্রবিষ্ট হয় এবং বাম পদাক্ষ্ঠ ডান উক্ল ও জালুর মধ্যে দেখা যায়।

এখন পদন্বয় গোড়ালী ন্বয়ের কিঞ্চিৎ উপরে সমকোণে এরাপ ভাবে সন্ধিবিষ্ট কর যে, পায়ের হাড়ের উপর কোন প্রকার কষ্টকর চাপ না পড়ে। সিদ্ধাসন অপেকা স্বস্তিকাসন সহজ; অবশ্য উভয়ের মধ্যে যথেষ্ট সাদৃশ্যও আছে। স্বস্তিকাসন মেরুদণ্ড সরল ও উল্লভ থাকিবে; কিন্তু বক্ষস্থল সম্মুখ দিকে, ফুলিয়া উঠিবে না। মেরুদণ্ড বক্র হইলে এই আসনাভ্যাস অচিরে ক্রান্তিপ্রদণ্ড কষ্টকর হয়। হস্তদ্বয় স্কন্দব্য় হইভে সোজা, অথচ আল্গা ভাবে প্রসারিত হইবে এবং হস্তভলন্বয় ছুই হাঁটুর উপর বিদ্যুম্ভ থাকিবে। অথবা হাঁটুর বাহিরে হস্তভল বাড়াইয়া ও কজি হাঁটুর উপর রাধিয়া জ্ঞান-মূলা করা যাইতে পারে। ভান পদের পরিবর্তে প্রথমে বাম পদ ব্যবহার করা যায়। ইহা একটি উত্তম ধ্যানাসন। ইহাতে বহুক্ষণ অনায়াসে বসা যায়। পদ্মাসন ও দিন্ধাসনের স্থায় স্বস্থিকাসন উপাসনা, ধর্মগ্রন্থাঠ ও দেবপুজাদি কার্য্যে প্রশস্ত।

#### স্মাস্ন

পদাসন, সিদ্ধাসন এবং স্বস্তিকাসনের মত সমাসুন একটি ধ্যানাসন। ধ্যানাসনগুলি স্বাস্থ্যের পক্ষে বিশেষ উপকারী নহে: কিন্তু জপ-ধ্যানাদির পক্ষে প্রশস্ত। ইহাতে দেহের সর্ব অক্স সমভাবে বিশ্বস্তু হয় বলিয়া ইহার নাম সমাসন। ইহার অশুনাম গুপ্তাসন। ইহার কারণ, ইহাতে জননেন্দ্রিয়াদি পোড়ালী ধ্যেরে নীচে গুপ্ত থাকে।

ইহার সহিত স্বস্তিকাসনের প্রভেদ মাত্র গোড়ালীর বিক্রাসে। স্বস্তিকাসনে ভান ও বাম গোড়ালী বিপরীত উক্লবন্ধে সংলগ্ধ হয়;

কিন্তু সমাসনে ডান ও বাম গোড়ালী লিক্সমূলের উর্ধে উপর্যুপরি मानिक इया म्यामन निम्नद्वाल कवित्व। मश्रुविश्म हित्र एथ। ডান পদ ভাঁজ করিয়া জামুর কাছে টানিয়া আন। ডান গোড়ালী ভান হাতে এবং ভান পদাকুষ্ঠ বাম হাতে ধর। পরে ভান গোড়ালী উর্ধমূখী এবং ভান পদাঙ্গৃষ্ঠ নিম্নমূখী করিয়া লিঙ্গমূলের উপরে রাধ। ভান পদতল উর্বমুখী এবং পদের উপরিভাগ ভূমিস্পৃষ্ট হইবে। জননেব্রিয়াদি গোড়ালীর নীচে এমন ভাবে স্থাপন কর, যাহাতে 'অণ্ডকোষের উপর কোন চাপ না পড়ে। বাম পদও উক্ত রূপে ভাঁদ্ধ করিয়া বাম গোড়ালীকে ডান গোড়ালীর উপর লিঙ্গমূলে স্থাপন কর। লিঙ্গমূলে দীবনীর পশ্চাতে স্বাধিষ্ঠান চক্র অবস্থিত। এই স্থানে উভয় পদের গোড়ালীঘয়ের চাপ পড়িবে। বাম পদের व्यकृष्ठीपि जान जेक ও जान कानूत मर्सा व्यविष्ठे इहेरर। हेहारज হস্তাদির বিকাস স্বস্তিকাসনের মত হয়। মেক্লণণ্ড সমূলত এবং সমগ্র দেহ সাম্যে অৰম্বিত হইবে। যাহাদের হাইড্রোসিল বা বর্ধিত অওকোষ আছে ভাহাদের পকে সমাসন করা উচিত নয়। পলাসন. সিদ্ধাসন ও স্বস্থিকাসনের ক্রায় সমাসনে বহুক্রণ বসা যায়।

# কতিপয় স্বাস্থ্যতথ্য

স্বাস্থ্যের কথা উঠিলে মদীয় গুরুদেব এই প্রাচীন বাংলা কৰিভাটি
সহাত্তে আবৃত্তি করিয়া দেহের বদ্ধ লইতে বলিছেন।—
কায়িক শ্রমে দিয়ে মান।
সকালে বিকালে নিভা সান !

शास्त्रांक हुंथ, कु क्र शाख्या।

কিছু কাঁচা শাক্ষল রোজই থাওয়া।

খুব চিবিয়ে খাওয়া চাই।

পেটের ভিতর দাত নাই।।

ছু ভিন সের জল রোজই খাওয়া।

সকাল বিকাল নিকলে দেওয়া।।

মাঝে মাঝে ছেমে নেওয়া।

মাসে হুটো উপোস দেওয়া।।

মানলে এ সব স্বাস্থাবিধি।

বাঁচতে পার শতাবধি।

সূর্যোদয়ের অস্তত: আধ ঘন্টা পূর্বে শয্যা হইতে উঠিয়া মল-মূত্র ভ্যাগ করিবে। ব্রাহ্ম মূহুর্তে শয্যাভ্যাগ শাস্ত্রীয় ও স্বাস্থ্যকর বিধি। আহ্নিক ভত্ত্বে ব্রাহ্ম মূহুর্ত এইরূপে নির্দিষ্ট।—

রাত্ত্বেপ্ত পশ্চিমে যামে মুহুর্তো যস্তৃতীয়ক:। স ব্রাহ্ম ইতি বিখ্যাতো বিহিতঃ সংপ্রবোধনে।।

অমুবাদ — রাত্তির শেষ প্রহরকে চারি ভাগ করিলে প্রথম হুই ভাগ রাত্তির এবং শেষ হুই ভাগ গৌণ দিবার অন্তর্গত হয়। গৌণ দিবার প্রথম ভাগই রাত্তির শেষ প্রহরের তৃতীয় মূহুর্ত। এই সময়কে ব্রাহ্ম মূহুর্ত বলে। ইহার পরিমাণ প্রায় দেড় ঘন্টা। এই সময় শ্যাভ্যাগ করা উচিত। শ্যাভ্যাগান্তে পায়ধানার যাইবে, দাত মাজিবে ও জিভ ছুলিবে। ব্রাহ্ম মূহুর্তে শুইয়া থাকা, ভোরে পায়ধানায় না যাওয়া, দাত না মাজা বা জিভ্ না ছোলা অতীব অস্বাস্থ্যকর।

বালা মৃহুর্তে উঠিয়া মলমূত্র ত্যাগ করিয়া গাঁত মাজা ও জিভ্ ছোলা হইলে কাপড় ছাড়িয়া বালকবালিকাগণ এবং ছাত্রছাত্রীরা পলাসনে বা সিদ্ধাসনে বসিয়া এই বেদমন্ত্র একাঞা মনে আর্ত্তি করিবে।—

> প্রশুম শরদঃ শতং জীবেম শরদঃ শতং। শৃণুয়াম শরদঃ শতং প্রবেশম শরদঃ শতম্। অদীনাঃ স্থামঃ শরদঃ শতং ভূয়শ্চ শরদঃ শতাং॥

অনুবাদ—আমরা যেন ( ঈশ্বরের কুপায় ) শত শরং ( বংসর ) দেখিতে পাই, শত বংসর বাঁচিতে পারি, শত বংসর শুনিতে পারি, শত বংসর কথা বলিতে পারি, শত বংসর দৈশুহীন থাকিতে পারি এবং শতাধিক বংসরও যেন এইরূপ করিতে পারি।

ক্ষিতি, অপ্, তেজ, মক্সং ও ব্যোম—এই পঞ্চ ভূতে মানব দেহ
গঠিত। সুলাহারে দেহের ক্ষিতি অংশ পুষ্ট হয়। ভাত, কটি,
ডাল ও তরকারীর সহিত রোজ কিছু কিছু ফল খাওয়া আবশ্রক।
বাংলা দেশে এখনও কটি খাওয়ার তেমন প্রচলন হয় নাই। খীরে
খীরে আমাদিগকে ছপুরে ভাত ও রাত্তে কটি খাওয়া অভ্যাস করিতে
হইবে। প্রতাহ ভাত ও কটি ছই খাইলে সহজে হজম ও কোষ্ঠ
পির্ছার হয়। পাতি লেব্, কমলা, আসুর, আম, কলা, পেঁপে,
নারিকেল, আখ, কাঁঠাল, পেয়ারা, আতা, বেল, শশা, জাম, আনারস,
আপেল শ্রাসপাতি, লিচু প্রভৃতি ফল বে ঋতুতে বাহা পাওয়া বায়
ভাহা রোজ কিছু কিছু খাওয়া দরকার। অপ্ অংশ প্রণের জন্ম হ্ব,
বিশুদ্ধ জল, খোল, সরবং, ডাব, দই, প্রভৃতি রোজ খাওয়া উচিত।
রোজ পাঁচ ছয় প্লাস অথবা ও বা লে সের জল পান করা আবশ্রক।

প্রাতে শ্যাত্যাগ করিয়াই এক গ্লাস ঠাওা ছল পান করিলে কোষ্ঠ পরিষার হয়। ম**রুৎ অংশ প্**রণের **জগ্য উন্মৃক্ত** বাতাদে উপবেশন, পরিভ্রমণ ও শয়ন এবং গভীর নিংশ্বাস-প্রশ্বাস গ্রহণ আবশ্যক। ভেজাংশ পুরণের জন্ম স্ব্যালোক সেবন বিধেয়। বিশেষতঃ শীভ কালে স্বালে স্ব্যার আলোক লাগান অভীব আবশ্রক। শাল্তে আছে, 'পুষ্ঠতঃ দেবয়েৎ অর্কম'। ইহার অর্থ পুষ্ঠদেশে দৌর কর সেবন করিবে। মেরুদত্তে স্নায়ুমূলসমূহ অবস্থিত। সৌর কর সেবনে সেগুলি সভেজ, সবল হয়। ছাদের উপর বা কোন নির্জন ञ्चारन অনাবৃত ও नश्च म्हार, विस्थयक्राल पृष्ठिम्म पूर्वगारमाक লাগাইবে। যতক্ষণ না দাম হয় ভতক্ষণ সূৰ্য্যালোকে থাকিবে। সুর্য্যালোকের রোগারোগ্য শক্তি কত অধিক তাহা পাশ্চাত্য বৈজ্ঞানিকগণও স্বীকার করেন। সুইজারল্যাতের ডাঃ রোলিয়ার ভাঁছার 'সুর্যাচিকিৎসা' ( Heliotherapy ) নামক বিখ্যাত গ্রন্থে দেখাইয়াছেন, যন্ত্রারোগ প্রভৃতি গুরারোগ্য ব্যাধিও সূর্য্যালোকে সারিয়া যায়। সৌর করে ভাইটামিন 'ডি' প্রচুর পরিমাণে বিভ্নমান। ব্যোমাংশ পুরণের জগু উপবাস এবং সন্ধ্যায়, সকালে ও রাত্রে মেখমুক্ত নীলাকাশের দিকে তাকান এবং বিস্তৃত মাঠেম্প্রমণ, পর্বত ও সমুক্তাদি দর্শন কর্তব্য।

বাংলা দেশে বর্ষাকালে বাতাসে আর্দ্রতা বাড়ে। সেইজন্ত শরীরের জড়তা বেশী বোধ হয়। উক্ত ঋতুতে নৈশ আহারের সময় কাঁচা পেঁয়াজ খাইলে রাত্রিতে স্থানিদ্রা হয় এবং শরীরও গরম থাকে। ভাত, কটি বা মৃড়ির সঙ্গে কাঁচা পেঁয়াজ বা রস্থন চিবাইয়া খাইলে বাত হাঁপানি ও রক্তের চাপর্তি কমিয়া বায়। রসোন বা রস্থনের

অর্থ রস + উন। ইহাতে মাত্র একটী রস নাই, বাকী পঞ্চ রস আছে। কাঁচা রম্ম খাইতে হুর্গন্ধ উঠিলেও ইহা অতিশয় উপকারী। রস ছয় প্রকার — অমু. মধুর, ভিক্ত, কষায়, কটু ও লবণ। রম্বনে অমরস মতাস্তরে লবণ রস অত্যন্ত আছে বা নাই বলিলেই চলে। বর্ষাকালে বায়ুবৃদ্ধি হয়। এই ঋৃতে দ্বিপ্রহরে ডাল-ভাতের সঙ্গে পাতি বা কাগ্জি লেবুর রস খাইলে পেটে বায়ু হয় না। বর্ষাকালে প্রচুর মধু পাওয়া যায়। জলের সহিত সরবৎ করিয়া বা পাঁউকটী, বিশ্ব ; বা লুচি ও আটার রুটী বা পরটার সঙ্গে মধু খাওয়া খুব ভাল। মধু সহত্রপাচ্য, বলকর ও মৃত্র রেচক। ইহাতে প্রচুর পরিমাণে বিবিধ ভাইটামিন বিজ্ঞান। কড লিভার তৈল অপেকাও ইহা উপকারী। কাঁচা টমেটো, কাঁচা ঢেঁড্স, কাঁচা শদা, আধণাকা পেয়ারা, পাকা নারিকেল ও কলা, কাঁচা মূলা, পাকা বেল, আখ, পাকা কালভাম, গোলাপ জাম, আভা, বাভাবিলেবু, জামকুল, শাঁকালু, ধেজুর, কুল প্রভৃতি মাঝে মাঝে ধাওয়া উচিত। ভাইটামিন ট্যাবলেট অপেকা এই সব ফল অধিকতর উপকারী।

পুঁই, শুস্নী, পুদিনা, হিঞা শাকাদি অতি উপাদেয়। হিঞার রস ছই তিন তোলা ছথের সঙ্গে প্রাতে খাইলে পিন্ত নাশ হয়। আদার রস চায়ের সঙ্গে অথবা অ'দাকু ি মুন সহ সকালে খাইলে কুধা ও ক্লচি ছই বাজে এবং পাকা সদি তরল হইয়া নির্গত হয়। তুলসী পাভার রস চোখে দিলে নানা চকুরোগ এমন কি কাঁচা ছানিও সারিয়া যায়। স্থানের সময় নাকে, কানে, চোখে, নাভিতে ও পারের নখণ্ডলিতে বাঁটি সরিয়া তৈল দিলে এই সকল প্রত্যঙ্গ নীরোগ ও স্বস্থ থাকে। সরিয়া তৈলের নস্ত লইলে হাঁচি কমে ও ঠাঙা লাগে

না। অন্ত প্রকার নস্ত অপকারী। বাংলা দেশে মাছ শাক্সব্জীর মত সাধারণ খাতা। কই, মৌরলা, মাগুর, বাটা, সিক্লি, কই কাতলা প্রভৃতি মাছ রোজ বিছু বিছু খাওয়া ভাল। ইলিশ মাছে খুব তেল আছে। ইহা কড মাছের মত উপকারী কিন্তু ছম্পাচ্য। ইলিশ মাছের ভাজা কচিকর। কাঁচা আধসিদ্ধ ডিম মাঝে মাঝে প্রাতে খাওয়া চলে। সুসিদ্ধ ও অল্প মশলাযুক্ত মাংস সামাত্ত পরিমাণে খাওয়া যাইতে পারে। উত্তম চর্বণ ও মিতাহার করিলে কোন খাত্ত অপকারক নহে। তবে ফলমূল ও শাক্সব্জী খাওয়ার দিকে নজর বেণী রাখা উচিত। ত্রিফলার চূর্ব রাত্তিতে আহারাস্তে বা ত্রিফলার জল প্রাতে খালি পেটে খাইলে কোর্চ পরিছার হয়। হরীতকী, আমলকী ও বহেড়াকে ত্রিফলা বলে। বর্ষাকালে রাত্তিতে শায়নের পূর্বে সিরিষা তৈল গরম করিয়া ছই পায়ে মালিশ করিলে স্থানিছা হয় ও কাঁচা সদি সারিয়া যায়।

মানুষ খাল্ডের অভাবে একুশ দিন এবং জ্বলাভাবে তিন দিন বাঁচিতে পারে: কিন্তু বায়ুর অভাবে মানুষ তিন মিনিটেরও বেশী বাঁচিতে পারে না। স্বভরাং বিশুদ্ধ বায়ু দেহের প্রাণত্ল্য। শ্রমণ, উপবেশন ও শয়নাদি এমন স্থানে করা উচিত, যেখানে বিশ্বদ্ধ বায়ু প্রচুর পরিমাণে পাওয়া বায়।

বিশুদ্ধ বায়ু শতকরা ৭৯ অংশ নাইটোজেন, ২০'৯৬ অক্সিজেন এবং '০৪ অংশ কার্বনিক এসিড। অক্সিজেনের পরিমাণ কমিলে এবং কার্বনিক এসিডের পরিমাণ বাড়িলে বায়ু দ্বিত হয়। দ্বিত বায়ু সেবনে মাণাধরা, মাণাঘোরা, গা বমি বমি করা, সর্দি কাশি, হাঁপানি প্রভৃতি রোগ, এমন কি মৃত্যু পর্যস্ত হইতে পারে। বিশুদ্ধ বায়ু জীবনী শক্তি বর্ধক এবং দ্বিত বায়ু জীবনী শক্তি নাশক। দিবাভাগে বৃক্ষমূহ বায়ুমণ্ডল হইতে কার্বনিক গ্যাস গ্রহণ এবং অক্সিজেন ত্যাগ করে; কিন্তু রাত্তিকালে তাহারা অক্সিজেন গ্রহণ এবং কার্বনিক গ্যাস ত্যাগ করে। স্বত্তরাং রাত্তিতে বৃক্ষের বাতাস অস্বাস্থ্যকর। পরস্ত দিবাভাগে বৃক্ষতলে বা উল্পানে যতক্ষণ থাকা যায় তত্তই ভাল। নদীতে, সাগরে, হুদে বা পর্বতে অক্সিজেন অধিক পরিমাণে থাকে। সেইজ্লা নদী, সাগর বা হুদের তীরে বা পর্বতে বাস স্বাস্থ্যকর।

স্নানের পূর্বে গাত্রে সরিষা তৈল এবং মন্তকে তিল বা নারিকেল তৈল মাখা উচিত। "ঘৃতাৎ অষ্ট্রপ্রণং তৈল, মর্দনাৎ ন তু ভক্ষণাৎ।" ইহার অর্থ, ঘৃত অপেক্ষা তৈলের ফল আট গুল অধিক। উক্ত ফল গায়ে তৈল মাখিলে পাওয়া যায়, তৈল খাইলে নহে। স্বামী বিবেকানন্দ বলিভেন, "এক ছটাক ভেল ভাল করে মাখলে এক পোয়া বি খাবার কাজ হয়।" স্বতরাং স্নানের পূর্বে গায়ে উত্তমরূপে তেল মাধিলে চর্ম, পেশী ও স্নংয়ু স্মিশ্ধ থাকে এবং রক্ত পরিকার হয়। মাগে ছই এক বারের বেশী গায়ে সাবান মাখা উচিত নয়।

আহারের সময় ভাত ডাল তরকারী মুখে ইতমরূপে চর্বণ করা আবশ্যক। ভূক্ত দ্রব্য চিবাইতে চিবাইতে লালামিশ্রিত হইলে স্বতঃই গলাখঃকৃত হয়। প্রত্যেক প্রাস ৩০ বার হইতে ৪০ বার উত্তমরূপে চিবান উচিত। মুখেই খাল্প দ্রব্য অর্থেক পরিপাক হয়। ভালরূপে চিবাইলে অধিক আহারের ইচ্ছাও কমিয়া যায়। ভূক্ত দ্রব্যের সহিত আবশ্যকীয় লালা মিশ্রিতনা হইলে আহারে পরিতৃধ্যি

হয় না, পুনরায় আহারের ইচ্ছা হয়, এবং ভুক্ত জাব্যও মুখগহরে হইতে পাকস্থলীতে বাইয়া ভালরূপে জীর্ণ হয় না।

দিবাভাগে বাম নাসিকায়, রাত্তিকালে ডান নাসিকায় এবং সকালে ও সন্ধ্যায় উভয় নাসিকায় নিঃশ্বাস বহা ভাল। আহারের পূর্বে পাঁচ মিনিট, আহারের কালে সর্বদা এবং আহারের পরে পাঁচ মিনিট ভান নাকে নিঃশ্বাস বহিলে ভুক্ত দ্রব্য সহজে পরিপাক হয়। উভয় নাকে নিঃশ্বাস বহার সময় উপাসনাদি এবং বাম নাকে নিঃশ্বাস বহার সময় উপাসনাদি এবং বাম নাকে নিঃশ্বাস বহার সময় লেখাপড়া প্রশস্ত। এক পাশে একটি বালিশ চাপিয়াকরেক মিনিট শুইলেই অপর পাশের নাক দিয়া নিঃশ্বাস বহিবে।

বাম পাশ চাপিয়া নিজা যাইবে। বাম পাশে শুইতে শুইতে ক্লান্ত হইলে কিয়ৎকণের জন্ম ভান পাশে শোয়া যাইতে পারে। কিন্তু ভান পাশে অধিককণ শোওয়া উচিত নয়। চিৎ বা উপুড় হইয়া নিজা যাওয়াও অভ্যন্ত অধাস্থ্যকর। এইভাবে শুইলে মেরুদতে বা পেটে চাপ পড়িয়া ভন্মধ্যস্থ সায়ুজালের ক্রিয়া ব্যাহ্ত হওয়ায় হুঃস্বপ্রাদি ঘটে, স্থনিজা হয় না। শুইবার সময় যভদ্র সম্ভব, পা হুইটি ও কোমর সোজা রাখিতে হয়।

নাসাপান একটি অতি উপকারী যৌগিক প্রক্রিয়া। আমেরিকার প্রাকৃতিক চিকিৎদক ডাঃ হেন্রী লিগুলোয়ার বলেন, "ইহার দ্বারা সর্দি ও মাথাধরা সহজে সারে, এবং মস্টিক ও নেত্রস্মায় সবল ও স্থিয় রাধে।" এই প্রক্রিয়ায় কোন অনিষ্টের আশক্ষা নাই। এক গ্লাস জলে এক চামচ শোধিত লবণ মিশাইয়া ঐ জল ভালরপে নাজ্য়া প্রাতঃকালে উভয় নাসা দ্বারা সেই জল টানিয়া মুধ দিয়া ফেলিয়া দিতে হয়। একটি বাটীতে জল রাধিয়া নাসাপান

করা আরও সহজ। ছুই তিন সপ্তাহ ছুই নাকে জল টানার পর এক নাক বন্ধ কহিয়া অহ্য নাক দিয়া জল টানা যায়। গলায় বা জিহ্বামূলে যে কফ জমে তাহা নাদাপানে পরিজ্ব হয়। অভ্যাদের ফলে লবণ ব্যতীত বিশুদ্ধ জলে নাদাপান করা যায়। প্রথম অভ্যাদে লবণ-মিশ্রিত জল ব্যবহার করা উচিত। বিশুদ্ধ জলে নাদাপান করিলে নাকে খুব ঝাঁজ লাগে। শীতকালে স্নানের সময় এবং গ্রীম্মকালে প্রাতে নাদাপান কর্তব্য।

আয়ুর্বেদমতে 'লজ্বনং প্রমৌষধম্'। ইহার তাৎপর্য, উপবাস সর্বরোগের প্রমৌষধ। আহারের স্থায় উপবাসও স্বাস্থ্যের পক্ষে একান্ত আবশ্রক। হস্তপদাদির স্থায় পরিপাকযন্ত্রাদিরও বিশ্রাম প্রয়োজন। ইহা একমাত্র উপবাসে সম্ভব। প্রভোক মাসে ছইটি একাদশী ও একটি পূর্ণিমা ও একটি অমাবস্থা রাত্তিতে উপবাস করিবে। উপবাদের দিন প্রচুর পানীয় গ্রহণ বিধেয়। পিউরিণ্টন সাহেৰ প্ৰণীত Philosophy of Fasting (উপবাস ভত্ত্ ) নামক প্রাম্বে লিখিত আছে, যদি সুস্থ, সুখী ও পূর্ণাঙ্গ হইতে চাও, তবে নিয়মিত উপবাস কর। বংগরের মধ্যে একবার বা ছইবার এক সঙ্গে, তুই তিন দিন উপবাস অতিশয় উপকারী, দীর্ঘ উপবাসে ঘোল, ভাব বা জল ব্যতীত অন্ত কিছু খাওয়া উচিত নহে। উপবাসাস্থে পাতিলেবু, কমলা, আপেল প্রভৃতি অমুরসযুক্ত ফল খাইবে। উপৰাসের দিনে ফলের রস বা ডাবের জল বা হুধ তিন চার वात बाख्या व हेटल भारत । উপवारम भतीरतत मृषिक भगःर्थ अवर রক্তের জলীয় অংশ নির্গত হয়, এবং দেহযন্ত্র সতেজ ও সঞ্চীবিত থাকে। নিয়মিত উপৰাস ব্যতীত স্বাস্থ্যলাভ ও রোগনাশ ছ্রাশা মাত্র।

মল, মুত্র ও বায়ুর বেগ আদিলেই অবিলম্বে তাহা ত্যাগ করিবে; কারণ, মল, মুত্র ও বায়্ব অল্প বেগধারণও অস্বাস্থ্যকর। মলমূত্রাদি ত্যাগে অলসতা বা দীর্ঘসূত্রিতা অভ্যস্ত অনিষ্টকর। ইহার কারণ, মলভাও এবং মূত্রাশয়ের কাছেই শুক্রাশয় অবস্থিত। মূত্রাশয়ে মৃত্র ও মলভাওে মল অধিককণ সঞ্চিত থাকিলে শুক্রাশয়. উত্তপ্ত ও উত্তেজিত হয় এবং কামের বেগ জ্বন্মে এবং ধীরে ধীরে মুত্রনালীতে বিন্দু বিন্দু 🖰 📭 ऋदिত হয়। স্থতরাং মলমুত্রাদির বেগ ধারণ সর্বদা পরিতাজ্য। মূত্রত্যাগান্তে জল দিয়া অওকোব ও উপস্থ ভালরূপে ধৌত করা কর্তব্য। জার্মানীর প্রসিদ্ধ প্রাকৃতিক চিকিৎসক লুই কুনে তাঁহার বিখ্যাত New Science of Healing ( নব চিকিৎসা বিজ্ঞান ) প্রান্থে বলিয়াছেন যে, মুত্র ত্যাগাস্তে হিন্দুদিগের এই দিক্সমান প্রথা অতীব হিতকর। উহা মাত্র অলকণের জন্ম হইলেও দিনে বহু বার হয় এবং ইহাতেই সায়ু-মওলী শীতল হয় এবং উত্তেজনা কমিয়া যায়। অওকোষেই শুক্র উৎপন্ন হয়। স্থতরাং সর্বদা কৌপীন পরিধান দারা উহাকে বুলিতে বা ছলিতে না দিয়া স্থির রাখা এবং মল বা মৃত্ত ত্যাগাস্তে ঠা**তা জ**লে উহাকে ধৌত করা উচিত। উহাতে উত্তাপ থাকিলে উত্তেজনার সৃষ্টি হয়। মানসিক উত্তেজনা কামবেগে বা ক্রোধবেগে পরিণত হয় ও শেষে শারীরিক উত্তেজনা সৃষ্টি করে।

ডাঃ লুই কুনে বলেন, "বৃক্ষমূলে জলসেচন করিলে যেমন বৃক্ষের প্রাণরক্ষা হয় ভেমনি দেহমূলস্বরূপ উপস্থ ও কোষদ্বয় দিনে বহু বার ধুইলে শরীরের অভিরিক্ত উত্তাপ কমিয়া যায় এবং স্নায়্জাল স্থিম হয়।" তিনি উক্ত হিন্দু প্রথা অবলম্বনে sitz bath বা লিক্সান নামক একপ্রকার জলচিকিৎসা আবিজ্ঞার করিয়াছেন। ইহার দারা ভিনি বালকদিগকে হস্তমৈথুন হইতে এবং যুবকগণকে স্বপ্নদোষাদি হইতে আশ্চর্যারপে মুক্ত করিয়াছেন। কুল্রিম উপায়ে শুক্তক্ষয়ের অসদিছা হইতেও উক্ত ক্রিয়া সহায়ে তরুণীগণ রক্ষা পাইবে। দেশীয় কোন ব্রহ্মার্যা বিভালয়ে এই প্রথা 'শিবাস্থু' নামে অভিহিত ও প্রচলিত ছিল। শিবাস্থু অভ্যাসের দারা উক্ত বিভালয়ের অনেক বালক হস্তমৈথুন হইতে রক্ষা পাইয়াছে। লিক্তমান দারা কোর্ছদেশস্থ বায়ু উর্দ্ধগামী না হইয়া অধোগামী হয়। বায়ু নিঃসরণ কখনও বিলম্ব বা বন্ধ করিতে নাই। বাতকর্ম সঙ্গে সক্ষে করিতে কখনও লজ্জাবোধ করা উচিত নয়! বন্ধ্বসঙ্গে বা গুরুক্তন সমীপে বা স্কুলকলেকে বা সভাসমিতিতে বা অভ্যান্ত স্থানে বেখানেই যখন বিসিবে বায়ুর বেগ আসা মাত্র উহা নিঃসরণ করা উচিত। উহা বিলম্বিত বা বন্ধ হইলে শুক্ত তরল হয়। শুক্তভারলা স্বাস্থ্যের পক্ষে ভীষণ অনিষ্টকর।

রাত্তির চতুর্থ প্রহরে অর্থাৎ তিনটার পরে মলমুত্র বহির্গমনের জন্ম স্ব স্থানে উপস্থিত হয়। সেই সময় উঠিয়া মলমুত্রত্যাগ করা কর্ত্তর। মলত্যাগের বেগ না থাকিলে ঐ সময়ে মৃত্রত্যাগের অভ্যাস করা ভাল। স্বপ্রদোষ সাধারণতঃ রাত্তির এই অংশে হয় এবং উহার অন্যতম কারণ মলমুত্রত্যাগে অবথা বিলম্ব। এই সময় একবার মৃত্রত্যাগান্তে হাত পা ধূইয়া ঈশ্বর স্মরণ করিয়া আবার শুইলে স্বপ্রদোষাদি হয় না।

রাত্রিতে লঘু আহার করা উচিত। নৈশ আহারের অস্ততঃ এক বা দেড় ঘন্টা পরে নিজা ঘাইলে সহজে হজম হয়। খাওয়ার পরেই শুইলে পেট গরম হয় ও হছমের ব্যাঘাত ঘটে এবং ত জ্জ্ম হঃম্পরাদি দৃষ্ট হয়। নিজা যাইবার পূর্বে তৃক্তার যেন অর্থেক হজম হইয়া যায়। খালি পেটে নিজা যাইলে স্থনিজা হয়। স্থনিজায় শরীরের অবসাদ দৃর হয় ও কর্মশক্তি বাড়ে। স্পরপূর্ণ নিজায় প্রাতে মাথা ভারী বোধ হয় ও দেহমন ক্লান্ত থাকে এবং কাজকর্মেও ইচ্ছা হয় না। স্থভরাং রাত্তিতে স্থনিজার জ্ঞা সচেষ্ট হওয়া দরকার। রাত্তিতে কৌপীন পরিয়া শুইবে। রাত্তিতে শয়নের পূর্বে শীতকালে গরম জল এবং গ্রীম্মকালে ঠাণ্ডা জ্লা পান করিলে প্রাতে কোষ্ঠ পরিকার হয়। রাত্তিতে আহারের ঘারা উদরের এক চতুর্থাংশ এবং জলা বা ছথের ঘারা আর এক চতুর্থাংশ পূর্ণ করিয়া বাকী অর্থেক উদর বায়ু সঞ্চালনের জ্ঞা শৃষ্ঠা রাখিলে সহজ্ঞে হজ্ম শৃত্ব বিল্লা হয়।

মলমূত্র ভ্যাগের সময় চ্ইপাটি দাঁত একত্রে চাপিয়া ধরিলে
মৃত্যুকাল পর্যান্ত দাঁত শক্ত থাকে। আয়ুর্বেদীয় দাঁতের মাজন
বা লবণ সহিত সরিষা তৈল বা কাঁচা নিমের দাঁতন দিয়া রোজ
সকালে দাঁত মাজিবে এবং তৎপরে জিভ ছোলার দারা জিভ
ছুলিবে। নচেৎ অল্প বয়সেই দাঁত নষ্ট হয় এবং কৃত্রিম দাঁত
ব্যবহার করিতে হয়। তখন কঠিন খাল্প চিবাইয়া খাওয়া যায়
না। সে যে কি কষ্ট, ভুক্তভোগী ব্যতীত অল্পে ভাহা ব্রিতে
পারে না। 'দাঁত থাকিতে দাঁতের মর্যাদা লোকে বোঝে না'
— এই প্রবাদ আক্ষরিক ভাবেও সভ্য। ট্রথ বাস ব্যবহার করা
অনুচিত। ব্রাসের একটি মাত্র চ্ল পেটে গেলে খুব জনিষ্ট হয়।
ব্রাসের চ্লের মধ্যে বীজাণু জমিয়া দাঁত নষ্ট করে। বালি বা

কয়লার চূর্ণ দিয়া দাঁত মাজিতে নাই। উহাতে দাঁতের উপরস্থ এনানেল অংশটি ক্ষয়িত হয়। উক্ত এনামেল নাই হইলে দাঁতের গোড়া সরু হয় ও দাঁত নড়ে। তখন উহা দ্বারা কোন শক্ত দ্রব্য চিবান যায় না। যাহাদের দাঁত ধারাপ তাহারা ক্যালসিয়াম ট্যানলেট রোক্ত আহারাস্তে একটি বা চুইটি করিয়া জলের সহিত খাইতে পারেন। ক্যালসিয়াম দাঁতকে কার্যাক্ষম ও শক্ত রাখে। চূলে প্রচুর ক্যালসিয়াম আছে। চূল এবং পানের রসও হজমকারী। স্থতরাং স্থারী অল্প দিয়া এক একটি পান চুপ্রে ও রাজে আহারাস্তে খাওয়া ভাল।

মানবদেহে বায়্ পিন্ত এবং কফের প্রাধান্ত। এই তিনটি
সাম্যভাবে থাকিলে শ্রীর নীরোগ থাকে। এফলার (ছরিতকী,
আমলকী ও বহেড়া তিনটি সমান ওজনের) চূর্ণ সিকি বা
আধ তোলা রোজ আহারান্তে রাত্রে বা দিনে জলের সহিত খাইলে
বায়ু, পিত্ত ওকফ সাম্যাবস্থায় থাকে।

পেটের অন্থব, মাথাধরা, জ্বর সর্দি বা অন্থ কোন প্রকার অনুথ হইলে যে নাকে তথন নিখোস বহিতে থাকে তাহার বিপরীত নাকে নিখোস বহাইবে। তাহাতে রোগ অপেক্ষাকৃত অল্প সময়ের মধ্যে সারিয়া যায়। ইহার কারণ, রোগের সম্ভাবনা বা আক্রমণ হইলেই স্বাভাবিক খাসগতি পরিবর্তিত হয়!

গঙ্গামাটি সর্বাঙ্গে মাখিয়া ও গাত্তে শুকাইয়া ধৃইয়া ফেলিলে চর্মরোগ এমন কি, কুর্চরোগও আরোগ্য হয়। গঙ্গাজলে radio-active property (ভেজজিয় ওণ) আছে। নিভ্য গঙ্গাসান এবং ভদভাবে প্রোভের জলে বা পুকরিণীর জলে অবগাহন

সান হিভকারী। নস্তগ্রহণ ও ধুমপান স্বাস্থ্যের জন্ম জনাবশ্রক; পরস্ক ফুস্ফুসের ও হংপিওের অনিষ্টকর। স্নানের পূর্বে তলপেটে রোজ সরিবা বা ভিল ভৈল মালিশ করিলে, কোষ্ঠবন্ধতা অজীর্ণভা, বায়ুর্দ্ধি ও প্রমেহাদি রোগ বিনই হয়। স্নানের আগে পায়ের তলায় ও পায়ের নথে ভেল দিলে সর্দি হয় না ও চক্ষুর দৃষ্টি সভেজ থাকে। স্নানের পূর্বে পায় ও মাথায় ভেল মাথিলে স্থানিস্রা হয়। সপ্তাহে একদিন অস্কুতঃ স্বাক্তে ভেল মালিশ করিয়া স্নান করা উচিত। বর্ষাকালে গায়ে সরিবার ভৈল মালিশ করিলে শরীর বেশ গরম থাকে। সপ্তাহে একদিন স্বাক্তে ভিল তৈল মালিশ করিলে শরীর বেশ গরম থাকে। সপ্তাহে একদিন স্বাক্তে ভিল তৈল মালিশ করিলে শরীর বেশ গরম থাকে। সপ্তাহে একদিন স্বাক্তে ভিল তৈল মানিন দক্ষিণ ভারতের একটি জনপ্রিয় স্বাস্থ্য প্রথা। মলমুত্র ভ্যাগের সময় অপ্ত:কাষ্টি বাম হাত্রের দ্বারা লিক্তমূলে চাপিয়া ধরিলে হাইড্রোসিল, হিমাটোসিল বা হার্নিয়া হয় না: এইওলি থাকিলেও ধীরে ধীরে সারিয়া যায়। স্বাদা কৌশীন ব্যবহারও এই সকল রোগ ধীরে ধীরে কমে।

যাহাদের অজ্বীর্গ ব অম হয় তাহারা নিম্নোক্ত যৌগিক প্রক্রিয়াটী অভ্যাস করিলে অচিরে উপকার পাইবেন। অধিক আহারান্তে এই প্রক্রিয়া করিলে শীল্প হজম হয়। মুক্ত বাতাসে বসিয়া বা দাঁজাইয়া ঠোঁট হুটি কাকচঞুবং হুই আঙ্গুল লখা করিয়া জিভ্টী বাহিরে প্রসারিভ করিবে। এইরূপ করিলে জিভ্টী সোজাত্মজি ভাবে ভাঁজ হইয়া একটী নালীর মত হইবে। তখন নাক বন্ধ করিয়া মুখ দিয়া তালে ভালে ধীরে ধীরে বায়ু টানিয়া ঢোক গিলিয়া উহা পাকস্থলীতে লইবে এবং পাঁচ দশ সেকেও পরে নাক দিয়া উক্ত বায়ু ভ্যাগ করিবে। এইরূপ দশ বা পনের বা বিশ্বার কর। কধনো শম্ম বা শ্বাণী হুইলে

ৰা পেট ফাঁপিলে উক্ত প্রক্রিয়া অভ্যাসের দারা অল্প ক্ষণের মধ্যে অল্লাদির উপশম হয়। এই প্রক্রিয়ার নাম শীতলী কৃষ্ণক, ইহা সক:লেও বৈকালে হুই বার করা যায়। এই পুস্তকের দিতীয় ভাগে শীতলী কৃষ্ণকের বিস্তৃত বিষরণ প্রদত্ত।

লুই কুত্নে প্রবর্তিত লিক্সমানের কথা পূর্বে উলিখিত হইয়াছে। ইহা অনিক্রাদির মহৌষ্ধ। যধন গভীর রাত্তিতে কিছুভেই ঘুম वारम ना जबन छेश ১৫।२० मिनिए कतिरमञ्ज निका व्यामित्व। স্বপ্নদোষ ও রক্ত চাপর্দ্ধি প্রভৃতি অসংখ্য রোগেও ইহা বিশেষ ফলপ্রদ। সিট্জুবাথ বা লিক্সনান এই ভাবে করিতে হয়। স্নানাগারে একটি ছোট কাপড় বা গামছা পরিয়া ২৷৪ ইঞ্চি উচু একটি পীঁড়ির উপর বসিবে এবং পা **ছটা আ**র একটী ছোট পী<sup>\*</sup>ভ়ির উপর রাখিবে। এক বাল্তি খুব ঠাণ্ডা জল ডান দিকে থাকিবে ৷ একথানি কুমাল বা ভদ্ৰেপ একখানি ক্যাক্ড়া ৪া৫ ভাঁকে পুরু ( ছই ইঞ্চি লয়া ও ছুই ইঞি চওড়া) করিয়া লও। বাল্ডি হুইতে এক মগ জল আনিয়া হই জামুর মধ্যে রাধ ও ভাঁজ-করা কাপজ় ডান হাতের আকুল চারিটীর উপর অকুষ্ঠ দারা ধ্রিয়া উহার সাহাব্যে মগ হইতে অৱ অৱ জঙ্গ আনিয়া লিঙ্গের উপর তৈলধারাবৎ ঢাল। মাঝে মাঝে লিক্স্লের চারি পাশ, তলপেটের নিয় ভাগ এবং সীবনী ও অও-कायानि करन धुरेश नाथ; किंद भानवंश एक त्रांचिए रहेर्द । এक ৰাল্ডি জল প্ৰায় আধ ঘণ্টায় শেব হইবে। বাল্ডি ছোট হইলে মগের পরিবর্তে ইহাকে জামুদ্রের মধ্যে রাখা বার । প্রাতে বা সন্ধ্যার নিতা এই স্নান লইতে হয়। এক মাস এই স্নান লইলে স্নায়বিক ছর্বলভা, রক্তের চাগর্দ্ধি প্রভৃতি রোগ আশ্চর্য ভাবে কমিয়া যার।

লুই কুত্নে হিপ্বাৰ (hip bath) বা কটি স্নান-এর খুব পক্ষপাতী। ভলপেটে মলমুব্রাদি সঞ্চিত হয়। স্বতরাং মলমূত্র এবং মলমূত্রজাত দুষিত বায়ু নিংশেষে নিৰ্গত না হইলে ইহা শ্রীরে ব্যাপ্ত হইয়া রক্ত দৃষিত হয় ও রোগসম্ভাবনা সৃষ্টি করে। অতএব তলপেটই সর্ব রোগের জন্মস্থান। সেইজক্য লুই কুত্রে হিপ্বাথের ব্যবস্থা করিয়াছেন। হিপ্বাথ্ এইরূপে লইতে হয়। একটি বাথটবের (কাঠের বা টিনের) 🖁 অংশ ঠা**ঙা জলে পূ**র্ণ করিয়া তাহার উপর বস্থন। নাভির কিঞ্চিৎ উপর হইতে জামুদেশ পর্যান্ত শরীরের মধ্য ভাগ উপস্থিত জলের মধ্যে ডুবিয়া থাকিবে। একটী গামছা বা ভোয়ালে কোমরে জ্বভাইয়া রাখিতে পারেন। পদ্বয় টবের বাহিরে একটী টুলের উপর রাখুন এবং একটা ভোয়ালে দিয়া ভলপেটটি আড়াআড়ি ভাবে ( ডান হইতে বাম এবং বাম হইতে ডান দিকে ) আত্তে আত্তে ঘসিবেন। ২০ ৩০ ৪৫ মিনিট পর্যন্ত এই বাধ নিতা লওয়া যায়। সকালে ও সন্ধ্যায় দিনে ছই বার এই বার্থ লওয়া যাইতে পারে। শীভকালে বৈকালে বা সকালে ৯৷১০ টার সময় এবং গ্রীয়কালে প্রাতে বা সন্ধ্যায় এই বাথ লইলে অনিস্ত্রা, কোষ্ঠবদ্ধতা ও রক্তচাপ বৃদ্ধি প্রভৃতি রোগ সারিয়া যায়। আহারের ভিন চারি ঘন্টা পরে বা আধ ঘন্টা পূর্বে ছিপ্রাথ গ্রহণ বিধেয়। এই বাবের পর অবগাহন স্নান করিলে ভাল হয়। পুকুরের জলে বা কুপের জলে হিপ্বাধ্ লওয়া উচিত।

জার্মেনির প্রকৃতি চিকিৎসক এডল্ক জাই (Adulf Just) তাঁহার Return to Nature (প্রাকৃতিক প্রভ্যাবর্তন) নামক প্রত্থে শুজ মাটির মেজেতে একখানি কাপড় পাতিয়া শরনকে খুব স্থাস্থ্যকর স্বভ্যাস বলিয়াছেন। ধরিত্রী জননীর কোলে এই ভাবে

শ্বীরের নানা রোগ শ্বতঃই সারিয়া বায়। প্রামে মাটির বরে শুক্ব মাটির মেজেভে, বিশেষতঃ গরম কালে, এইরূপে শ্রনকরা বায়। গরম কালে মাটির মেজে খুব শীতল থাকে। এইজেগ্র পাঞ্জাব প্রভৃতি গ্রীম্মপ্রধান প্রদেশে পাকাঘরের মাটির মেজে এবং মাটীর ছাদ নির্মিত হয়। শুক্ব মাটির মেজেভে আসন পাতিয়া বসিলে বা মাছর বিছাইয়া শুইলেও অনেক উপকার হয়। প্রাকৃতিক স্পর্শে আমরা বত বেশী থাকিব ততই আমাদের শ্রীর ও মন শুস্থ থাকিবে ও সবল হইবে।

সর্বদা মন প্রফুল ও প্রশাস্ত রাখিবে। মানসিক অবসাদ ও ছিলিভা সায়্মওলীকে ছুর্বল ও ক্লগ্ন করে। সভ্যবাদী, মিষ্টভাষী, হাস্তমুধ ও সদাচারশীল হইবে। এইওলি পূর্ণ স্বাস্থ্যের লক্ষণ।

বীর্যাধারণই স্বাস্থ্যের শ্রেষ্ঠ ভিত্তি। এই মহাসত্য বতই পালন করা বায় ততই স্বাস্থ্য ভাল হয়। বার্যাধারণ ব্যতীত স্বাস্থ্যরকা এবং শক্তিলাভ অসম্ভব। ঋষি পভঞ্জলি তাঁহার যোগশাস্ত্রে বলিয়াছেন, 'ব্রহ্মচর্য্য প্রতিষ্ঠায়াং বীর্যালাভঃ।' ইহার অর্থ, শুক্রে দেহে প্রতিষ্ঠিত হইলে প্রকৃত স্বাস্থ্য ও শক্তি লাভ হয়। অগ্য শাস্ত্রে আছে—

মরণং বিন্দুপাভেন জীবনং বিন্দুধারণাৎ। তত্মাৎ সর্বপ্রয়মেন ক্রিয়ভাং বিন্দুধারণম্।

অনুবাদ—ৰীৰ্য্যক্ষম মৃত্যুত্ব এবং ৰীৰ্য্যধারণই আয়ুপ্সদ।
স্বৃত্তরাং সর্ব প্রবন্ধে বীৰ্য্যধারণ করিবে। শাস্ত্রকার বলেন—

ন তপন্তপ ইত্যাহঃ ব্রহ্মচর্ব্য তপোন্তমম্। উর্বরেতা ভবেৎ বস্তু স দেব ন ভূ মারুবঃ। আৰুবাদ—অশু কোন তপস্থাই তপস্থা নহে। ব্ৰহ্মচৰ্য্য পালন বা বীৰ্ষধারণই উত্তম তপস্থা। যিনি উৰ্দ্ধরেতা হন, তিনি মানুষ নহেন, তিনি সাক্ষাৎ দেবতা-তুল্য।

বালকবালিকাগণ, স্থুলকলেজের ছাত্রছাত্রীগণ, স্বাস্থ্যাম্বেরীগণ, ধর্মসাধকগণ এবং বিবাহিত তরুণতরুণীগণ বীর্য্যারণকে জীবনের মূল ভিত্তি করিবেন। তাহা হইলে তাহাদের স্বাস্থ্য, স্থুধ ও আরু করতলগত হইবে। ওঁ শান্তি।

## চুরাশী আসনের তালিকা

আসনগুলির নাম ও মুখ্য ফল এখানে দেওয়া হইল। ভারকাচিহ্নিত আসনসমূহ এই পুস্তকে সবিস্তারে বর্ণিত।

- \*(১) সিদ্ধাসন—মানবদেহে বাহাত্তর হাজার নাড়ী আছে। সিদ্ধাসন ঘারা এই সকল নাড়ী রক্তস্নাভ ও সঞ্জীবিভ হয় এবং স্ক্রভাব ধারণে ও আন্তি দ্রীকরণে মনের শক্তি বৃদ্ধি করে।
  - (২) প্রসিদ্ধ সিদ্ধাসন—শারীরিক রোগ নিরাময় করে ও নত্রতা বাড়ে।
- ⇒(৩) পলাসন—সকল কামনা সিদ্ধ ও মন আধ্যাত্মিক ভাবে পরিপূর্ণ হয়।
- \*(8) वह श्यामन-भाष्टिशात्रक।

- (৫) উত্থিত পদ্মাসন—দিব্য দৃষ্টি লাভ হয়, অনাহত চক্র জাগ্রত এবং শ্বাসগতির বিশুখালা দৃরীভূত হয়।
- (৬) উদ্ধি পলাসন—মেরুদণ্ড সবল এবং রক্ত-সঞ্চালন ক্রিয়া সভেজ রাখে।
- (৭) স্থপ্ত পদ্মাসন—পরিপাক প্রণালীর সর্বরোগ আরোগ্য করে।
- (b) ভদ্রাসন—মনকে সন্ধাগ এবং সর্বকর্মে উৎস্থক রাখে।
- \*(a) স্বস্থিকাসন--নামানুষায়ী কল্যাণকর ও সর্বপাপ নাশক।
- (১০) যোগাস্ন—চিত্ত স্থির, অষ্ট সিদ্ধি দান এবং নিজ্ঞার সর্ববিদ্ধ নাশ করে।
- (১১) প্রাণাসন—চিত্ত, রক্ত, স্নায়ুমণ্ডলী প্রভৃতি বি**শুদ্ধ ক**রে।
- \*(১২) গোরকাসন—সর্বসিদ্ধিদায়ক ও বীর্যাধারক।
  - (১৩) প্ৰনম্কাসন—দেহের আভ্যন্তরীণ ক্রিয়াসমূহকে বেগৰান্ করে।
  - (১৪) সুর্য্যাসন—শরীরের তে**জ্জ**র পদার্থ বৃদ্ধি করে।
  - (১৫) স্থ্যভেদনাসন—চক্ষুরোগ আরোগ্য করে।
  - (১৬) ভদ্রিকাসন—দেহের উন্তাপ নিয়মিত করে, সর্বপ্রকার জ্বর নাশ করে, পরিপাক-ক্রিয়া অব্যাহত রাখে এবং রক্ত পরিকার করে।
  - (১৭) সাবিত্তী সমাধি আসন—দেহের ঔচ্ছল্য, মনের শক্তি ও শ্বৃতি বর্ধক।
  - (১৮) **অচিন্তনীয় আসন—মনের জ্ঞান-শক্তি বর্ধক** ৷
  - (১৯) जन्मस्त्राङ्ग स्थानन-- नर्वत्राश नामक।
  - (२०) উদ্ধারক আসন —পরিপাক প্রণালীর নিয়াংশ স্থক্ত রাখে।

- (২১) মৃত্যুভঞ্জক আসন—দেহের বায়বীয় পদার্থ ব**শীভূভ** করে
- (২২) আত্মারাম আসন ছশ্চিন্তা দূর করে। ইহা নিত্য, আদি আসনরূপে প্রসিদ্ধ এবং আধ্যাত্মিক অনুভূতিদায়ক।
- (২০) ভৈরবাসন—কুণ্ডলিনী শক্তি জাপ্রত, বট্চক্রের দার উন্মুক্ত এবং জ্বদয় ও প্রীহার সকল পীড়া আরোগ্য হয়।
- (২৪) গরুড়াসন-- মারুষকে ক্ষিপ্রকারী করে।
- (২৫) সিংহমুদ্রা—বৃদ্ধি-বর্ণক। এই আসন বর্তমান পৃস্তকের বিভীয় ভাগে বর্ণিত।
  - (২৬) গোমুখাসন —মুখমওলের সর্বরোগ নাশক।
  - (২৭) বাভায়ন আসন--জ্ৰুত সিদ্ধিদায়ক।
  - (২৮) সিদ্ধ মুক্তাবলী আসন—মানুষকে সুধী বোধ করায়!
  - (২৯) নেভি আসন—লোকে <del>ও</del>ন্ধ হয়।
  - (৩০) পূর্বাসন—অভীত ঘটনা **স্ম**রণ হয়।
- \*(৩১) পশ্চিমোন্তান আসন—দেহস্থ রোগৰী জালু নাশক এবং
   হজম শক্তি বর্জক।
- •(৩২) মহামূদ্রা উদরে প্রবিষ্ট সর্ব প্রকার খান্ত বা অখান্ত বস্তু

  জীর্ন হয়, য়ৢভ্যুকালে রোগযন্ত্রণা খাকে না এবং যন্ত্রারোগ,
  কুর্ন্তরোগ, প্রীহারদ্বি ও পুরাতন উদরাময় সারে। এই
  পুস্তকের দ্বিতীয় ভাগে ইহা বর্ণিত।
- (৩৩) ব**জ্ঞা**সন— আয়ুব**র্ধক ও** সামা**ন্ত অন্থুধ নাশক**।
- (৩৪) চক্রাসন—কুওলিনীকে স্লিধ রাখে।
  - (৩৫) গৰ্ভাসন<del>্—কষ্ট-সহিফু</del>ভা ৰা**ড়ে**।

- \*(৩৬) শীর্বাসন —ইহা দশ প্রকার। ইহা দারা স্বাস্থ্য, সৌন্দর্য্য, শক্তি, ফ্রভতা, কর্মঠভা, সামর্থ্য ও মেধা বাড়ে।
- ●(৩৭) স্বাঙ্গাসন—স্বাভন্তা ও সংযম ব**র্ধক**।
  - (৩৮) হস্তপদাসন—ঘাড়, কোমর, নাক ও উদর স্মৃস্থ রাখে।
  - (৩৯) পদাস্থাসন—চক্র দৃষ্টি বর্ধক।
  - (৪০) উত্তান পদাসন—প্রাণবায়ু বি**শুদ্ধ** করে।
  - (৪১) জানুলগ্ন আসন-প্রাণবায় বর্ধক।
  - (৪২) একপদ শীর্ষাসন—দেহের পূর্ণাকৃতি হয়।
  - (৪৩) দ্বিপদ শীর্বাসন প্রীতিকর।
  - (৪৪) একহন্ত আসন শৃক্তবেদনা নাশক।
- #(8¢) পদহন্ত আসন —নানা শক্তি বর্ধক।
  - (৪৬) কর্ণ পীঠমূলাসন—হক্ষম শক্তি বর্ণক।
  - (৪৭) কোণাসন—পরিপাক-যন্ত্র **শু**দ্ধিকর।
  - (৪৮) ত্রিকোণাসন—কটিবাত নাশক।
  - (৪৯) চতু**হো**ণাসন মানসিক শক্তি ব**র্থ**ক।
  - (eo) কাণ্ডপীঠাসন--মজ্জাগ্রন্থি উন্মুক্ত করে।
  - (es) ভূলিত আসন—সাম্য ও স্থৈগ্য দায়ক।
  - (e২) বৃক্ষাসন—স্নায়ুম**ওলার পৃষ্টিসাধক**।
- (৫৩) ধয়ুরাসন শৌর্যা, সাহস ও সহিয়্তা : বর্ধ ক, আলস্ত নাশক এবং ত্রাটকের সহায়ক।
  - (৫৪) विद्योगामन-विविष्ठ भीश आद्योगा कदा।
  - (ee) বিলোম আসন—পুরাতন রোগ নাশক।
  - (৫৬) যোনি আসন—দেহের নিম্ন ছার**গুলিকে** সবল করে।

- (৫৭) ওপ্রাক্সাসন-- ওপ্ররোগ নাশক।
- (৫৮) উৎকটাসন-পদতলদ্বয়ের শক্তি বর্ধ ক।
- (৫) শোকাসন মৃগী ও মুর্চ্ছাদি রোগনাশক।
- (৬e) সন্ধটাসন—কোমরের বাত নাশক।
- (৬১) অস্কাসন—রাত্ত্যস্কৃতা এবং অক্সান্ত প্রকার দৃষ্টিক্ষীণতা আরোগ্য করে।
- (৬২) কণ্ডাসন—মানুষকে নিভীক করে।
- \*(७०) भारामन- व्यस्ति विकास किया क्रिया क्रिया क्रिया व्यस्ति ।
  - (৬৪) বুষাসন—বীর্যাক্ষয় প্রভিরোধক।
  - (৬৫) গোপুজাসন-পাপ নাশক।
  - (৬৬) উদ্রাসন—মারুষকে শীতোঞ্চ সহনে সমর্থ করে।
  - (৬৭) মর্কটাসন—নাভিদেশের স্নায়্মগুলী ও রক্তকোবগুলি স্থপষ্ট করে।
- #(৬৮) মৎস্থাসন -- দার্চ্য দায়ক।
- \*(७৯) मरस्यक्षामन-वीर्य वर्षक।
  - (**१०) মকরাসন শক্তি বর্ধক**।
  - (१১) কুর্মাসন—মনকে অবিচ**লি**ভ রাখে।
  - (৭২) মণ্ডুকাসন—দেহকে অদৃ**শ্র** করে।
  - (৭৩) উত্তান মণ্ডুকাসন সংসার তারণের **শক্তিদায়ক**।
  - (98) হংসাসন—**শক্তিদা**য়ক।
  - (৭৫) বকাসন—জ্**লা**ঘাত সহনে সমর্থ করে।
- \*(৭৬) ময়ুরাসন— প্রশ্রেবণ লাভ হয় এবং অন্তব্যু, প্লীহা ও বকুতের রোগ নাশ করে।

- (৭৭) কুরুটাসন—কামোদ্ভৃত বেগ প্রশান্ত করে।
  - (৭৮) ক্ষোড্যাসন— নাক ও মাভির রক্তপাত আরোগ্য করে।
- \*(৭৯) শলভাসন—দেহশক্তি ব**র্থ**ক।
  - (৮০) বৃশ্চিকাসন --মামুষকে ভীতিপ্রদ ও ভয়ঙ্কর করে।
- \*(৮১) ভূজকাসন-- **१ र्वन इफ्रम**णेकि স্বল করে।
- \*(৮২) হলাসন—মানুষকে শক্তিশালী করে।
  - (-७) वौदाप्रन-- प्राष्ट्रप मायक।
  - (৮৪) শান্তি প্রিয়াসন—সর্বস্থুখ দায়ক।

এই সকল আসনের বর্ণনা কোন একটা যোগপ্রাস্থে পাওয়া বায় না। হঠযোগ প্রদীপিকাভে ১৪টা, বোগপ্রাদীপে ২১টা, বেরগু সংহিতায় ৩-টা, বিশ্বকোবে ৩-টা এবং অমুভব প্রকাশে ৫০টা আসনের বর্ণনা আছে। যোগশাস্ত্রমভে যোগেশ্বর মহাদেব কর্তৃক চুরাশি লক্ষ প্রাণী অমুসারে চুরাশি লক্ষ আসন উন্তাবিত; কিন্তু উহাদের ভালিকা অন্তাবধি অপ্রাপ্ত। চুরাশি লক্ষ আসনের মধ্যে উপরোক্ত চুরাশী আসনই প্রধান। চুরাশী আসনের বর্ণনা কোপাও একত্তে দেখি নাই; সম্ভবতঃ বিভিন্ন শাস্ত্রে ছড়াইয়া আছে। ভবে চুরাশী আসনের তালিকা সর্বশাস্ত্র-সম্মত। প্রসিদ্ধ চুরাশী আসনের মধ্যে আবার ভেত্তিশটা সাধারণতঃ লোকে অভ্যাস করে। অবস্থ পদ্মাসন প্রভৃতি চারটা আসন বছল প্রচারিত।

পতঞ্চলর যোগসূত্তে আছে, 'স্থিরং সুধমাসনম্'। ইহার অর্থ, বে অবস্থায় স্থিরভাবে স্থাধ দীর্ঘ সময় বসিয়া থাকা বায় তাহাই আসন। উক্ত যোগশাস্ত্রে আছে, 'ততো দুখানভিন্নাতঃ। ইহার তাৎপর্য্য, আসন অভ্যাস করিলে স্থধত্ঃধ, শীতোঞাদি দ্বন্ধের আঘাতে মাসুব অস্থির হয় না। ত্রিশিধী প্রাহ্মণ উপনিষদে আছে, 'আসনং বিজিভং যেনজিভং তেন জগৎত্রয়ম্ ইহার অর্থ, যিনি আসনসিদ্ধ হইয়াছেনজাহার দ্বারা ত্রিভ্বন বিজিত। পদ্মাসন ও সিদ্ধাসনাদি ধ্যানাসনে তিন দ্বনী স্থিরভাবে বিনাকটে বসিতে পারিলে আসনসিদ্ধি হয়। দেহের স্বাস্থ্য ও মনের স্থৈয় লাভের জন্ম আসনসিদ্ধি হয়। দেহের স্বাস্থ্য ও মনের স্থৈয় লাভের জন্ম আসনভ্যাস সকল নরনারীর অবস্থ কর্তব্য। এই সকল আসন ব্যতীত অন্যান্ম আসন আশাস্ত্রীয় ও অবৈজ্ঞানিক। আধ্নিক ব্যায়ামবিংগণ কর্ত্ক বে সকল নৃত্তন আসন আবিদ্ধৃত ও প্রচারিত হইতেছে, সেওলিকে আসন নামে অভিহিত করা অনুচিত। ব্যায়াম ও আসন অভিন্ধ নহে এ বিষয়ে সকলে সর্ভক হইবেন।

অন্ততঃ ১৫।২০টী আসন অভ্যাস করিলেই সকল আসনের ফল পাওয়া বায়। পাঁচ ছয় মাস নিয়মিত আসনাভ্যাসপূর্বক প্রাণায়াম অভ্যাস করা উচিত। কিছুকাল আসন অভ্যাস না করিয়া কেহ প্রাণায়াম করিবেন না। একবার পশ্চিমোতান, আর একবারঃ হলাসন—এইরপে উক্ত আসনঘয় পর্যায়ক্রমে করিলে অধিক উপকার পাওয়া বায়। হরি ওঁ তৎ সং।

#### সমাপ্ত

# পরিশিষ্ট -

#### মার্কিন ডাক্তার কেলগের অভিমত

পল্লাসনাদি ধ্যানাসনে মেরুদও সমুদ্ধত থাকায় ভলপেটের উপর চাপ পড়ে না। সেইজ্ল এই সব আসনাভ্যাসে কুধামান্দ্য ও কোৰ্চকাঠিক প্ৰভৃতি রোগ নিবারিত হয়। বাঁহারা মেরুদ্ বাঁকাইয়া ও সম্মুখে বুঁকিয়া বেশী ক্ষণ থাকেন ভলপেটে চাপ পড়ায় তত্ত্বস্থ পেশীগুলি শিথিল ও বক্ত থাকিলে অভ্যস্ত হয় ও ক্রমশঃ ছুৰ্বল হইয়া তড়ে। অজীৰ্ণ, আমাশয়, অন্ত্ৰক্ত, শূল-বেদনাদি রোগের, ইহাই প্রধান কারণ। আমেরিকার বিখ্যাভ ডাক্তার কেলগ্ ( Kellogg ) জাহার Colon Hygiene ( কোলন স্বাস্থ্য ) নামক এছে বলেন "দাঁজাইবার বা বসিবার সময় দেহ অবনত ও শিথিল করিলে ক্রমশঃ ভলপেটের পেশীসমূহ শক্তিহীন ও বকুভাদি বস্ত্র বিকৃত হয়। তজ্জক ভিসেরাতে অভিরিক্ত রক্ত জমে ও তল-পেটস্থ পেশীসমূহে উহার ভার পড়ে না। ইহার ফলে ভিসেরা ভারী হইয়া ফুলিয়া উঠে, কোলন ঝুলিয়া পড়ে, অস্তঃরস অকর্মণ্য হয়, উদর ও কুন্দ্রান্ত্র প্রসারিত হয় এবং কোলনাদি হইতে রোগ-বিষ উর্দ্ধগামী হয়। সমুন্নত অবস্থানে কোমরস্থ পেশীগুলির উত্তম ৰাায়াম হয় এবং সবল খাসগতি, ভিসেৱাতে স্বাভাবিক বুক্তপ্ৰবাহ ও কোষ্ঠ পরিষার হয়। বাঁহারা কোষ্ঠ কাঠিছ রোগে ভূগিভেছেন ভাঁহাদের প্রথম কর্ডব্য সর্বদা কোমর ও পীঠ সোজা রাখিতে অভাস করা ৷ বভদিন পর্যান্ত ইহার অভ্যাস সভাবগভ না হয়

ভতদিন কোষ্ঠবদ্ধতাদি ব্যাধির সাময়িক উপশম হয় ভেষজচিকিৎসায়। আর উক্ত অভ্যাস স্বাভাবিক হইলেও ঔষধ সেবন
ব্যতীত উল্লিখিত রোগসমূহ সারিয়া যায়। শিথিল ভাবে উপবেশন
কালে যথন বৃক নামিয়া যায় তখন বকাস্থি ও পেল্ভিসের মধ্যে
দূরত্ব কমে এবং তদ্ধেতু তলপেটের সম্মুখস্ত বৃহৎ পেশীগুলি শিথিল
ও ক্ষুন্তীকৃত হয়। এই অবস্থায় তলপেটের আভ্যন্তর চাপ স্কনের
উপযোগী সকোচনে পেশীগুলি অসমর্থ হয়। বৃক উন্নত থাকিলে
রেক্টাস্ পেশীদ্বয় সন্ধৃতিত হইয়া কোলনের উপর খুব চাপ দেয়।
যাহাদের বৃক চ্যাপ্টা তাহাদের কোষ্ঠবদ্ধতা বেশী হয়। তলপেটস্থ
পেশীসমূহের অপ্রচুর কর্মশক্তির নিমিন্ত এই রোগ জন্মে।" বসিতে
চলিতে, তাইতে, পড়িতে ও ধাইতে কোমর ও পিঠ খাড়া রাখিলে
বহুরোগ নিবারিত হয়।

### নালীহীন গ্রন্থিবর্গ ( Ductless Glands )

নালীহীন প্রস্থি এণ্ডোক্রিন্ গ্লাণ্ড নামেই সমধিক প্রচলিত।
উক্ত প্রস্থির কথা পূর্বে বহুবার বলা হইয়াছে। ইহার বিষয় ভাল
ভাবেই আমাদের জানা উচিত। প্রীক এণ্ডন্ শব্দের অর্থ অন্তর
এবং ক্রীনো শব্দের অর্থ 'আমি পূথক হইয়া পড়ি।' এই সকল
প্রস্থির আভ্যন্তর রস নিঃস্ত ও রক্তে মিশ্রিভ হয়। এই রস রক্তে
মিশিলে ইন্দ্রিয়বর্গ সভেজ থাকে ও আন্তর যন্ত্রাদি কর্মঠ হয়। যকুৎ
ও প্যাংক্রিয়াস্ প্রভৃতি বন্তের মধ্যে যে রস নির্গত হয় তাহা একটী
ভাকী বা নালী দিয়া রক্তে মিশ্রিভ হয়। সাধারণ পিত্ত-নালী
বক্ত হইতে পিত রস লইয়া ক্রুলান্ত্রে ঢালিয়া দেয়। যকুতাদির

সহিত এতোজিন্ প্রন্থির পার্থক্য এইখানে ধরা যায়। থাইরয়েড্, প্যারাথাইরয়েড্, পিট্ইটারী, এডিক্সাল্, যৌন প্রন্থি, প্যাংক্রিয়াল্ থাইমান্, পিনিয়াল্, প্লীহা মুত্রাশয় ও যকুৎ—এই এগারটী প্রধান এতোজিন্ প্রন্থি। প্রথম ছয় প্রন্থির আভ্যন্তর রস-নিঃসরণের ওণাবলী বৈজ্ঞানিক উপায়ে জানা গিয়াছে; কিন্তু অবশিষ্ট পঞ্চপ্রন্থির রস-গুণই অবগত হওয়া যায়।

বাড়ের নিয়াংশে, সম্মুথে ও ছুই পাশে থাইরয়েড্ গ্রন্থি অবস্থিত। ইহার সাধারণ ওজন ত্রিশ গ্রাম। নারীদের থাইরয়েড্ কিঞ্চিৎ (वनी ভाরী। ভুক্ত खरा य উপাদানে পরিণত হয় তাহা ঘারাই ভম্ভ গঠিত হয়। সাধারণত: এই রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে পাইরয়েড রস সর্বদেহে বিপুল প্রভাব বিস্তার বরে। সমগ্র স্বতঃক্রিয় সায়ুমওলীর উপরও উক্ত রসের ক্রিয়া প্রচুর। প্যারাধাইরয়েড সংখ্যায় চারিটি। ইহার। ক্ষুদ্রাকৃতি ও ধাইরয়েডের পশ্চাতে অবস্থিত। সেঞ্জল সাধারণতঃ দৈর্ঘ্যে ছয় মিলিমিটার ও প্রস্তে তিন মিলিমিটার। প্যারাধাইরম্বেড্ রসের অভাবে টিটানি কনভাল্সন ( খিচু<sup>\*</sup>নি ), মূর্চ্ছাদি রোগ জন্ম। থাইমাস্ অংশতঃ ঘাড়ে ও অংশতঃ ধোরাক্সে ( বক্ষ:স্থলে ) অবস্থিত। ইহা যৌবন পর্য্যস্ত আকারে ক্রমশঃ বাড়িতে থাকে এবং তৎপরে ক্রমশঃ ছোট হইয়া যায়। জন্মকালে ইহার ওজন তের প্রাম থাকে: কিন্তু যৌবনে ৬৫ হইতে ৪০ প্রাম পর্যান্ত ইহা বড় হয়। পুরুবের থাইমাস নারীর থাইমাস্ অপেকা বড় হয়। থাইমাস্ বর্দ্ধিত হইলে খাস-বন্তের বিশুঝলা উপস্থিত হয় এবং হাঁপানি প্রভৃতি রোগ জন্ম।

পিনিয়াল প্রাস্থি কুন্তে মন্তিকের উর্দ্ধে বিভ্যমান এবং প্রায় ৯ মিলিমিটার দীর্ঘ। বয়স্ক অপেকা বালকে এবং পুরুষ অপেকা নারীতে ইহা বৃহত্তর। সম্ভবতঃ ইহা হইতে নিঃমৃত রস যৌন গ্রন্থির পুষ্টি সাধনে কার্যকরী। এড়িনাল্ গ্রন্থিদয় মুত্রাশয়ের উর্দ্ধে অবস্থিত। ডান এড্রিক্সাল্ ত্রিভুকাকার ও বামটি বাদাম ভূল্য। উভয়ের আকার ৩০ হইতে ৫০ মিলিমিটার উচ্চ ও ত্রিশ মিলিমিটার প্রস্থ এবং ৪ হইতে ৬ মিলিমিটার মোটা। এডিনালের রস অল মাত্রায় নির্গত হইলে গা বমি বমি করে, মাথা ঘোরে, উল্পমাভাৰ ঘটে এবং রক্ত চাপ কমিয়া যায়। টেষ্টীস বা কোবছয়ই পুরুবের প্রজনন গ্রন্থি। প্রভ্যেক কোষের ওজন ১০ই হইতে ১৪ গ্রাম। ইহার বসেই পুরুষত্ব বর্দ্ধিত হয়। নারীদের প্রজনন প্রত্মির নাম ওভারি। প্রত্যেক ওভারি তিন সেন্টিমিটার দার্ঘ ও দেড় সেন্টিমিটার প্রস্থ এবং প্রায় ১০ মিলিমিটার মোটা। ওভারি নিক্কিয় হইলে মেয়েদের মুখে চুল গজায়, স্বর মোটা এবং নারী-স্থলভ কমনীয়ভা অন্তর্হিত হয়। প্যাংক্রিয়াস দেখিতে এক ছড়া আঙ্গুরের মত এবং দীর্ঘাকৃতি প্রস্থি। ইহা ১২ হইতে ১৫ সেটিমিটার দীর্ঘ এবং ভলপেটের পশ্চাৎ প্রাচীরে অবস্থিত। প্যাংক্রিয়াসের রস-নিঃসরণ चन्न इहेरन वङ्गुद्धां ि द्रांश करम्।

পিট্ইটারী প্রস্থির পশ্চাদ্ভাগ অপস্ত হইলে অন্ত্র, মূত্রাশর, গর্ভাশর, উদর ও প্রীহাদি পরতম্ব পেশীসমূহ সঙ্চিত হয়। ওভারির আন্তর রস-নিঃসরণ বন্ধ হইলে নারীদের মাসিক ঋতু বন্ধ হয়। ইহার ফলে মেরেদের মাধাঘোরা, বিটবিটে মেজাজ, মূর্চ্ছিত অবস্থা, হাতে পারে শীতলতা অনুভব, দেহের নানাস্থান হইতে রক্ত নির্গমন প্রভৃতি নানা রোগ আক্রেমণ করে। পাইরয়েড নিচ্চিয় হইলে চুল সাদা হয় নথ ফাটিয়া যায়, দেহ-মেদ কমে, মন্তিকের ছুর্বলতা জন্মে এবং মুখের চামড়ায় ভাঁজ (wrinkles) পড়ে:

#### দৈহিক উচ্চতা বৃদ্ধি

এই তীব্র প্রতিযোগিতার যুগে যোগ্য ব্যক্তিই বাঁচিয়া থাকে ও সাফল্য লাভ করে। উক্ত যোগ্যতার মূল ভিত্তি দৈহিক স্বাস্থ্য। স্বাস্থ্যবান পুরুষ বা নারী সাফল্যলাভের প্রকৃত অধিকারী। বেঁটে মানুষ অপেক্ষা লম্বা মানুষই সাফল্যের সুযোগ অধিকতর পরিমাণে প্রাপ্ত হয়। সেইজন্য দৈহিক উচ্চতা বৃদ্ধির উপায় উদ্ভাবনে আধুনিক ব্যায়ামবিদ্গণ তৎপর আছেন। বহু অদীর্ঘ যুৰক আসিয়া আমার নিকট উচ্চতা বৃদ্ধির সরল উপায় জিজ্ঞাসা করিয়াছেন। এই বিষয়ে প্রচলিত ব্যায়াম পদ্ধতি অপেক্ষা যৌগিক ব্যায়াম বহু গুণে ফলপ্রদ।

উচ্চতা বৃদ্ধির উপায় সম্বন্ধে আলোচনা করিলে প্রথম জ্ঞাতব্য বিবয় হয় অস্থিতত্ব। অন্ত তস্তবং অস্থিও কোষময়। ইহার মধ্যে সায়ুস্ত্র ও রক্ত-কণিকা বিভামান। পেশীর প্রায় অস্থিও কিঞ্চিৎ নমনীয়। ইহারও ক্ষয়-বৃদ্ধি হয়। ইহা স্ত্রেময় ঘন পর্দা দ্বারা আর্ত। দেহের নিয়াংশে অবস্থিত অস্থিঙলি এবং মেরুদণ্ড প্রধানতঃ দৈহিক উচ্চতা বিধানে সমর্থ। মেরুদণ্ড মূলতঃ ব্রিশ্বধানি পৃথক্ অস্থিতে গঠিত। বয়স্ক ব্যক্তির মেরুদণ্ড অস্থি-সংখ্যা মাত্র ছাব্বিশ। বিশ্বো বৃদ্ধির সাথে সাথে বাকী হয় অস্থি অন্ত অস্থিঙলির সহিত মিলিত হয়। এক অস্থি অন্ত অস্থির উপরে অবস্থিত এবং উদ্ধি দীর্ঘতার দ্বারা দৈহিক উচ্চতা নির্ণীত হয়। মেয়ার সাহেবের মতে চাপ (Pressure) এবং টান (Tension) দ্বারাই দৈহিক দীর্ঘতা বর্ধিত হয়। জাগের সাহেব তৎপ্রণীত Problems of Nature (প্রকৃতির সমস্তা) নামক পুস্তকে বলেন, "মেকুদণ্ডস্থ প্রত্যেক অস্থি শিশুতে ও তরুণে নিম্ন দিকে বর্ধিত হয়। প্রতি ইঞ্চিতে দেহভার দুই পাউও বা এক সের ধরিলে মেকুদণ্ডস্থ অস্থিমাত্রই উর্দ্ধে ও নিয়ে একাধিক অস্থি ধারণে সমর্থ নহে। চাপ ও টান সহায়ে অস্থির দীর্ঘতা ক্রেমশঃ বাড়ে। পায়ের ও পিঠের অস্থিবর্ধক ব্যায়াম করিলে মাধার হাড়গুলিও বাড়িতে আরম্ভ করে।

সাধারণতঃ মাথায় কোন ভার পড়ে না। যে সকল শ্রামিক মাথায় বোঝা বয় তাহাদের অন্তি লিও বাড়িতে থাকে। শীর্বাসনে বখন মাথার উপর সমস্ত দেহভার পড়ে তখন মেরুদণ্ডের উর্জাংশে অবস্থিত হাড়গুলি উপ্টাভাবে চাপ পায়। এই চাপ ক্ষণিক হইলেও ইহার ঘারা অস্থিরজি সম্ভব হয়। অস্ত কোন ব্যায়ামে ইহা সম্ভব হয় না। বৃক্ষাসনেও এই উপকার প্রচুর পরিমাণে পাওয়া যায়। যেমন সমস্ত বৃক্ষভার উহার কাঙের উপর স্তম্ভ তেমনি বৃক্ষাসনে সমস্ত দেহভার এক পদের উপর নিক্ষিপ্ত হয় এবং অস্ত পদ ভাঁজ হইয়া উরুদেশে স্থাপিত হয়। ইহার ফলে নিয়াংশের উপর আধিক চাপ ও জার পড়ে। এই চাপের ঘারা তল্কজালের মধ্যে যে প্রতিক্রিয়ার স্থিতি হয় ভাহাতে অস্থির দীর্ঘতা বাড়ে। উর্জ ও নিয় দিকে চাপ দিলে অস্থিতন্ত প্রসারিত হয়। ইহাই অস্থি বৃদ্ধির প্রধান কারণ। উড্ডীয়ানে তলপেটের পেশীগুলির উপর খ্ব চাপ পড়ে। গভীর প্রশাসের ফলে। পশ্চাৎ অংশেও উর্জুমী টান ইহাতেও পড়ে।

ৰুক ও অস্থি পঞ্চর ইহাতে বেশ বাড়ে। যে সকল বাহা ও আন্তর পেশী মেরুদণ্ডকে ধরিয়া থাকে তাহাদের উপরও উর্জিম্থী টান পড়ে।

নৌলী ব্যায়াম দারা সম্পূর্ণ বিপরীত ফল উৎপন্ন হয়। ইহাতে পিঠের চওড়া পেশী ও ট্রাপিজিয়াস স্থুদূচ নিমুমুখী টান প্রয়োগপূর্বক ভায়াফ্রামকে নামাইয়া অল্পদ্রের উপর চাপ দেয়৷ ইহার ফলে ভলপেটের পেশীওলি পৃথক্ হইয়া ফুলিয়া উঠে। নৌলী ব্যারামে মেক্লদণ্ডের উপরও নিমুম্বী চাপ পড়ে। উড্ডীয়ান ও নৌলী পর্যায়ক্রমে অভ্যাস করিলে অস্থিসমূহের উপর টান ও চাপ দিয়া উচ্চতা বৃদ্ধি করে। যোগাসনই যথার্থ বৈজ্ঞানিক ব্যায়াম। ইহার অভ্যাস নিয়মিতভাবে করিলে বামন ব্যক্তিরও দৈহিক উচ্চতা নিশ্চয়ই কিঞ্চিৎ বাজিবে। পেশীসমূহ কন্ধালের অস্থিবর্গকে যথাস্থানে বুকা করে। নিরম্বর এই পেশীগুলি অস্থিতলিকে লম্বালম্বি টানিতেছে। এই টানে পেশী বৃদ্ধি হয়। যোগাসনে যে পৈশিক ক্রিয়া বর্ষিত হয় তাহা ঘারা স্বাঙ্গে রক্ত প্রবাহ বাড়ে। ইহা অস্থিবৃদ্ধির এক উত্তম উপায়। রক্ষংস্বল বয়সে উলিখিত ব্যায়ামসমূহ অভ্যাস করিলে দৈহিক উচ্চতা অবশ্রই বাড়ে: কারণ, উক্ত বয়সে অস্থিগঠন সর্বাপেকা অধিক বেগে চলে। পঞ্চাশ বৎসর বয়স পর্বাস্ত যোগাসন সহায়ে দৈহিক উচ্চতা বৃদ্ধি সম্বৰণর হয়। রিক্ত ব্যক্তিও উক্ত উপায় অবলম্বনে সফলকাম হইতে পারেন।

## স্নায়ু-বিজ্ঞান

মেরুদও বাজিশ পৃথক অন্থিতে গঠিত। ইহার প্রথম সাত অন্থি যাড়ে, অক্স হাদশ অন্থি পৃঠে এবং আরও পঞ্চ অন্থি কোমরে অবস্থিত।

ভল্লিমে আরও পঞ্চ অস্থি বর্তমান। এই সকল অস্থির মধ্য দিয়া সায়ু জাল প্রসারিত। সায়ুজাল ছই প্রকার। কেন্দ্রীর সায়ুসমূহ মস্তুকে ও মেরুদত্তে অবস্থিত এবং অক্সপ্তলি স্বতঃক্রিয়। মস্তিছে যে সায়ু-জাল বিজমান ভাহার সংখ্যা বিত্তাশ জোড়া মাত্র। উহারা মল্তিক হইতে উদ্ভূত হইয়া ঘাড় দিয়া দেহকাণ্ডে ছড়াইয়া পড়িয়াছে। মেরুদণ্ডকে মন্তিছের পুচ্ছ বলা বায়। কারণ, মেরুদণ্ড মন্তিছ হইতে বিযুক্ত হইলে মানুষ মরিয়া যায়। মেরুদতে একত্রিশ জোড়া স্নায়ু অৰস্থিত। যথন কোন স্নায়ু আড়া-আড়ি ভাবে কৰিত হয়, উহার এক অংশ তথনো মন্তিষ্ক বা মেক্লদণ্ডের সহিত সংযুক্ত পাকে। এই জন্ম কভিত সায়ুকেও স্থস্ত দেখা যায়। অস্থস্থ সায়ুকেও ব্যায়ামের ছারা স্বস্থ করা যায়। কোন অঙ্গে কোন স্নায়ু নিজিয় হইয়া পড়িলে উক্ত অঙ্গ অবশ ও অচল হয়; কিন্তু যোগাসন ও প্রাণায়াম অভ্যাস করিলে ক্রা শুক স্নায়ুও স্বস্থ হইয়া উঠে ও সক্রিয় হয়। পক্ষাঘাত প্রভৃতি রোগেও যোগাসন ও প্রাণায়াম ফলপ্রদ হয়। প্রাণায়াম দ্বারা যে বৈচ্যুতিক মহাশক্তি উৎপন্ন হয় তাহা সুল্ল স্নায়ুকেও স্বস্থ করিতে পারে। বৈহাতিক মর্দন প্রভৃতি চিকিৎসা অপেকা প্রাণায়াম উপকারী।

# এ্যাপেণ্ডিসাইটিসের যৌগিক চিকিৎসা

এাপেণ্ডিক্সের প্রদাহকে এাপেণ্ডিসাইটিস্ রোগ বলা হয়।
কিকাম হইতে যেদার্থ সক্র নল বাহির হইয়াছে ভাহাকে এ্যাপেণ্ডিক্স বলে। ইহার আকার একটি পোকার মত বলিয়া উহার লাটিন নাম ভার্মিক্স। ইহার দৈর্ঘ্য হই হইতে বিশ সেটিমিটার। সাধারণভঃ

উহা নয় সেন্টিমিটার দীর্ঘ হয়। কোন দেহে উহা কিকামের পশ্চাতে উর্থমুখী থাকে, আবার কোন দেহে উহা নিম্ন মূথে পেলভিস পর্যান্ত ঝুলিয়া পড়ে। অধিকাংশ দেহে উহা সোয়াশ্ পেশীর সহিত সংযুক্ত থাকে। এাপেণ্ডিক্সের ক্রিয়া সম্যক জানা যায় না। অনেকের মতে ইহা হইতে যে রস নিঃস্ত হয় তাহা মলভাঙে নির্গত হইয়া কোর্চ পরিকার করে। উহার প্রদাহ এত যন্ত্রণাদায়ক হয় যে, তখন মানুষ ছট ফট করে এবং ভাহাকে ঔষধ দিয়া সংজ্ঞাহীন করিয়া রাখিতে হয়। এলোপ্যাথিক মতে অন্ত্রোপচারই উহার প্রধান চিকিৎসা। ক্রমাগত কোষ্ঠবদ্ধতা ইইলে এ্যাপেণ্ডিক্সের মধ্যে ময়লা জ্মে। এই ময়লা আর বাহিরে আসিতে না পারায় শক্ত হইয়া বায় এবং প্রদাহ সৃষ্টি করে। ভাত, ডাল বা তরকারী প্রভতি খাল্পের সঙ্গে আমরা অজ্ঞাতসারে যে সকল প্রস্তুর কণিকাদি কঠিন পদার্থ গলাধ:-করণ করি ভৎসমূদয় ক্ষুদ্রাম্র দিয়া কিকামে উপস্থিত হয় এবং তথা হইতে এাপেণ্ডিক্সে যায়। ইহার ফলে অসহ প্রদাহ ও বেদনা জন্মে। অধিক ময়লা জমিয়া এগাপেভিজের মুখ বন্ধ হইলে উহা ফুলিয়া উঠে। কথনো কখনো উহার মধ্যে ক্রিমি প্রবেশ করে এবং উহাকে কামড়াইতে থাকে। বয়স্ক ব্যক্তির দেহে যে এ্যাপেডিক্স দেখা বায় ভাহা একটি কৃত্ৰ কীটের মভ এবং কোন কোন দেহে উহা বুড়া আঙ্গুলের মত বড় হয়। ইউরোপের হেগ্নপরস্থ হাসপাতালের বিখ্যাত সার্জন অফার্ড্রান্ড্রলেন, "শতকরা ৬২ জন লোকের দেহে এ্যাপেঙিক্স সোয়াশ পেশীর সহিত এরণ সংযুক্ত থাকে বে, এ্যাপেণ্ডিক্স, সোরাশ, পেশীর উপর অবস্থিত বলা চলে।" দৈনিক জীবনে বছ বার সোয়াশ পেশী-সমূহ সম্কৃতিত হইয়া এ্যাপেভিল্পের

উপর চাপ দের। দৌড়াইলে ও সাইকেলে চড়িলে উহার উপর সর্বাপেকা বেশী চাপ পড়ে। নিরস্তর চাপ পড়ার ফলে এ্যাপেওক্সি, উত্তেজিত হয় ও উহার ক্ষুদ্র মুখ বদ্ধ হইয়া যায় এবং বেদনা উৎপন্ন হয়। এই বেদনা অস্থাত্য কারণেও জাত হইতে পারে। অতি দীর্ঘ কাল এই প্রদাহ স্থায়ী হইলে স্বাস্থাহানি হয় এবং অবশেবে মৃত্যু ঘটে। উড্ডীয়ান ও নৌলী প্রভৃতি ব্যায়াম অভ্যাস করিলে ধীরে ধীরে এই অমুখ দ্রীভৃত হয়। ত্রিফলা চুর্গ অথবা ত্রিফলা জল প্রত্যাহ সেবন এবং রোজ ৫।৬ গ্রাস জল পান ও বেল, ওল প্রভৃতি কোর্চ পরিকারক ফলাহারের সহিত যৌগিক ব্যায়াম করিলে এই ছ্রারোগ্য ব্যাধির কিঞ্চিৎ উপশ্বম অবশ্যুই সম্ভব।

## রক্তচাপ রুদ্ধি ও হ্রাস

যে সকল ধমনীর মধ্য দিয়া রক্ত প্রবাহিত হয়, অতিরিক্ত পরিশ্রমের ফলে উহার উপর যে চাপ পড়ে তাহাতে রক্তচাপের বৃদ্ধি বা হ্রাস হয়। রক্তচাপ বৃদ্ধি বা হ্রাস রোগ অধুনা ব্যাপক ব্যাধি হইয়া দাঁড়াইয়াছে। বিদ্ধান্, বৈজ্ঞানিক, সাহিত্যিক, রাষ্ট্রনায়ক, আইন ব্যবসায়ী প্রভৃতি অনেকেই রক্তচাপ রোগে আক্রান্ত হন। রক্তচাপ বাভিলে মুখ চোখ কপাল লাল হইয়া উঠে, কপালের পার্যস্থি শিরা ফুলিয়া বায়, ডান নাকে নিঃখাস চলে ও মাথা খুরিতে থাকে। রক্তচাপ অতিশয় বাড়িলে মালুয় মুর্ছিত হইয়া পড়ে। বরিশাল বেজমোহন কলেজের এক অধ্যাপককে রক্তচাপর্দ্ধির কলে সংজ্ঞাশৃষ্ঠ হইয়া ভংকণাৎ মৃত্যুমুখে পতিত হইতে দেখিয়াছি। প্রাতঃকালে তাহার রক্তচাপ বাড়িয়া বাওয়ায় তাহার বাক্রোধ হয় এবং তিনি

বিছানায় শুইয়া পড়েন। তাহার কপালের ছই শিরা ফুলিয়া মুখ চোধ রক্তবর্ণ হয়। অবিলম্বে ডাক্তার আসিয়া ভাঁহার শাণিত ছুরি দিয়া কপালের ছই শিরা চিরিয়া দিলেন এবং বহু রক্ত নির্গত হইল। কিন্তু অধ্যাপকের সংজ্ঞা আর ফিরিয়া আসিল না। ডিনি মহানিদ্রায় অভিতৃত হইলেন।

বার্টন স্পিগ্মো-মানোমিটার নামক যন্ত্র সহায়ে রক্তচাপ পরীক্ষা করা হয়। স্পিগ্মো শব্দের অর্থ নাড়ী এবং মানোমিটার শব্দের অর্থ পরিমাপক যন্ত্র। বক্তচাপ বাজিলে নাজীর স্পন্দনও বৃদ্ধি পায়। সাধারণতঃ মিনিটে ৭০।৭২ বার নাজীর স্পন্দন হয়। রক্তচাপ ৰাড়িলে নাড়ী স্পন্দন প্ৰায়ই শতাধিক হয় এবং বক্তচাপ কমিলে নাড়ী স্পন্দন ৬০ এর নীচেও নামিয়া যায়। স্বভাৰত: কাহারও ৰা নাড়ী স্পন্দন অধিক, কাহারও বা অল্প। যাহাদের রক্তচাপ অধিক ভাহাদের অনিদ্রা ও কোষ্ঠকাঠিত হয়। তাহারা সামাত্র উত্তেজনার চিটিয়া যান। আবার রক্তচাপ কমিলে মানুষ নিস্তেজ হইয়া পড়ে ও কর্মবিমুধ হয়। বেলুড় মঠের কোন সন্ন্যাসীর রক্তচাপ হ্রাস পাইয়াছিল। তিনি আমার নির্দেশে কিছুকাল শীর্বাসন করিয়া উক্ত রোগ হইতে মৃক্তি পান। উল্লেক্ক ঔষধ বা পুষ্টিকর পথ্য ধাইলেও রক্তচাপ ধীরে ধীরে স্বাভাবিক হয় ; যাঁহারা রক্তচাপবৃদ্ধি রোগে ভূগিভেছেন ভাঁহারা শীর্বাসন করিবেন না। ভাঁহারা শীর্বাসন করিলে তাঁহাদের মাধায় ভারবোধ হইবে এবং ঐ ভারবোধ বহু ঘণ্টা পর্যন্ত থাকিতে পারে। প্রভাছ অবগাহন স্নান বা গরম জলে পা ডুৰাইয়া রাখা বা ভলপেটে ঠাঙা জলের ব্যাঙেজ প্রয়োগ প্রভৃতি উপারে রক্তচাপ সম্বর কমে। অলাহার বা উপবাস রক্তচাপরন্ধির

মছৌবধ। জার্মান চিকিৎসক লুই কুহুে যে হিপ বাথের ব্যবস্থা দিয়াছেন তাতা তিন মাস চালাইলে এই রোগ সারিয়া যায়। কাহারও কাহারও রক্তচাপবৃদ্ধির ফলে নাক দিয়া রক্ত পড়ে, দাঁভ পডিয়া যায় ও দৃষ্টিশক্তি কমে। যাহার যত বয়স তাহার সঙ্গে ৯০ যোগ করিলে যাতা তয় ভাতাই রক্তচাপ গণনার স্বাভাবিক সংখ্যা। ১৪ বৎসরের নিমুস্ত শিশুদের সাধারণ রক্তচাপ ৯০ থাকে, ২১ বৎসর পর্যন্ত রক্তচাপ ১০০ হইতে ১১৫ পর্যন্ত উঠে। ২১ হইতে ৬৫ বৎসর ৰয়স পৰ্যন্ত উহা সাধারণতঃ ১২০ হইতে ১৩৫ পৰ্যন্ত হয়। অভি বুদ্ধ বয়ুসে কাহারও রক্তচাপ .০০ পর্যন্ত উঠে। নারীদের রক্তচাপ পুরুষদের অপেকা ১০ হইতে ১৫ কম। শিশু ও শয্যাশায়ী ৰুদ্ধদেরও বক্তচাপ কমিয়া যায়। আবার ২৪ ঘণ্টার মধ্যে রক্তচাপ কখনও বাডে কখনও কমে। বর্ধিত রক্তচাপ স্থানিক্রায় কমিয়া যায়। কোষ্ঠ পরিষার রাখিলেও বক্তচাপ বাছিতে পারে না। দীর্ঘকাল রক্তচাপ রৃদ্ধি স্থায়ী হইলে অংপিও হুর্বল হইয়া পড়ে এবং উহার ক্রিয়া বন্ধ হইয়া যায়। এই রোগ ছরারোগ্য হইলেও নিয়মিত পথ্য সেৰন ও যোগাসন অভ্যাস করিলে ধীরে ধীরে চিরভরে সারিয়া যায়।

কোন অংশর উরুদেশস্থ প্রধান ধমনীতে রক্তচাপ নির্ণয়ের
অক্সতম প্রাথমিক পরীকা করা হয়। এক ক্যামূলার সাহাব্যে
এক কাঁচ নল ধমনীতে ঢ্কাইয়া সমকোণে ধরা হয়। যে নল
দিয়া শরীর হইতে রক্ত টানিয়া নেওয়া হয় তাহার নাম ক্যামূলা।
গাত্রস্থ চামড়া ছিল্ল করার জন্ম উহার মূখে একটি তীক্ষাপ্র শলাকা
লাগান থাকে। অশ্ব-দেহে কাঁচ নল প্রবিষ্ট হওয়া মাত্র ঐ নলে

আট ফুট উচ্চ রক্ত জমা হইল এবং শ্রং পিণ্ডের সংকোচনে ও প্রসারণে কাঁচনলস্থ রক্ত-শ্বস্ত যথাক্রমে উঠিতে ও নামিতে লাগিল৷ স্থাস লইলেও রক্তচাপ উঠিতে আরম্ভ করিল। এই পরীক্ষায় দেখা গেল যে, উল্লিখিত ধমনীতে বক্তচাপ আট ফুট উচ্চ বক্ত-স্তম্ভ ধারণে সমর্থ। যদি ধমনীস্থ বক্ত কাঁচ নলে প্রবিষ্ট হইবার পূর্বে অন্য বক্ত নলে ঢালিয়া আট ফুট উচ্চ রক্তস্তম্ভ করা হইত তাহা হইলে অগ্ন রক্ত অশ্ব-রক্তকে নলে আসিতে দিত না: কারণ উভয় রক্তের চাপ সমান বলিয়া এক বক্ত অন্ত বক্তকে বাহিবে ঠেলিয়া রাখিত। ইহা দারা প্রমাণিত হয় যে, ধমনীস্থ রক্তের চাপ সমান। এই নীতি গৃহীত হইলে অবিলম্বে দেখা বাইবে যে, বক্তচাপ নির্ণয়ার্থ ধমনী ছিল্ল করা অনাবশুক। বাহির হইতে ধমনীতে জোরে চাপ দিলেও ধমনীতে বক্তপ্রোত বন্ধ করা যায়। এখন যদি আমরাকোন উপযুক্ত যন্ত্রের সাহায্যে এই চাপ মাপিতে পারি তাহা হইলে কোন প্রকার কট না দিয়াই যে কোন ব্যক্তির রক্তচাপ নির্ণয় করা সম্ভব। এইরূপ যন্ত্র বৈজ্ঞানিকগণ কর্ত্তক আবিদ্ধৃত হইয়াছে। উহার নাম ম্পিগমো-ম্যানোমিটার। উক্ত যন্ত্র ভারা অনায়াসে বক্তচাপ নির্ণয় করা যায়।

## শীর্ষাসনে ও সর্বাঙ্গাসনে ও মৎস্থাসনে রক্তচাপ পরীক্ষা

বিখ্যাত পাশ্চাত্য চিকিৎসক সার ক্ষেম্স্ ম্যাকেঞ্জি তৎপ্রণীত "স্থাদ্রোগের চিকিৎসা" নামক প্রস্থে রক্তচাপ তালিকার উপর গৃহীত সিদ্ধাস্তের সমীচিনতা সম্বন্ধে সন্দেহ প্রকাশ করিয়াছেন। ব্রিটিশ মেডিক্যাল জার্নাল, আমেরিকান জার্নাল অব ফিজিওলজি ও এডিনবরা মেডিক্যাল জার্নাল প্রমুখ প্রসিদ্ধ পরিকাসমূহ গভ

বিশ বৰ্ষ বা ভদ্ধিক কাল যাবং বক্তচাণের চিকিৎসা সম্বন্ধে ৰছবিধ গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করিতেছেন। এইজন্ম বোম্বাইয়ের বিখ্যাত ভাক্তার ও যোগবিৎ কুবলয়ান**ন্দভী** যৌগিক ব্যায়ামে রক্তচাপ বৃত্তি বা হ্রাস নির্ণয়ার্থ অ**পুর্ব গবেষণা ক**রিয়াছেন। এগার জন নীরোগ তরুণকে সর্বাঙ্গাসন ও মংস্থাসনের জন্ম প্রস্তুত করা হইল। তাহাদের বয়স, উচ্চতা ও ওজন পরিমাপাত্তে সকালে ও সন্ধ্যায় দণ্ডায়মান ও শায়িত অবস্থায় বার্টন স্পিগ্মো ম্যানোমিটার দ্বারা ভাহাদের রক্তচাপ দেখা হইল। এইরূপে শীর্ষাসনেও রক্তচাপের পরীক্ষা করা হইয়াছে। উত্তোলিত পদ্বয় দেওয়ালে না ঠেকাইয়া শীর্বাসন করিলে বাহুদ্বস্থ পেশীসমূহের প্রচুর সঙ্কোচন হয়। ইহার ফলে কমুই ঘয়ের স্বাভাবিক রক্তস্রোত ক্লব্পায় হয়। এই জন্ম গোডালি-যুগল দেওয়ালে মৃত্বভাবে ঠেকাইয়া শীর্ষাসন করা হইল। ইহাতে দেখা গেল, গোড়ালিবয় দেওয়ালে ঠেকাইলে যে পৈশিক প্রচেষ্টা আবশ্যক হয় ভাহা নিরদম্ব আসন অভ্যাস অপেকা অনেক বেশী। শীর্ষাসনের প্রাথমিক শিক্ষার্থীগণের পক্ষে পৈশিক শক্তি যথেষ্ট পরিমাণে ব্যয়িত হইলেও কিছু কাল পরে কোন পৈশিক শক্তির দরকার হয় না! তখন দেখা যায়, পায়ের উপর দাড়াইলে যেমন কোন পৈশিক ক্রিয়া দরকার হয় না শীর্ষাসনে মাথার উপর দাঁড়াইলেও ঠিক তেমনি হয়।

প্রত্যেক সক্রিয় ব্যায়ামে পৈশিক সঞ্চালন হয় বলিয়া উহাতে রক্তচাপ কিঞ্চিৎ বাড়ে। পৈশিক সঙ্কোচন ও শিথিলভা নিমিত্ত ত্বংপিতের গতি বৃদ্ধি হয়। এইজক্ত বে শক্তিকয় হয় ভাহাতে দুষিত কার্বন ডাইওক্সাইড উৎপন্ন হয়। এই দেহবদ্ধকে ভগবান বিশ্বকর্মা এমন ভাবে গজিয়াছেন যে, এই বিষাক্ত বায়ু উৎপন্ন হওয়ামাত্র ভাহাকে দ্রীভৃত করার ব্যবস্থা আছে। রক্তশ্রোত এই বিষাক্ত বায়ুকে ভৎক্ষণাৎ ফুসফুসে লইয়া যায় এবং তথা হইতে উহাকে বহিদ্ধৃত করিয়া অক্সিজেন গ্রাহণ করে। সাধারণ অবস্থায় এই বিষাক্ত বায়ুর উৎপত্তি ও অপসারণ এমন ভাবে হর যে, তাহা আমরা ব্রিতে পারি না। এই দ্বিত বায়ু-বৃদ্ধি অতিরিক্ত হইলে ফুসফুস ক্রেভতর বেগে চলিতে আরম্ভ করে এবং দেহের রক্তশ্রোত অধিকতর ক্রত বেগে চলে। তথন শ্বাসগতি দীর্ঘতর ও ক্রেভতর হইয়া অধিকতর অক্সিজেন গ্রহণ করে। ফুসফুস সমস্ত বিষাক্ত বায়ু অপসারণে অসমর্থ হইলে এই বায়ু জমিয়া যায় ও দেহ ক্রান্ত হয়। কার্বন ডাইওক্সাইড বায়ুর না অপসারণই ক্রান্তির মূল কারণ। ক্রৎপিণ্ড ও ফুসফুস এই ক্রান্তির ফলে হর্বল হইয়া পঞ্চে। ক্রেভতর গতির নিমিত্ত কুসফুস লম্বা হইয়া যায় এবং রক্তচাপ বাড়ে।

ব্যায়াম যত উপ্র ( violent ) হয়, রক্তচাপ তত বাড়ে। দশ সেকেও এক শত গজ দৌছিলে রক্তচাপ ছই শত পর্যান্ত বাড়ে। উক্ত দৌড়ে দম বন্ধ থাকে বলিয়া ফুসফুসের ক্রিয়া তীব্র বেগে চলে। বদি এই দৌড় বিশ সেকেও করা হয় তাহা হইলে রক্তচাপ অল্পই বাড়ে। প্রথম প্রকার ব্যায়াম প্রচেষ্টামূলক এবং দিতীয় প্রকারক সহনশীল ব্যায়াম বলা বায়। উদপ্র ব্যায়াম প্রচেষ্টামূলক বলিয়া দীর্ঘকাল অভ্যাস করিলে ফুসফুস ছর্বল হইয়া পড়ে; কিন্তু সহনশীল বৌগিক ব্যায়ামে এই অনিষ্টের আশকা আদৌ নাই। কারণ ইহাতে গৈশিক শক্তি আদে ব্যায়াত হয় না বলিলেই

চলে। পৈশিক সক্ষোচন ও শিধিলতা যৌগিক ব্যায়ামে স্থান পায় নাই ৷ ইহাই যৌগিক ব্যায়ামের বিশেষত্ব বলিলে অভ্যুক্তি হয় না পৈশিক সঙ্কোচন ও শিথিলতাকে যাঁহারা ব্যায়াম বিশিয়া বিশ্বাস করেন তাহারা ব্যায়াম-বিজ্ঞান সমাক অবগত নন। সর্ব অক্টের ক্রপ্রবাহ নিয়মিত হইলে দেহস্ত যন্ত্রপ্রকি সক্রিয় থাকে। মাধ্যাকর্ষণের নিমিত্ত মাথায় রক্ত ঠেলিতে ফুসফুস ক্লান্ত হইয়া পড়ে। এইজ্ঞ মাথাঘোৱা প্রভৃতি রোগ জন্মে। অস্থস্থ ব্যক্তি হঠাৎ উঠিয়া দাড়াইলে তাহার মাথা ঘুরিতে থাকে। ইহার কারণ তাহার মাধায় আবশ্রকীয় রক্ত নাই। শীর্ষাসন করিলে এই সকল রোগ শীভ্র সারিয়া যায় এবং ফুসফুস বিশ্রাম পায়। এই জন্ম শীর্বাসন, স্থাক্সাসন ও মৎস্থাসনে রক্ত চাপ বুদ্ধি বা হ্রাসের সম্ভাবনা নাই। স্বামী কুবলয়ানন্দ বৈজ্ঞানিক পরীক্ষার ঘারা দেখিয়াছেন যে, শীৰ্ষাসনে বা স্বাক্সাসনে বক্তচাপ বাভে না ৷ নিঃশ্বাস ব্যায়ামে বা প্রাণায়ামেও এই ভয় নাই: রক্তচাপ বাছিলে শবাসন অভ্যাস উপকারী। বিশ্রাম বলিতে আমরা যাহা বুঝি তাহা নিতান্ত অমূলক। সম্পূর্ণ বিশ্রাম শ্বাসনেই সম্ভব। ব্রাণ্টন সাহেব ভংপ্রণীভ Therapeutics of the Circulation নামুক ইংরাজী প্রস্থে বলিয়াছেন, "সম্পূর্ণ বিশ্রাম কাহাকে বলে ভাহা রোগীদিগকে বুঝান বল্পতঃ অত্যন্ত কঠিন। ভাহারা মনে করে যে, বাড়ীতে थाकि लाहे विश्वाम दय : किन्ह जाहाता घन घन मि कि पिया (पांजनाय উঠিতে বা নামিতে পারে। সি<sup>\*</sup>ডি দিয়া উঠিতে গেলে কি পেশী-শক্তি ব্যয় হয় ভাহা অল্ল লোকই বৃঝিতে পারেন। হই পায়ের পেশীগুলির উপর দেহভার এমন ভাবে বিভক্ত আছে বে, আমরা

তাহা বৃঝিতে পারি না। মনে কক্লন যদি রোগীর ওক্লন ১৫০ পাউও হয় এবং তাহাকে একটি বাস্কেটে রাখিয়া দড়ি দিয়া দোতলায় টানিয়া তৃলিতে হয় তাহা হইলে যে ফুট-পাউও শক্তির প্রয়োজন হয় তাহা সহজেই বৃঝা যায়। কুন্তি, দৌড়, সাইকেল চড়া, দাঁড় টানা প্রভৃতি ব্যায়ামে ফুসফুস হবল হয় ও রক্তচাপ বাড়ে। এইজন্ম যাহারা রক্তচাপ রোগে ভুগিতেছেন তাঁহাদের পক্ষে এই সকল ব্যায়াম নিষিদ্ধ; কিন্তু যৌগিক ব্যায়াম ধীরে ধীরে অভ্যাস করিলে ফুসফুসের সবলভা বাড়েও রক্ত চাপ স্বাভাবিক হয়।

#### ধৌতি

ধৌতি ছয়টী যৌগিক প্রক্রিয়ার অশুতম। ইহার অভ্যাসে
নরদেহ অলোকিক যোগশক্তি ধারণে সমর্থ হয়। এক খণ্ড বস্ত্র দিয়া
উদরকে এই প্রক্রিয়ায় ধৌত করা বায়। উক্ত বস্ত্র তিন ইঞ্চি
চওজা এবং সাড়ে বাইশ ফুট লম্বা। এই বস্ত্রখণ্ডকেই ধৌতি
বলে। বস্ত্রখণ্ড স্ক্র স্ত্রে নির্মিত হওয়া চাই। মসলিন কাপজ্
বিশেষ উপযোগী। অনেকের ধারণা, বস্ত্রখণ্ডের প্রস্তু কমাইয়া
দিলে মোটা কাপজ্ ব্যবহার করা চলে; কিন্তু এই ধারণা সত্য
নহে। বস্ত্রখণ্ড উদরে প্রবিষ্ট হইলে উদর উহাকে কামজাইয়া ধরে
এবং এক প্রকার মন্থন আরম্ভ করে। পাকস্থলীর পৈশিক প্রাচীর
উদরস্থ বস্তুমাত্রকে মর্দন করে। মুখের মধ্যে যে মস্থা পদা আছে,
পাকস্থলীতেও তত্ত্রপ পদা বিশ্বমান। যদি ধৌতি বস্ত্র মোটা হয়,
উহার সহিত বর্ষণ দারা উদরের মস্থা চর্ম ছি জিয়া যাইতে পারে।
যদি ধৌতি বস্ত্র মস্থা হয় উদরস্থ প্রান্থিসমূহ সক্রিয় ছইয়া উঠেঃ

মোটা কাপভ গিলিতেও কষ্ট হয় এবং জোর করিয়া গিলিলে গলদেশস্ত চর্ম ছি ভিয়া যাইতে পারে। ধৌতি বস্ত্র বেন জোড়া দেওয়া না হয়। উহা অখণ্ড ও অছিল হওয়াই উচিত। কারণ যত সুক্ষভাবে বস্ত্রধণ্ডগুলি সেলাই করা হটক না কেন. জোড়া দেওয়া স্থান কিঞ্চিৎ মোটা হইবে। উহার ছুই লম্বা পাশ কিঞ্চিৎ মৃভিয়া সেলাই করা ভাল। নচেৎ কোন সূত্রখণ্ড খুলিয়া আলজিভ প্রভৃতি স্থানে আটকাইয়া যাইতে পারে। ধৌতি বস্ত্র পরিকার ভাবে গরম জলে ধৃইয়া নেওয়া দরকার। অস্ততঃ দশ মিনিট গরম জলে উহাকে না রাখিলে উহার ময়লা কাটিবে না। কাপভ্খানি গুটাইয়া হাতে ধরিতে হইবে। গুদ্ধ জলে ডুবাইয়া এবং সামাস্ত ভাবে নিংড়াইয়া লইলে উহাকে সহজে গিলিয়া ফেলা যাইবে। আর্ক্র জলশৃত করিয়া নিংড়াইলে মুখে দেওয়ামাত্র ইহা সব লালা টানিয়া লয়। তখন উহাকে গিলিয়া ফেলা খুব কঠিন। আর উক্ত কাপড়ে জল বেশী থাকিলে মুখের লালা পাতলা হইয়া যাইবে। তর্জনী ও মধামা অঙ্গুলিছয়ে বস্ত্রখণ্ডের শেষ অংশ ধরিয়া ধীরে ধীরে গলার মধ্যে ঠেলিয়া দাও এবং এক গ্রাস অন্নের মত ধীরে ধীরে গিলিতে চেষ্টা কর। দাঁতে কাপড় ধরিয়া জিহুবার দারা উহাকে চর্বিত আহার্য্যের স্থায় গিলিতে চেষ্টা কর। কৃটি ও মাধন গেলার ক্রায় বস্ত্রখণ্ডকে গিলিতে হইবে। প্রথম শিক্ষার্থী প্রথম দিবসে কয়েক ইঞ্চি বস্ত্র গিলিলেই যথেষ্ট হইবে। প্রভাহ ৰার হইতে আঠার ইঞ্চি কাপড় গিলিতে চেষ্টা করিলে হুই সপ্তাহের মধ্যে থৌতি ক্ৰিয়া শেৰা যায়। কেহ কেহ প্ৰথম প্ৰচেষ্টায় খুব কাশিতে আরম্ভ করে এবং চক্ষে অন্ধকার দেখে এবং নাকে জল

পড়ে। যদি ছই তিন দিন চেষ্টার পরেও কাশি না থামে বা চোখে জল পড়াবন্ধ না হয়, অন্য উপায় অবলয়নীয়। বস্তাধও জলে না ডুবাইয়া ছথে কিছু চিনি মিশাইয়া ডুবাইলে ভাল হয়। উহা ছম্মযুক্ত থাকিলে মূথে লালা বেশী নিঃস্ত হয়। পরে ছখের পরিবর্তে জলেই বস্ত্ৰ ভিজাইয়া লইতে হইবে। অন্তত: এক ফুট কাপড় মুখের বাহিরে রাখাই নিরাপদ। নচেৎ হঠাৎ অক্সমনক্ষ হইলে উহা পেটের মধ্যে চলিয়া যাইতে পারে। যদিও উড্ডীয়ান ও নৌলী ধৌতি ক্রিয়ার অঙ্গীভূত নয় তথাপি অনেকে বস্ত্রখণ্ড গলাধঃকরণ করিয়া উড্ডাইন ও নৌলী করে। ধৌত বস্ত্র উদরে যাইয়া পাকস্থলীর পিত্তরস ও অক্যান্ত এসিড টানিয়া লয় এবং ঘর্ষণ দারা চর্ম ও শ্লৈমিক বিলীর দেওয়ালকে সভেন্ধ করে। উক্ত কার্য্য উড্ডীয়ান ও নৌলী ঘারা বহু গুণে বাড়ে এইজন্ম ধৌতিকালে উড্ডীয়ান ও নৌলীর বিধান অনেকে দিয়া থাকেন। কেহ কেহ ভয় করেন যে, ধৌতি-कारम উड्डोग्रान ७ तोनी कतिरम वक्षचं छेन्द्र काथा छ আটকাইয়া থাকিতে পারে। ব্যাপক অভিচ্চতা হইতে আমরা ইহা নি:সংশয়ে জানিয়াছি যে এই আতঙ্ক অমূলক !

কেই কেই থেতিকালে বমি করতে থাকে। এই বিষয়ে সতর্কতা অবশ্য অবলম্বনীয়। বস্ত্রখণ্ড গিলিতে বত্তই সময় লাগুক না কেন অগ্র ভাগ উদরস্থ হইবার কুড়ি হইতে পঁচিশ মিনিটের বেশী সময় উহাকে তথায় রাখা উচিত নয়। পাকস্থলীতে কোন খাজ পড়িলে কিছুক্রণ মর্দনের পরে উহাকে নিম্ন দিকে ঠেলিয়া দেওয়া হয় স্থতরাং বস্ত্রখণ্ড অধিক কণ উদরে থাকিলে উহা ডিউডিনাম এবং জেজুনাম পর্যান্ত চলিয়া বাইতে পারে। ইহা অবাহ্নীয় এবং

অনিষ্টকর। কারণ তথা হইতে বস্ত্রখণ্ড টানিয়া আনিবার সময় অনিষ্টের আশবা থাকিতে পারে। দণ্ডায়মান অবস্থায় উড্ডীয়ান করিবার সময় ধৌতি ক্রিয়া অভ্যাস করা যায়: পেট হইতে কাপভ্যানি টানিয়া আনা খুব সহজ। কারণ তথন উদরস্থ রসে উহা সিক্ত ও পিচ্ছিল হইয়া উঠে। মুখ ব্যাদান করিয়া ধীরে ধীরে বস্ত্রখণ্ড টানিয়া বাহিরে আনিতে হয়। ধৌতি ক্রিয়ায় ডান ও ৰাম হস্ত যথাক্ৰমে ব্যবহাৰ্য্য। ধৌতির পরে গলায় ব্যথা হইলে ছুই ভিন দিন ৰিশ্ৰাম নেওয়া উচিত। ধৌতি বস্ত্ৰ মুখ হইতে ৰাহির করিয়া একটি পাত্তে রাখিবে এবং পরে সাবান দিয়া ধুইয়া পরম জলে দশ মিনিট সিদ্ধ করিবে। অনস্তর উহাকে পরিকার জলে ধুইয়া ধুলিশৃক্ত স্থানে শুকান দরকার। রৌজে শুকাইয়া উহাকে ভটাইয়া স্যত্নে রাখিতে হইবে। তাহা হইলে এক খণ্ড ব্স্তে তিন মাস চলিতে পারে। বস্ত্রের কোন ছিন্ন অংশ উদরে আটকাইয়া থাকিলে কোন এমেটিক ঔষধ খাইলে ৰমি হইয়া যাইবে ও ছিল খও ৰাহির হইয়া আসিবে। সোডিয়াম ক্লোরাইড অথবা সাধারণ লৰণ কয়েক চামচ ১০৷১৫ আউল জলে মিশাইলে ভাল এমেটিক ওঁবধ প্রস্তুত হয়। প্রাতঃকালে যখন পাকস্থলী থালি থাকে ভ্ৰন খৌতি ক্ৰিয়া অভ্যাস করিবে। পাকস্থলী খালি কিন্ত কুত্র অস্ত্র মলে পূর্ণ হইলে খৌতি ক্রিয়া সম্ভোবজনক হয় না। কারণ কোষ্ঠ পরিষার না থাকিলে উজ্জীয়ান ও নৌলী ভালভাবে করা যায় না। লঙ্কাও তেঁতুল ধৌডি ক্রিয়া অভ্যাস কালে না ধাওয়াই উচিত।

বস্তি ক্রিয়। দ্বারা মলভাগু সম্যক্ বিধোত হয়। নোলী সহায়ে জল দিয়া মলভাগু ধোত করাকে বন্তি বলে। নোলী ক্রিয়ায় অভ্যস্ত না হইলে বস্তি করা অমুচিত। নোলী না জানিয়া বস্তি করিলে কোলনে (মলভাগু) জল থাকিয়া যাইতে পারে। ইহা অনিষ্টকর। নোলী অভ্যাসে কোলন সবল, তলপেট মুস্ত ও মলদ্বারের রেচন শক্তি সমৃদ্ধ হয়। যতটুকু জল বস্তি ক্রিয়ায় ভিতরে ঠেলিয়া দেওয়া হয় ভাহা নিঃশেষে বাহির করিয়া দিতে হয়। বস্তিতে একটী বাঁশের চোলা বা নল ব্যবহার করা ভাল। উক্ত নলের ছিন্ত টু ইঞ্চি, দৈর্ঘ্য ৪ ইঞ্চি এবং উহা দ্বিভ ইঞ্জি পুরু হওয়া দরকার। উহার ছই মুখ মন্ত্ব রাখিতে হইবে, নচেৎ মলদ্বারে আঘাত লাগিতে পারে।

পুরাকালে নদীতীরে বন্তি অভ্যাস করা হইত। প্রথম শিক্ষার্থী কিঞিং বক্রভাবে নদীন্ধলে দাঁড়াইয়া মলদ্বার পর্যান্ত জলে ডুবাইয়া নোলী ক্রিয়া করিবে। ছই হাত ছই উক্লতে শুল্ড থাকিবে এবং দেহের উর্জ্ব ভাগ সন্মুখ দিকে ঝুঁকিয়া পড়িৰে। বাঁশ নলটিতে দি মাখাইয়া উহার ও অংশ গুহু দ্বারে চ্কাইবে এবং ও অংশ বাহিরে রাখিবে। অনন্তর স্থির ভাবে মধ্যম নৌলী অভ্যাস করিবে; কিন্তু রেক্টাস পেশীদ্বয় বাম বা ডান দিকে চালিভ করিবে না। বছক্ষণ নিঃখাস ত্যাগ করিয়া বাহিরে দম বন্ধ রাখা চলে ভতক্ষণ বন্ধি করিবে। নৌলী করা মাত্রই নল দিয়া ভিতরে জল চুকিবে। বন্ধির পরে দম ছাভ্য়া নিঃখাস লইবে ও মলভাত্তের জল রেচন করিবে। এখন স্বাভাবিক শ্বাসগতি চলিবে। নদীর অভ্যাবে বাথ টাব বা এনামেল ট্রে ব্যবহার করা বার। ট্রে এভ বড় হওয়া দরকার, বাহাতে মলদ্বারের এক ইঞ্চি পুরিমাণ জলের

নীচে ডুবান যায়। মলভ্যাগের জ্বল্ল পায়ধানার পরিবর্ত্তে বেডপ্যান বা কমোড ব্যবহার্য। ট্রে ব্যবহার করিলে পায়ের উপর বসিয়া বস্তি করিবে। বাঁশ নলের স্থানে মোটা রবার নল হইলেও চলিবে।

অধিক জল ভিতরে লইলে যে বেশী কোষ্ঠ পরিষার হয় ইহা স্ত্য নহে। বেশী জল ঢুকাইলে কোষ্ঠ-ক্ষীতির আশকা বিভাষান। যদি প্রথম বস্তিতে বুহদযন্ত্রস্থ সব মল জলের সহিত নির্গত না হয় আধ ঘণ্টার পরে আর এক বার বস্তি করা যায়। যৌগিক ৰস্তির বিধি অনুসারে অল জল গ্রহণই নিরাপদ ও উপকারী। বৃষ্টি অভ্যাসকারী কেবল লঘু মধ্যাহ্ন ভোজন করিবে ও রাত্তে উপবাসী थाकिरव ' मित्र प द्रार्ख श्राह्य श्रिमार पाम पाइरव। সান্ধ্য ভোজন যত লঘু হয় ততই ভাল এবং পাকস্থলী বিশ্রাম পায়। লঙ্কা, ভেঁতুল, পেঁয়াজ, রস্থন প্রভৃতি উগ্র ও উত্তেজক দ্রব্য বৰ্জনীয়: বৃত্তি ক্ৰিয়া বোগ নিবাৰক। প্ৰাভঃকাল বৃত্তি ক্ৰিয়াৰ পক্ষে প্রশস্ত। প্রাভ্যহিক মলভ্যাগান্তে বস্তি করিবে। যদি সন্ধ্যায় বা রাত্রিতে বস্তি করিতে হয়, আহারের অস্ততঃ ছয় ঘণ্টা পরে कतिरव। नत्हर, वश्चित्र व्यथान व्यक्त नोनी घाता उपत्रकृ व्यक्तापि ক্রতবেগে ভালভাবে পরিপাক না হইয়া অন্তে চলিয়া বাইবে। প্রাত:কালে কিছু না খাইয়াই বন্তি করিবে। বন্তি করিলে কোষ্ঠ কাঠিত চিরভরে বিদ্রিভ হয়। যৌগিক প্রক্রিয়া ঔবধ অপেকা বছ গ্রাণে অধিক ফলপ্রাদ ও স্বাস্থ্যকর। বত ঔবধ খাইবে ততই দেহ বিষাক্ত ও রোগক্লিষ্ট হইবে। যৌগিক প্রক্রিয়া অভ্যাস করিলে আরোগ্য ও আয়ু হুই লাভ হয়। হরি ওঁ ভৎ সং।